

# ধম্মপদ

ভিক্ষু শীলভদ্র

# কল্পতরু বই পিডিএফ প্রকল্প

কল্পতরু মূলত একটি বৌদ্ধধর্মীয় প্রকাশনা প্রতিষ্ঠান। ২০১৩ সালে "হৃদয়ের দরজা খুলে দিন" বইটি প্রকাশের মধ্য দিয়ে এর যাত্রা শুরু। কল্পতরু ইতিমধ্যে অনেক মূল্যবান ধর্মীয় বই প্রকাশ করেছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। কল্পতরু প্রতিষ্ঠার বছর খানেক পর "kalpataruboi.org" নামে একটি অবাণিজ্যিক ডাউনলোডিং ওয়েবসাইট চালু করে। এতে মূল ত্রিপিটকসহ অনেক মূল্যবান বৌদ্ধধর্মীয় বই pdf আকারে দেওয়া হয়েছে। সামনের দিনগুলোতে ক্রমান্বয়ে আরো অনেক ধর্মীয় বই pdf আকারে উক্ত ওয়েবসাইটে দেওয়া হবে। যেকেউ এখান থেকে একদম বিনামূল্যে অনেক মূল্যবান ধর্মীয় বই সহজেই ডাউনলোড করতে পারেন। আমাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে, বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে লাখো মানুষের হাতের কাছে নানা ধরনের ধর্মীয় বই পৌঁছে দেওয়া এবং ধর্মজ্ঞান অর্জনে যতটা সম্ভব সহায়তা করা। এতে যদি বইপ্রেমী মানুষের কিছুটা হলেও সহায় ও উপকার হয় তবেই আমাদের সমস্ত শ্রম ও অর্থব্যয় সার্থক হবে।

আসুন ধর্মীয় বই পড়ুন, ধর্মজ্ঞান অর্জন করুন!
জ্ঞানের আলোয় জীবনকে আলোকিত করুন!

This book is scanned by Rahul Bhikkhu

DHAMMAPADA

By

Bhikkhu Shilbhadra

3rd. Edition Revised, 1999

Publisher :—

Sri D. L. S. Jayawardana

Maha Bodhi Book Agency

4A, Bankim Chatterjee Street, Calcutta-700073

সংশোধিত তৃতীয় সংস্করণ ১৯৯৯

প্রকাশক :—

শ্রী ডি. এল. এস. জয়বর্ধন

মহাবোধি বুক এজেন্সী

৪এ, বঙ্কিম চ্যাটার্জী ষ্ট্রীট, কলিকাতা-৭০০০৭৩

প্রিণ্টার :—

পঞ্চানন জানা

জানা প্রিণ্টিং কনসার্ন

৩০/১বি, শ্রীগোপাল মল্লিক লেন

কলিকাতা-৭০০০১২

মূল্য ত্রিশ টাকা ( 30/- )

ISBN 81—87032—19—7

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

**ডক্টর প্রবোধচন্দ্র বাগচী** এম্, এ, পি, এইচ, ডি

মহোদয় লিখিত

# মুখবন্ধ

ধম্মপদ বৌদ্ধধর্ম্মের একখানি প্রাচীনতম ও শ্রেষ্ঠ গ্রন্থ। যদি পালি ভাষায় রচিত না হয়ে সংস্কৃতে রচিত হত তাহলে এ গ্রন্থ শ্রীমদ্ ভগবদ্গীতার মতই সমাদর পেত। অবশ্য একথা বলাই বাহুল্য যে বৌদ্ধ জগতে তার স্থান গীতার মতই উচ্চে। ধম্মপদের শ্রেষ্ঠত্ব হচ্ছে ভাব ও ভাষায়। ভাষা সহজ ও মর্ম্মস্পর্শী, ভাব অতি উচ্চ, গৌতম বুদ্ধের শিক্ষার শ্রেষ্ঠ সম্পদ তার অন্তর্নিহিত। উপরন্তু সেই ভাব প্রকাশিত হয়েছে এমন সুষ্ঠু ও সুন্দর উপমার সাহায্যে যা প্রতি ভারতবাসীর চিরপরিচিত।

ধম্মপদের রচয়িতা কে সে আলোচনা নিষ্প্রয়োজন। ভগবান্ বুদ্ধের বাণী বা তার গাথানুবাদ এ গ্রন্থে নিবদ্ধ হয়েছে এ কথা মনে করা অসঙ্গত নয়। গাথাগুলির মধ্যে অনেকাংশ বৌদ্ধ গ্রন্থগুলির মধ্যে ইতস্ততঃ বিক্ষিপ্তভাবে দেখতে পাওয়া যায়। কিন্তু সেজন্য এ কথা মনে করা ভুল যে ধম্মপদ একখানি সংগ্রহ গ্রন্থ। গাথাগুলির পারম্পর্য্য ও বিষয় বস্তুর সুসংবদ্ধভাব হতে বেশ বুঝতে পারা যায় যে মুখ্যত এ একখানি মৌলিক গ্রন্থ। নানা শ্লোক সংগ্রহ করে পরে এর কলেবর বৃদ্ধি করা হয়েছিল।

ধম্মপদ অতি প্রাচীন কাল হতেই নানা ভাষায় প্রচলিত ছিল। সংস্কৃত ভাষায় লিখিত 'উদানবর্গ' মূলতঃ সর্ব্বাস্তিবাদ সম্প্রদায়ের

ধম্মপদ। সম্প্রদায় বিশেষের ধম্মপদ প্রাকৃত ভাষায় ও রচিত হয়েছিল। এই দুই গ্রন্থ মধ্য এশিয়ার ধ্বংসস্তূপ হতে আবিষ্কৃত ও আংশিকভাবে প্রকাশিত হয়েছে। তা ছাড়া এ গ্রন্থের একাধিক চীনা অনুবাদ আছে। এই সমস্ত গ্রন্থের তুলনামূলক বিচার হলে ধম্মপদের প্রাচীন মৌলিক রূপের সন্ধান মিলবে।

এই সমস্ত কারণে বৌদ্ধধর্ম্মের এই অমূল্য সম্পদের বহুল প্রচারের আবশ্যক আছে। ভিক্ষু শীলভদ্রের এই অনুবাদ সমাদর পাবার যোগ্য। তাঁর লেখনী হতে ইতিপূর্ব্বে সুত্ত নিপাতের বাংলা অনুবাদ প্রকাশিত হয়েছে। তাঁর অনুবাদগুলি পথ প্রদর্শকের কাজ করবে। পালি ভাষায় তাঁর প্রগাঢ় ব্যুৎপত্তি আছে। তাঁর অনুবাদের ভাষা সরল ও সহজবোধ্য; মূল গ্রন্থের ভাব ও ভাষার সরলতা রক্ষায় তিনি বিশেষ যত্নবান। উপরন্তু বৌদ্ধধর্ম্মের মূল সূত্রগুলি সম্বন্ধে তাঁর জ্ঞান এত সুস্পষ্ট যে বৌদ্ধধর্ম্মের পারিভাষিক শব্দগুলির তিনি যে অনুবাদ করেছেন তা যথাযথ। এইজন্য তাঁর এই নূতন অনুবাদ উচ্চ প্রশংসা পাবার যোগ্য এবং সে প্রশংসা যে এই গ্রন্থ পাবে তাতে সন্দেহ নাই।

---

# ভূমিকা

[ প্রথম সংস্করণ ]

ধম্মপদ বৌদ্ধ ত্রিপিটকের সুত্তপিটকান্তর্গত খুদ্দকনিকায়ের অন্যতম গ্রন্থ। হিন্দুদিগের মধ্যে ভগবদ্গীতার স্থান যেরূপ উচ্চে এবং উহা যেরূপ সম্মানিত, বৌদ্ধদিগের মধ্যে ধম্মপদও তদ্রূপ। আমাদিগের কৃত দীর্ঘনিকায়ের অনুবাদের ভূমিকায় ত্রিপিটকের উৎপত্তি ও বিভাগ বর্ণিত হইয়াছে। সুতরাং এই স্থলে উহার পুনরাবৃত্তি নিষ্প্রয়োজন মনে করিলাম। পাঠকবর্গ অনুগ্রহপূর্ব্বক উক্ত ভূমিকা দেখিয়া লইবেন।

প্রবাদ আছে যে, ধম্মপদের অপ্পমাদবগ্গ সম্রাট অশোকের নিকট আবৃত্ত হইয়াছিল, সুতরাং ইহা বলিতে পারা যায় যে খৃঃ পূঃ তৃতীয় শতকে পালি ধম্মপদের অস্তিত্ব ছিল। পরবর্ত্তীকালে মূল পালিগ্রন্থের সংস্কৃত ভাষায় একাধিক রূপান্তর প্রকাশিত হইয়াছিল। চীন ভাষায় উহার যে অনুবাদ হইয়াছিল তাহা উক্ত সংস্কৃত রূপান্তর হইতে।

যে দুইটি শব্দের ( ধম্ম এবং পদ ) সংযোগে পুস্তকের নাম ধম্মপদ হইয়াছে, ঐ দুইটী শব্দের অর্থ সম্বন্ধে একাধিক মত দৃষ্ট হয়। বৌদ্ধ গ্রন্থ সমূহে 'ধম্ম' শব্দ বিভিন্ন অর্থে প্রযুক্ত হইয়াছে। উহার অর্থ কখন প্রকৃতি, কখন বা গুণ, কখন পদার্থ, কখন মতবাদ, কখন প্রাকৃতিক নিয়ম, কখন বা ধর্ম্মমত। 'পদ' শব্দের অর্থ সোপান, পদ, পথ, স্থান ইত্যাদি। এইরূপে ধম্মপদ শব্দ নানারূপে অনুবাদিত হইয়াছে, যথা—ধর্ম্মের পথ, ধর্ম্মের সোপান, সত্যের মার্গ ইত্যাদি। ধম্মপদ গ্রন্থে 'ধম্ম' শব্দ অন্ততঃ পক্ষে চারিটি বিভিন্ন অর্থে প্রযুক্ত হইয়াছে, যথা—(১) ধর্ম্মমত অর্থাৎ ধর্ম্ম বলিতে সাধারণতঃ আমরা যাহা বুঝি তাহা, অথবা বুদ্ধ প্রচারিত সত্য, (২) বস্তু কিম্বা রূপ, (৩) জীবন ধারা এবং (৪) গুণ। দৃষ্টান্ত স্বরূপ—প্রথম বর্গের ৫ম

শ্লোকের 'এস ধম্মো সনন্তনো' এই বাক্যে 'ধম্ম' শব্দ প্রথমোক্ত অর্থে ব্যবহৃত হইয়াছে। দ্বিতীয় বর্গের একাদশ শ্লোকে 'সম্মদক্খাতে ধম্মে' এই বাক্যে ঐ একই অর্থে 'ধম্ম' শব্দ ব্যবহৃত হইয়াছে। বিংশতি বর্গের ৭ম শ্লোকে 'সব্বে ধম্মা অনত্তাতি' এই বাক্যে 'ধম্ম' দ্বিতীয় অর্থে ব্যবহৃত হইয়াছে। ত্রয়োদশ বর্গের ১ম শ্লোকে 'হীনং ধম্মং ন সেবেয্য' এই বাক্যে 'ধম্ম' তৃতীয় অর্থে প্রযুক্ত হইয়াছে। প্রথম বর্গের প্রথম শ্লোকে 'মনোপুব্বংগমা ধম্মা' এই বাক্যে 'ধম্ম' শব্দ চতুর্থ অর্থে প্রযুক্ত হইয়াছে।

দ্বিতীয় বর্গের ১ম শ্লোকে 'পমাদো মচ্চুনো পদম্, অষ্টাদশ বর্গের বিংশতি শ্লোকে 'আকাসে পদং নত্থি' প্রভৃতি স্থানে 'পদ' শব্দের অর্থ প্রদর্শিত হইয়াছে। কিন্তু অষ্টম বর্গের ১ম, ২য় ও ৩য় শ্লোকে উক্ত অত্থপদ, গাথাপদ এবং ধম্মপদ এই শব্দগুলি হইতে 'পদ' শব্দের অর্থ সূত্র অথবা বচন অনুমিত হয়। এইরূপে ধম্মপদ শব্দের অর্থ বুদ্ধবচন হওয়া যুক্তি সঙ্গত।

গ্রন্থের গাথাগুলি মর্ম্মস্পর্শী। চিন্তাশীল মাত্রেরই হৃদয়ে ঐ গুলি আঘাত করিবে। উহারা সর্ব্বজগতে সর্ব্বকালে সর্ব্বশ্রেষ্ঠ মনীষিগণের অনুভূত জ্ঞান হইতে প্রসূত। সর্ব্বসাধারণের উপযোগী করিয়া রচিত হইয়াছে বলিয়া গ্রন্থের রচনা পদ্ধতি সরল ও সুবোধ্য। সেই জন্যই ধম্মপদের জনপ্রিয়তা বিস্ময়কর। উহা বিহার বা অরণ্যবাসী। ভিক্ষু এবং গৃহী কর্ত্তৃক সমভাবে আবৃত্ত হইত। জীবন হইতে যে সকল উপমা গৃহীত হইয়া গ্রন্থে সন্নিবেশিত হইয়াছে তাহা উল্লেখযোগ্য দুই একটি এই স্থানে উদ্ধৃত হইল ঃ—পব্বতট্ঠো ব ভুম্মট্ঠে ধীরো বালে অবেক্খতি ( ২য় বর্গ—৮ম শ্লোক ) ; বারিজো ব থলে খিত্তো······ পরিফন্দতিদং চিত্তং···( ৩য় বর্গ—২য় শ্লোক ) ; সব্বা তে ফাসুকা

ভগ্‌গা গহকূটং বিসং—খিতং ( একাদশবর্গ—৯ম শ্লোক ) সন্তুং গামং মহোঘো ব...( ৪র্থ বর্গ—৪র্থ শ্লোক )।

বৌদ্ধ ধৰ্ম্ম ও নীতির সার ধম্মপদে সংগৃহীত। চারি আর্য্য সত্য বৌদ্ধ ধৰ্ম্মের ভিত্তি, যথা—(১) দুঃখ, (২) দুঃখের উৎপত্তি, (৩) দুঃখের নিরোধ এবং (৪) দুঃখ শান্ত কারী আর্য্য অষ্টাঙ্গ মার্গ। যিনি বুদ্ধ, ধৰ্ম্ম ও সঙ্ঘের শরণ গ্রহণ করেন, যিনি উক্ত চারি আর্য্য সত্য সম্যক-রূপে উপলব্ধি করেন, তিনি সৰ্ব্বদুঃখ হইতে মুক্ত হন। ( চতুর্দ্দশ বর্গ—শ্লোক সং ১২-১৩-১৪ )।

একাদশ বর্গের ৩—৫ শ্লোকে মনুষ্য জীবনের অশেষ দুঃখ, বার্দ্ধক্য ও জরা, জন্ম ও মৃত্যুর প্রতি বিশেষভাবে দৃষ্টি আকর্ষিত হইয়াছে। পঞ্চদশ বর্গের ৬ষ্ঠ শ্লোকে উক্ত হইয়াছে "স্কন্ধ সমূহের ন্যায় দুঃখ নাই।" "পুনঃ পুনঃ জন্ম গ্রহণ দুঃখ" ( একাদশ বর্গ—৮ম শ্লোক )। এই দুঃখের সংহারই সুখ, ইহা ২৩ বর্গের ১২ শ্লোকে কথিত হইয়াছে। চতুর্দ্দশ বর্গের ১৬ নং শ্লোকে ঘোষিত হইয়াছে যে, বুদ্ধের উৎপত্তি, তাঁহার **ধৰ্ম্মের** দেশনা এবং তৎপ্রতিষ্ঠিত সঙ্ঘ লোক হিতকর। তৃষ্ণাই দুঃখের মূল, মনুষ্যের অশেষ দুর্গতি ঐ তৃষ্ণা হইতেই উৎপন্ন হয়, অতএব ঐ তৃষ্ণা পরিহর্ত্তব্য—ইহা ২৪শ বর্গের ৯—১০ শ্লোকের উক্তি। চতুর্দ্দশ বর্গের ২য় শ্লোক সগর্ব্বে কহিতেছে —যিনি তৃষ্ণাকে পরাভূত করিয়াছেন, পার্থিব ও দিব্য কোন শক্তিই তাঁহাকে চালিত করিতে পারে না।

আকাশে, সমুদ্র মধ্যে, পৰ্ব্বত বিবরে···যেখানেই যাও, পাপের ফল তোমাকে পাইতেই হইবে, ইহা নবম বর্গের ১২শ ও ১৩শ শ্লোকের সতর্কীকরণ। আত্মনির্ভরতার গুরুত্ব প্রকাশ করিয়া দ্বাদশ বর্গের ৪র্থ শ্লোকে উক্ত হইয়াছে—আপনিই আপনার আশ্রয়, উহা ভিন্ন অন্য আশ্রয় আর কেহই নাই। ঐ বর্গের ৯ম শ্লোক কহিতেছে,—একে অন্যকে

শুদ্ধ করিতে পারে না, নিজের শুদ্ধি সাধন নিজেই করিতে হইবে। যে মনুষ্য তৃষ্ণাধীন সে মাত্র দেহের নিপীড়নকারী তাপসিক আচরণ দ্বারা আপনাকে শুদ্ধ করিতে পারে না, ( ১০ম বর্গ—১৩শ শ্লোক )। ঐ বর্গের ১৩শ শ্লোকে বিশুদ্ধির মার্গ কথিত হইয়াছেঃ সর্ব্ববিশ্ব অনিত্য, সর্ব্ববিশ্ব দুঃখ, সর্ব্ব বস্তু অনাত্ম, ইহার যথার্থ উপলব্ধি বিশুদ্ধির মার্গ। চতুর্দ্দশ বর্গের ৫ম শ্লোকে বুদ্ধদিগের উপদেশ সংক্ষেপে কথিত হইয়াছেঃ—সর্ব্ব পাপ হইতে বিরতি, কুশলের সম্পাদন এবং স্বচিত্তের শুদ্ধি। ধম্মপদে যে সকল জ্ঞানগর্ভ বাক্য সংগৃহীত, তন্মধ্যে কয়েকটি অতি সংক্ষেপে উপরে সূচিত হইল।

ধম্মপদ ইউরোপের লাটিন, ফরাসী, ইংরাজী, জর্ম্মাণ প্রভৃতি ভাষায় অনুবাদিত হইয়া অশেষ সমাদর লাভ করিয়াছে। অধ্যাপক আলবার্ট, জে, এড্‌মণ্ডস্ তাঁহার কৃত ধম্মপদের ইংরাজী পদ্যানুবাদের ভূমিকায় লিখিয়াছেন—"দুই সহস্র বৎসরের রোমীয় ও খৃষ্টীয় সংস্কৃতির পর আজ তাহার ( ধম্মপদের ) গাথাগুলি ইউরোপ ও আমেরিকার প্রত্যেক শিক্ষাকেন্দ্র হইতে প্রশংসার স্তুতি লাভ করিয়াছে।"

ধম্মপদের বিশ্বজনীন উপদেশের সহিত কোন ধর্ম্মেরই সংঘর্ষণ হওয়া অসম্ভব। উহা জগতের কোন ধর্ম্মেরই বিরোধী নহে। এই কারণে উহা হিন্দু, বৌদ্ধ খৃষ্টান, মুসলমান সকলেরই পাঠ্য।

উমা বিলাস<br>
২৯, একডালিয়া প্লেস,<br>
বালিগঞ্জ, কলিকাতা।

**শীলভদ্র**

# ভূমিকা
## [ তৃতীয় সংস্করণ ]

প্রায় সমগ্র ত্রিপিটক সাহিত্য ইউরোপীয় পণ্ডিতগণ ইংরেজী ভাষায় অনুবাদ করেছেন। বিরাট বৌদ্ধ সংস্কৃত সাহিত্যও চীন ও তিব্বতে অনূদিত হয়েছে। ঊনবিংশ শতাব্দীর শেষাংশ হতে বাঙালী পণ্ডিত ও বৌদ্ধ ধর্মানুরাগীরা বাংলা ভাষায় বৌদ্ধ শাস্ত্রের অনুবাদ কাজে অগ্রসর হয়েছেন। বঙ্গীয় সাহিত্য পরিষৎ, মহাবোধি সোসাইটি, রেঙ্গুন বৌদ্ধ মিশন। চট্টগ্রাম বৌদ্ধ বিহার এবং ধর্মাঙ্কুর বিহার নামক বাঙালী প্রতিষ্ঠানকে কেন্দ্র করে পালি সাহিত্যের অনুবাদ কাজ আরম্ভ হয়। এই কাজে বাঙালী বৌদ্ধ ভিক্ষুদের অসামান্য কৃতিত্ব রয়েছে। বৌদ্ধ ধর্ম ও সংস্কৃতির প্রতি শ্রদ্ধাসম্পন্ন এ যুগের শিক্ষিত জ্ঞানী-গুণীজনও পালি ও বৌদ্ধ-সংস্কৃত সাহিত্যের অনুবাদ কাজে মনোনিবেশ করেন। মাতৃভাষায় বৌদ্ধ ভাবধারা ও জ্ঞানের বিস্তৃতিতে এই অনুবাদ গ্রন্থসমূহের বিশেষ স্থান অনস্বীকার্য।

সম্ভবতঃ খুদ্দক নিকায়ের অন্তর্গত ধর্মরাজ বড়ুয়ার অনূদিত 'সুত্তনিপাত' ( ১৮৮৭ খ্রীঃ, কলিকাতা হতে প্রকাশিত ) গ্রন্থটিই সর্ব প্রথম বাংলা ভাষায় প্রকাশিত হয়েছে। ভিক্ষু শীলভদ্রের 'সুত্তনিপাত'—এর গদ্যানুবাদ (১৩৪৮ সাল) মহাবোধি সোসাইটি হতে প্রকাশিত। সুত্তনিপাতের পর 'ধম্মপদ' বাংলা ভাষায় দ্বিতীয় অনূদিত গ্রন্থ। গ্রন্থটি সমগ্র বৌদ্ধ সাহিত্যের সংহত বাণী-রূপ। 'শ্রীমদ্ভাগবদগীতা' যেমন মহাভারতের সার নির্যাস, 'ধম্মপদ'ও তেমনি সমগ্র ত্রিপিটক সাহিত্যের সার সংকলন। স্বর্গত চারুচন্দ্র বসু ১৯০৪ খ্রীঃ 'ধম্মপদ' গ্রন্থের মূল, অন্বয়, ব্যাখ্যা ও অনুবাদসহ বাঙ্গালায় সম্পাদনা করেন। ১৯০৫ খ্রীঃ স্বামী হরিহরানন্দ আরণ্যের 'ধর্ম্মপদম্' সংস্কৃত শ্লোকে অনূদিত হয়ে কপিলাশ্রম হতে প্রকাশিত হয়। ১৯৫৩ খ্রীঃ প্রজ্ঞালোক মহাস্থবির ও ভিক্ষু অনোমদর্শী এই গ্রন্থের ভাষাভিত্তিক আক্ষরিক

অর্থ ও তত্ত্বার্থ করেছেন এবং প্রতি শ্লোক কোন ঘটনার পরিপ্রেক্ষিতে ভগবান বুদ্ধের কণ্ঠে উদগীত হয়েছে অট্‌ঠকথার উপাখ্যান সমূহ অবলম্বন করে তা পরিচিতি অংশে লিপিবদ্ধ করেছেন। নালন্দা বিদ্যাভবন হতে প্রকাশিত শীলানন্দ ব্রহ্মচারী প্রণীত 'অমৃতধারা' 'ধম্মপদ'-এর পদ্যানুবাদ। পণ্ডিত ধর্মাধার মহাস্থবির ( ১৯৬৬ খ্রীঃ ) 'ধম্মপদ' গ্রন্থের সহজ গদ্যানুবাদ করেছেন।

ভিক্ষু শীলভদ্র অসাধারণ ধৈর্য ও বিদ্যাবত্তা প্রয়োগ করে এই অমূল্য গ্রন্থের অনুবাদ করেছেন ( ২য় সংস্করণ, ১৯৫৩ খ্রীঃ ) যাঁরা তাঁর গ্রন্থ পাঠ করবেন তাঁরাই উপলব্ধি করবেন এই গ্রন্থ সর্বসাধারণের উপযোগী এবং সহজ ও সরল পদ্ধতিতে রচিত। এ ছাড়াও তিনি থেরীগাথা ( ১৩৫৭ সাল ), সুত্তনিপাত, বুদ্ধবাণী এবং দীর্ঘনিকায় তিন খণ্ড ( ১৩৫৩ সাল ) সহজ ভাষায় অনুবাদ করেছেন। প্রতিটি গ্রন্থের ভাষা অতি সরল ও সুস্পষ্ট এবং প্রসাদগুণ বিশিষ্ট। এই গ্রন্থগুলি বাংলা অনুবাদ-সাহিত্যে সগৌরবে প্রতিষ্ঠা পেয়েছে।

পালি সাহিত্যের সঞ্চিত মণি মঞ্জুষায় যে কয়টি মণি সঞ্চিত আছে 'ধম্মপদ' তাঁর মধ্যে অন্যতম। ধম্মপদে বলা হয়েছে—এস ধম্মো সনন্তনো ( ৫নং ) ইহাই সনাতন ধর্ম পথ। ধম্মপদে প্রদর্শিত এই জীবনধারা সত্যান্বেষীর পরম পাথেয়। মহামানব বুদ্ধ ছিলেন অনন্য লোক-শিক্ষক। সমগ্র মানবজাতিকে তিনি মৈত্রীর সূত্রে আবদ্ধ করতে চেয়েছিলেন। তিনি প্রচার করেছিলেন মৈত্রী ও করুণার বাণী। এ জগতে শত্রুতার দ্বারা বা ক্রোধ দ্বারা ক্রোধের বা শত্রুতার শেষ হয় না, শেষ হয় প্রেমে। কল্যাণ দ্বারাই অকল্যাণকে জয় করা যায়—অক্কোধেন জিনে কোধং অসাধুং সাধুনা জিনে, জিনে কদরিয়ং দানেন সচ্চেন অলিকবাদিনং। ( ২২ নং ) ক্রোধকে অক্রোধ দ্বারা জয় করবে, অসাধুকে

সাধুতা দ্বারা জয় করবে, কৃপণকে দান দ্বারা জয় করবে, মিথ্যাকে সত্য দ্বারা জয় করবে।

তিনি আত্মজয়ীকে যুদ্ধজয়ী অপেক্ষা অনেক শ্রেষ্ঠ বলেছেন।

যো সহস্সং সহস্সেন সঙ্গামে মানুসে জিনে,

একঞ্চ জেয্যমত্তানং স বে সঙ্গামজুত্তমো। ( ১০৩ নং ) যিনি আত্মজয় করেছেন তিনি সংযমী, আর রণজয়ী উদ্ধত পরপীড়ক।

ধম্মপদে ভগবান মানবজাতিকে পরিশীলিত জীবন-যাত্রার পথ প্রদর্শন করেছেন। সে পথ হল—

সব্বপাপস্স অকরণং, কুসলস্স উপসম্পদা

সচিত্তপরিয়োদপনং, এতং বুদ্ধান সাসনং। ( ১৮৩ নং ) কোনরকম পাপ কাজ না করা, কল্যাণ কর্ম সম্পাদন করা, নিজের চিত্তকে নির্মল রাখা—এই হল বুদ্ধের অনুশাসন। এই অনুশাসন মেনে চললে আজকের দিনে সমাজের বিভিন্ন স্তরের মানুষের মনে যে ভেদবুদ্ধি অনৈক্য এবং নির্দয়তা দেখা যায় তা বিলুপ্ত হয়ে সর্বশ্রেণীর মানুষের মনে উদার মৈত্রীভাব প্রসার লাভ করবে। আদর্শ মানব ধর্মের বাণীই ধম্মপদের সোপান। ধম্মপদের সার্বভৌমিক মানবধর্মের মূল প্রেরণা বিশ্বমানবতাবোধ। চিন্তায় ও কর্মে পবিত্রতা, সকল মানুষের কল্যাণ চিন্তা এবং বিশ্ব মানবতা বোধের পথে ধম্মপদের অভিযাত্রা। এজন্যই বলা হয়েছে—একং ধম্মপদং সেযো যং সুত্বা উপসম্মতি। ( ১০২ নং ) একটি ধর্মপদ যা শুনলে চিত্ত শান্ত হয় তাই শ্রেয়।

ভিক্ষু শীলভদ্র শীলব্রতচারী, মননেদীপ্ত এবং পালি সাহিত্য গভীর ভাবে অনুশীলন করে অসাধারণ পাণ্ডিত্য অর্জন করেছেন। 'ধম্মপদ' গ্রন্থের বঙ্গানুবাদ তাঁর একান্ত মনন ও নিধিধ্যাসনের সার্থক ফলশ্রুতি।

মহৎ বাণীর প্রচার করাও একটি অনন্য মানবিক কর্তব্য। মহাবোধি বুক এজেন্সির স্বত্ত্বাধিকারী কল্যাণীয় শ্রীযুক্ত ডি. এল. এস. জয়বর্ধন গ্রন্থটির তৃতীয় সংস্করণ প্রকাশ করে সেই কর্তব্য সুসম্পন্ন করেছেন। তাঁর পরিশ্রমের ফল সকলে শ্রদ্ধা সহকারে উপভোগ করুক। গ্রন্থের প্রকাশ সার্থক হোক।

**আশা দাশ**

# সূচীপত্র


| বিষয় | | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| যমক বগ্‌গো | | ... | ১ |
| অপ্পমাদ বগ্‌গো | ... | ... | ৭ |
| চিত্ত বগ্‌গো | ... | ... | ১০ |
| পুপ্‌ফ বগ্‌গো | | ... | ১৩ |
| বাল বগ্‌গো | ... | | ১৮ |
| পণ্ডিত বগ্‌গো | | | ২২ |
| অরহন্ত বগ্‌গো | ... | ... | ২৬ |
| সহস্‌স বগ্‌গো | ... | | ৩০ |
| পাপ বগ্‌গো | | | ৩৪ |
| দণ্ড বগ্‌গো | ... | ... | ৩৭ |
| জরা বগ্‌গো | | | ৪২ |
| অত্ত বগ্‌গো | | ... | ৪৪ |
| লোক বগ্‌গো | ... | | ৪৭ |
| বুদ্ধ বগ্‌গো | ... | ... | ৪৯ |
| সুখ বগ্‌গো | ... | | ৫৩ |
| পিয় বগ্‌গো | ... | ... | ৫৭ |
| কোধ বগ্‌গো | ... | | ৫৯ |
| মল বগ্‌গো | ... | | ৬৩ |
| ধম্মট্‌ঠ বগ্‌গো | ... | | ৬৮ |
| মগ্‌গ বগ্‌গো | ... | ... | ৭২ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| পকিণ্ণক বগ্‌গো ... | ৭৬ |
| নিরয় বগ্‌গো ... ... | ৮১ |
| নাগ বগ্‌গো ... ... | ৮৪ |
| তন্‌হা বগ্‌গো | ৮৯ |
| ভিক্‌খু বগ্‌গো ... | ৯৬ |
| ব্রাহ্মণ বগ্‌গো ... | ১০২ |

নমো তস্‌স ভগবতো অরহতো
সম্মা সম্বুদ্ধস্‌স ॥

# ধম্মপদ

## যমক বগ্‌গো। [ ১ম ]

১। মনোপুব্বংগমা ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া।
মনসা চে পদুট্‌ঠেন ভাসতি বা করোতি বা।
ততো নং দুক্‌খমন্বেতি চক্কং ব বহতো পদং।১।

বস্তু সমূহের গুণ মন হইতে লব্ধ। ঐ সকল গুণ মনের উপর নির্ভরশীল, তাহারা মন গঠিত। প্রদুষ্টচিত্তে কেহ কিছু কহিলে বা করিলে, শকট-চক্র যেরূপ বহনকারী বলিবর্দ্দের পদানুসরণ করে, সেইরূপ দুঃখ তাহার অনুসরণ করে।

২। মনোপুব্বংগমা ধম্মা মনোসেঠ্‌ঠা মনোময়া।
মনসা চে পসন্নেন ভাসতি বা করোতি বা।
ততো নং সুখমন্বেতি ছায়া ব অনপায়িনী।২।

বস্তু সমূহের গুণ মন হইতে লব্ধ। ঐ সকল গুণ মনের উপর নির্ভরশীল, তাহারা মন গঠিত। প্রসন্ন চিত্তে কেহ কিছু কহিলে বা করিলে, সুখ অনুক্ষণ ছায়ার ন্যায় তাহার অনুগামী হয়।

৩। অক্কোচ্ছি মং অবধি মংঅজিনি মং অহাসি মে।
যে তং উপনহ্যন্তি বেরং তেসং ন সম্মতি ।৩।

"আমি তিরস্কৃত, প্রহৃত, পরাজিত. লুণ্ঠিত" যাহারা এইরূপ চিন্তার পোষণ করে তাহাদের বিদ্বেষ প্রশমিত হয় না।

৪। অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে।
যে তং ন উপনহ্যন্তি বেরং তেসূপসম্মতি ।৪।

"আমি তিরস্কৃত, প্রহৃত, পরাজিত, লুণ্ঠিত" যাহারা এইরূপ চিন্তার পোষণ করে না তাহাদের বিদ্বেষ প্রশমিত হয়।

৫। নহি বেরেন বেরানি সম্মন্তীধ কুদাচনং।
অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সনন্তনো ।৫।

বিদ্বেষ দ্বারা কখনই বিদ্বেষ প্রশমিত হয় না, বিদ্বেষহীনতা দ্বারাই বিদ্বেষ প্রশমিত হয়, ইহাই সনাতন ধর্ম্ম।

৬। পরে চ ন বিজানন্তি ময়মেত্থ যমামসে।
যে চ তত্থ বিজানন্তি ততো সম্মন্তি মেধগা ।৬।

এই জগতে একদিন যে আমাদের জীবনের অবসান হইবে তাহা অপরে জানে না, কিন্তু যাহারা জানে তাহাদের কলহের শান্তি হয়।

৭। সুভানুপস্সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু অসংবুতং।
ভোজনম্হি অমত্তঞ্ঞুং কুসীতং হীনবীরিয়ং।
তং বে পসহতি মারো বাতো রুক্খং ব দুব্বলং ।৭।

সুখকামী, অসংযতেন্দ্রিয়, অপরিমিতভোজী, অলস এবং হীনবীর্য্যই, দুর্ব্বল বৃক্ষ যেরূপ বাতাহত হয়, সেইরূপ মার কর্ত্তৃক অভিভূত হয়।

৮। অসুভানুপস্সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু সুসংবুতং।
ভোজনম্হি চ মত্তঞ্ঞুং সদ্ধং আরদ্ধবীরিয়ং।
তং বে নপ্পসহতি মারো বাতো সেলং ব পব্বতং ।৮।

অশুভ-ভাবনা রত, * সংযতেন্দ্রিয়, পরিমিতভোজী, শ্রদ্ধাবান এবং বীর্য্যবানই, শিলাময় পর্ব্বত যেরূপ বায়ু কর্ত্তৃক প্রভাবিত হয় না, সেইরূপ মার কর্ত্তৃক প্রভাবিত হন না।

৯। অনিক্কসাবো কাসাবং যো বত্থং পরিদহেস্সতি।
অপেতো দমসচ্চেন ন সো কাসাবমরহতি ।৯।

কষায় * অবিমুক্ত যে পুরুষ কাষায় বস্ত্র পরিধানে ইচ্ছুক হয়, অসংযমী ও অসত্যাশ্রয়ী সেই পুরুষ কাষায় বস্ত্রের অনুপযুক্ত।

১০। যো চ বন্তকসাবস্স সীলেসু সুসমাহিতো।
উপেতো দমসচ্চেন স বে কাসাবমরহতি ।১০।

---

* এই স্থানে 'অশুভ' শব্দের দ্বারা দেহের অশুদ্ধি সূচিত হইয়াছে।

* এই শ্লোকে 'কষায়' শব্দ দুই প্রকার অর্থে প্রযুক্ত হইয়াছে :—
(১) চিত্তবৃত্তির রাগাদি বাসনা দ্বারা স্তব্ধীভাব (২) রক্ত এবং পীত মিশ্রিত বর্ণ।

কিন্তু যিনি কষায় বিমুক্ত এবং শীলে সুসমাহিত, সংযমী ও সত্যাশ্রয়ী সেই পুরুষ কাষায় পরিধানের উপযুক্ত।

১১। অসারে সারমতিনো সারে চাসারদস্সিনো।
তে সারং নাধিগচ্ছন্তি মিচ্ছাসংকপ্পগোচরা ।১১।

যাহারা মিথ্যা সংকল্পানুসারী হইয়া অসারকে সার জ্ঞান করে এবং সারকে অসার জ্ঞান করে, তাহারা সার বস্তুতে উপনীত হয় না।

১২। সারং চ সারতো ঞত্বা অসারং চ অসারতো।
তে সারং অধিগচ্ছন্তি সম্মাসংকপ্পগোচরা ।১২।

সত্য সংকল্পানুসারী হইয়া যাঁহারা সারে সার দর্শন করেন এবং অসারে অসার দর্শন করেন, তাঁহারা সার বস্তুতে উপনীত হন।

১৩। যথা অগারং দুচ্ছন্নং বুট্ঠি সমতিবিজ্ঝতি।
এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিজ্ঝতি ।১৩।

সম্যকরূপে অনাচ্ছাদিত গৃহে যেরূপ বৃষ্টি প্রবেশ করে, সেইরূপ অভাবিত চিত্তে আসক্তি প্রবেশ লাভ করে।

১৪। যথা অগারং সুচ্ছন্নং বুট্ঠি ন সমতিবিজ্ঝতি।
এবং সুভাবিতং চিত্তং রাগো ন সমতিবিজ্ঝতি ।১৪।

সম্যকরূপে আচ্ছাদিত গৃহে যেরূপ বৃষ্টি প্রবেশ করে না, সেইরূপ সুভাবিত চিত্তে আসক্তি প্রবেশ লাভ করে না।

১৫। ইধ সোচতি পেচ্চ সোচতি পাপকারী উভয়ত্থ সোচতি।
সো সোচতি সো বিহঞ্‌ঞতি দিস্বা
কম্মকিলিট্‌ঠমত্তনো ।১৫।

পাপকারী ইহলোক এবং পরলোক উভয়ত্রই শোকগ্রস্ত হয়, স্বীয় দুষ্কৃতি দর্শনে সে শোকার্ত্ত ও বিনষ্ট হয়।

১৬। ইধ মোদতি পেচ্চ মোদতি কতপুঞ্‌ঞো উভয়ত্থ
মোদতি।
সো মোদতি সো পমোদতি দিস্বা কম্মবিসুদ্ধিমত্তনো
।১৬।

পুণ্যবান ইহলোক এবং পরলোক উভয়ত্রই সুখানুভব করেন, স্বীয় সুকৃতি দর্শনে তিনি আমোদিত ও প্রমোদিত হন।

১৭। ইধ তপ্পতি পেচ্চ তপ্পতি পাপকারী উভয়ত্থ তপ্পতি।
পাপং মে কতং তি তপ্পতি ভিয্যো তপ্পতি
দুগ্‌গতিং গতো ।১৭।

পাপকারী ইহলোক এবং পরলোক উভয়ত্রই অনুতপ্ত হয়, স্বীয় পাপকর্ম্ম স্মরণ করিয়া সে দগ্ধ হয়, নিরয়গামী হইয়া সে ততোধিক ব্যথিত হয়।

১৮। ইধ নন্দতি পেচ্চ নন্দতি কতপুঞ্‌ঞো উভয়ত্থ
নন্দতি।

পুঞ্‌ঞং মে কতং তি নন্দতি ভিয্যো নন্দতি
সুগ্‌গতিং গতো ।১৮।

পুণ্যবান ইহলোক এবং পরলোক উভয়ত্রই সুখানুভব করেন, স্বীয় পুণ্য স্মরণ করিয়া তিনি সুখী হন, স্বর্গে গমন করিয়া তিনি ততোধিক সুখ লাভ করেন।

১৯। বহুংপি চে সহিতং ভাসমানো ন তক্করো হোতি নরো
পমত্তো।
গোপো ব গাবো গণয়ং পরেসং ন ভাগবা
সামঞ্‌ঞস্‌স হোতি ।১৯।

সংহিতার উক্তি পুনঃপুনঃ আবৃত্তি করিয়াও যে প্রমাদযুক্ত মনুষ্য উহা কার্য্যে পরিণত করে না, সে শ্রামণ্যের ফলভাগী হয় না ; সে অপরের গো গণনকারী গোপালকের সহিত তুলনীয়।

২০। অপ্পং পি চে সহিতং ভাসমানো
ধম্মস্‌স হোতি অনুধম্মচারী।
রাগং চ দোসং চ পহায় মোহ
সম্মপ্পজানো সুবিমুত্তচিত্তো।
অনুপাদিয়ানো ইধ বা হুরং বা
স ভাগবা সামঞ্‌ঞস্‌স হোতি ।২০।

অল্পমাত্রায় সংহিতার উক্তি আবৃত্তি করিয়াও যিনি ধর্ম্মের আচরণে রত, যিনি রাগ, দোষ ও মোহের পরিহার পূর্ব্বক সম্যক জ্ঞান প্রাপ্ত এবং সুবিমুক্ত চিত্ত, ইহলোক কিম্বা পরলোকে উপাদান-রহিত * সেই পুরুষই শ্রামণ্যের ফলভাগী হন।

ইতি—যমকবগ্গো পঠমো।

যমক বর্গ নামক প্রথম বর্গ সমাপ্ত।

---

## অপ্পমাদ বগ্গো। [ ২য় ]

২১। অপ্পমাদো অমতপদং পমাদো মচ্চুনো পদং।
অপ্পমত্তা ন মীয়ন্তি যে পমত্তা যথা মতা ।১।

অপ্রমাদ নির্ব্বাণের মার্গ, প্রমাদ মৃত্যুর মার্গ। যাহারা অপ্রমত্ত, তাহাদের মৃত্যু হয় না, যাহারা প্রমত্ত তাহারা মৃতের ন্যায়।

২২। এতং বিসেসতো ঞত্বা অপ্পমাদম্হি পণ্ডিতা।
অপ্পমাদে পমোদন্তি অরিয়ানং গোচরে রতা ।২।

যাঁহারা অপ্রমাদ কুশল তাঁহারা ইহা বিশেষরূপে জ্ঞাত হইয়া অপ্রমাদে আনন্দ লাভ করেন এবং আর্য্যদিগের অনুসৃত মার্গে বিচরণ করেন।

---

* অলগ্নচিত্ত।

২৩। তে ঝায়িনো সাততিকা নিচ্চং দল্হ পরক্কমা।
ফুসন্তি ধীরা নিব্বাণং যোগক্খেমং অনুত্তরং ।৩।

ঐ সকল ধ্যায়ী, অধ্যবসায়ী, নিত্য উদ্যমশীল পণ্ডিতগণ অনুত্তর প্রশান্ত নির্ব্বাণ লাভ করেন।

২৪। উট্ঠানবতো সতিমতো সুচিকম্মস্স নিসম্মকারিনো।
সংযতস্স চ ধম্মজীবিনো অপ্পমত্তস্স
যসোঽভিবড্ঢতি ।৪।

উত্থানশীল, স্মৃতিমান, বিশুদ্ধাচারশীল, সংযত এবং অপ্রমত্ত ধর্ম্ম-জীবিগণের যশ অভিবর্দ্ধিত হয়।

২৫। উট্ঠানেনপ্পমাদেন সংযমেন দমেন চ।
দীপং কয়িরাথ মেধাবী যং ওঘো নাভিকীরতি ।৫।

উত্থান, অপ্রমাদ, সংযম এবং দম দ্বারা জ্ঞানী যে দ্বীপ নির্ম্মাণ করিবেন উহা প্লাবন দ্বারা ধ্বংস হইবে না।

২৬। পমাদমনুযুঞ্জন্তি বালা দুম্মেধিনো জনা।
অপ্পমাদং চ মেধাবী ধনং সেট্ঠং ব রক্খতি ।৬।

নির্ব্বোধ অজ্ঞগণ প্রমাদযুক্ত হয়, বুদ্ধিমান অপ্রমাদকে শ্রেষ্ঠ ধনরূপে রক্ষা করেন।

২৭। মা পমাদং অনুযুঞ্জেথ মা কামরতিসন্থবং।
অপ্পমত্তো হি ঝায়ন্তো পপ্পোতি বিপুলং সুখং ।৭।

প্রমাদের অনুবর্ত্তী হইও না, কামসুখের বশবর্ত্তী হইও না। অপ্রমত্ত ধ্যায়ী বিপুল সুখ অনুভব করেন।

২৮। পমাদং অপ্পমাদেন যদা নুদতি পণ্ডিতো।
পঞ্‌ঞাপাসাদমারুহ্য অসোকো সোকিনিং পজং।
পব্বতট্‌ঠো ব ভূম্মট্‌ঠে ধীরো বালে অবেক্ষতি।৮।

যেরূপ পর্ব্বতের উপরিস্থিত ব্যক্তি ভূম্যস্থগণকে অবলোকন করে সেইরূপ পণ্ডিত অপ্রমাদ দ্বারা প্রমাদ দূরীভূত করিয়া প্রজ্ঞাপ্রাসাদে আরোহণ পূর্ব্বক স্বয়ং শোকমুক্ত হইয়া শোকগ্রস্ত জনগণকে অবলোকন করেন।

২৯। অপ্পমত্তো পমত্তেসু সুত্তেসু বহুজাগরো।
অবলস্‌সং ব সীঘস্‌সো হিত্বা যাতি সুমেধসো।৯।

প্রমত্তগণের মধ্যে স্বয়ং অপ্রমত্ত হইয়া, যাহারা সুপ্ত তাহাদের মধ্যে সদা জাগরিত হইয়া পণ্ডিত, দ্রুতগামী অশ্ব যেরূপ দুর্ব্বল অশ্বকে অতিক্রম করে, সেইরূপ শীঘ্রগামী হন।

৩০। অপ্পমাদেন মঘবা দেবানং সেট্‌ঠতং গতো।
অপ্পমাদং পসংসন্তি পমাদং গরহিতো সদা।১০।

অপ্রমাদ দ্বারা ইন্দ্র দেবশ্রেষ্ঠ হইয়াছিলেন। অপ্রমাদ প্রশংসিত হয়, প্রমাদ সর্ব্বদা নিন্দিত।

৩১। অপ্পমাদরতো ভিক্খু পমাদে ভয়দস্‌সি বা।
সংযোজনং অণুং থূলং ডহং অগ্‌গীব গচ্ছতি।১১।

অপ্রমাদরত এবং প্রমাদে ভয়দর্শী ভিক্ষু ক্ষুদ্র বৃহৎ সর্ব্বপ্রকার সংযোজন দগ্ধ করিয়া অগ্নির ন্যায় গমন করেন।

৩২। অপ্পমাদরতো ভিক্খু পমাদে ভয়দস্সি বা।
অভব্বো পরিহানায় নিব্বাণস্সেব সন্তিকে ।১২।

অপ্রমাদরত এবং প্রমাদে ভয়দর্শী ভিক্ষুর পতন নাই, তিনি নির্ব্বাণের নিকটস্থ।

ইতি অপ্পমাদ বগ্‌গো দুতিয়ো।
অপ্রমাদ বর্গ নামক দ্বিতীয় বর্গ সমাপ্ত।

চিত্ত বগ্‌গো। [৩য়]

৩৩। ফন্দনং চপলং চিত্তং দুরক্‌খং দুন্নিবারয়ং।
উজুং করোতি মেধাবী উসুকারো ব তেজনং ।১।

ইষুকার যেরূপ শর ঋজু করে, সেইরূপ জ্ঞানী স্পন্দনশীল, চপল, দুরক্ষ এবং দুর্নিবার স্বীয় চিত্তের ঋজুতা সম্পাদন করেন।

৩৪। বারিজো ব থলে খিত্তো ওকমোকতো উব্‌ভতো।
পরিফন্দতিদং চিত্তং মারধেয়্যং পহাতবে ।২।

জলাশয় হইতে উদ্ধৃত স্থলে নিক্ষিপ্ত মৎস্যের ন্যায় চিত্তও মার-বশ হইতে মুক্তিলাভের জন্য কম্পিত হয়।

৩৫। দুন্নিগ্গহস্স লহুনো যত্থকামনিপাতিনো।
চিত্তস্স দমথো সাধু চিত্তং দন্তং সুখাবহং ।৩।

দুর্নিগ্রহ, লঘু, যথাতথা নিপাতনশীল চিত্তের দমন শুভজনক; দমিত চিত্ত সুখাবহ।

৩৬। সুদুদ্দসং সুনিপুণং যত্থকামনিপাতিনং।
চিত্তং রক্খেথ মেধাবী চিত্তংগুত্তং সুখাবহং ।৪।

দুর্বোধ্য, চঞ্চল, যথাতথা নিপাতনশীল চিত্তকে মেধাবী রক্ষা[১] করিবেন; সুরক্ষিত চিত্ত সুখাবহ।

৩৭। দূরংগমং একচরং অসরীরং গুহাসয়ং।
যে চিত্তং সংযমেস্সন্তি মোক্খন্তি মার বন্ধনা ।৫।

দূরগামী, একচর, অশরীর, গুহাশয় * চিত্তকে যাঁহারা সংযত করেন, তাঁহারা মারের বন্ধন হইতে মুক্ত হন।

৩৮। অনবট্ঠিতচিত্তস্স সদ্ধম্মং অবিজানতো।
পরিপ্লবপসাদস্স পঞ্ঞা ন পরিপূরতি ।৬।

---

১। এইস্থলে *** চিত্তকে মেধাবী রক্ষা করিবেন অর্থে চিত্তের উপর সতর্ক দৃষ্টি রাখিবেন।

* হৃদয়াশ্রয়ী এস্থলে 'গুহা' শব্দের অর্থ 'হৃদয়-মন্দির'।

যে অনবস্থিত চিত্ত, সদ্ধর্ম্ম যাহার অজ্ঞাত, যে বিক্ষুব্ধচিত্ত, তাহার জ্ঞান পূর্ণতা প্রাপ্ত হয় না।

৩৯। অনবস্সুতচিত্তস্স অনন্বাহতোচেতসো।
পুঞ্ঞপাপহীনস্স নত্থি জাগরতোভয়ং ।৭।

যাঁহার চিত্ত আস্রবহীন এবং সংশয় দ্বারা অনাক্রান্ত, যিনি পুণ্য-পাপহীন, সেইরূপ জাগ্রতের ভয় নাই।

৪০। কুম্ভুপমং কায়মিমং বিদিত্বা নগরূপমং চিত্তমিদংঠপেত্বা।
যোধেথ মারং পঞ্ঞায়ুধেন জিতং চ রক্খে
অনিবেসনো সিয়া ।৮।

দেহকে কুম্ভকারনির্ম্মিত ভাজনরূপ জ্ঞান করিয়া, চিত্তকে নগরের * ন্যায় সুরক্ষিত করিয়া, প্রজ্ঞায়ুধের দ্বারা মারের সহিত যুদ্ধ করিবে, জয়লাভান্তে বিজিতের উপর সতর্ক দৃষ্টি রাখিবে, পার্থিব সুখে অনাসক্ত হইবে।

৪১। অচিরং বতয়ং কায়ো পঠবিং অধিসেস্সতি।
ছুদ্ধো অপেতবিঞ্ঞাণো নিরত্থং ব কলিঙ্গরং ।৯।

---

* নগরের বাহির সুরক্ষিত, গভীর পরিখা ও প্রাকারবেষ্টিত, অভ্যন্তরে চোর প্রবেশ করিতে অসমর্থ। সেইরূপ পণ্ডিত কুলপুত্র স্বীয় অন্তর্দৃষ্টি সম্পন্ন চিত্তকে নগরের ন্যায় সুরক্ষিত করিয়া প্রজ্ঞায়ুধের দ্বারা—ইত্যাদি।

—টীকা।

হায় ! অচিরে এই দেহ ভূমিশায়িত হইবে ; তখন উহা পরিত্যক্ত, সংজ্ঞাহীন, অব্যবহার্য্য কাষ্ঠখণ্ডের ন্যায়।

৪২। দিসো দিসং যং তং কয়িরা বেরী বা পন বেরিনং।
মিচ্ছা পণিহিতং চিত্তং পাপিয়ো নং ততো করে ।১০।

বিদ্বেষ্টা বিদ্বিষ্টের অথবা শত্রু শত্রুর যে অনিষ্ট সাধন করে, কুচালিত চিত্ত তদপেক্ষা অধিক অনিষ্টকারী হয়।

৪৩। ন তং মাতা পিতা কয়িরা অঞ্ঞে বাপি চ ঞাতকা।
সম্মাপণিহিতং চিত্তং সেয্যসো নং ততো করে ।১১।

সুচালিত চিত্ত মানুষের যাহা করিবে, মাতা পিতা অথবা অন্যান্য জ্ঞাতিবর্গ তাহা পারিবে না।

ইতি চিত্তবগ্গো ততিয়ো।
চিত্তবর্গ নামক তৃতীয় বর্গ সমাপ্ত।

---

পুপ্ফ বগ্গো। [৪র্থ]

৪৪। কো ইমং পঠবিং বিজেস্সতি যমলোকং চ
ইমংসদেবকং।
কো ধম্মপদং সুদেসিতং কুসলো পুপ্ফমিব
পচেস্সতি ।১।

সদেবক যমলোকসহ এই পৃথিবী কে জয় করিবে? নিপুণ হস্তে যেরূপ পুষ্প আহৃত হয়, সেইরূপ কে সুদেশিত ধর্ম্মপদের গ্রাহী হইবে?

৪৫। সেখো পঠবিং বিজেস্সতি যমলোকং চ ইমং সদেবকং।
সেখো ধম্মপদং সুদেসিতং কুসলো পুপ্ফমিব
পচেস্সতি।২।*

শিক্ষার্থী[১] সদেবক যমলোকসহ এই পৃথিবী জয় করিবেন; তিনিই সুনিপুণ পুষ্পাহরণকারীর ন্যায় সুদেশিত ধর্ম্মপদের গ্রাহী হইবেন।

৪৬। ফেণূপমং কায়মিমং বিদিত্বা
মরীচিধম্মং অভিসংবুধানো।
ছেত্বান মারস্স পপুপ্ফকানি
অদস্সনং মচ্চুরাজস্স গচ্ছে।৩।

দেহকে ফেণ এবং মরীচিকা সম জ্ঞান করিয়া, মারের পুষ্পশর ছিন্ন করিয়া মৃত্যুর অতীত হইবে।

---

* "যেরূপ কুশল মালাকার পুষ্পোদ্যানে প্রবেশ করিয়া তরুণ মুকুল, কীটদষ্ট, ম্লান এবং গ্রন্থি সম্পন্ন পুষ্প সমূহ বর্জ্জন করিয়া শোভন সুজাত পুষ্প সমূহ আহরণ করে, সেইরূপ উক্ত শিক্ষার্থীও প্রজ্ঞাদ্বারা বোধিপক্ষিক ধর্ম্মপদ নির্বাচন করেন।"—টীকা।

১। অধিশীল শিক্ষা, অধিচিত্ত শিক্ষা এবং অধিপ্রজ্ঞা শিক্ষা, এই ত্রিবিধ শিক্ষালাভে যিনি যত্নবান।

৪৭। পুপ্ফানি হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং।
সুত্তং গামং মহোঘোব মচ্চু আদায় গচ্ছতি।৪।

যেরূপ সুপ্ত গ্রাম মহাপ্লাবনে বিনষ্ট হয়, সেইরূপ পুষ্পাহরণে ব্যাপৃত ব্যাসক্তচিত্ত মানব মৃত্যু কর্ত্তৃক বিনষ্ট হয়।*

৪৮। পুপ্ফানি হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং।
অতিত্তং যেব কামেসু অন্তকো কুরুতে বসং।৫।

পুষ্পাহরণরত, কামে অতৃপ্ত, ব্যাসক্তচিত্ত নর মৃত্যুর বশবর্ত্তী হয়।

৪৯। যথাপি ভমরো পুপ্ফং বণ্ণগন্ধংঅহেঠয়ং।
পলেতি রসমাদায় এবং গামে মুনি চরে।৬।

যেরূপ ভ্রমর পুষ্প, উহার বর্ণ ও গন্ধ বিনষ্ট না করিয়া রসমাত্র গ্রহণ করিয়া প্রস্থান করে, সেইরূপই মুনি গ্রামে বিচরণ করিবেন।

[ তাঁহার গ্রামে বিচরণ হেতু গৃহস্থ কুলের শ্রদ্ধাহানি বা ভোগহানি হইবে না—টীকা ]

৫০। ন পরেসং বিলোমানি ন পরেসং কতাকতং।
অত্তনো ব অবেক্খেয্য কতানি অকতানি চ।৭।

---

* "যেরূপ মহাপ্লাবন হস্তী পুরুষ গো মহিষ কুক্কুটাদি কিছুই অবশিষ্ট না রাখিয়া চতুর্দ্দিকস্থ গ্রাম সমূহ প্লাবিত করিয়া উহাদিগকে মৎস্য কচ্ছপের ভক্ষ্য রূপে পরিণত করে, সেইরূপ মৃত্যু ব্যাসক্তচিত্ত মানবকে গ্রহণ করিয়া, তাহার প্রাণ হরণ করিয়া তাহাকে চতুর্ব্বিধ অপায় সমুদ্রে নিমজ্জিত করে।"
—টীকা।

অপরের ত্রুটি, অপরের কৃত বা অকৃত কর্ম্মে মনোনিবেশ করিও না ; আপনার কৃত অথবা অকৃত কর্ম্মের উপরেই দৃষ্টি রাখিবে।

৫১। যথাপি রুচিরং পুপ্‌ফং বণ্ণবন্তং অগন্ধকং।
এবং সুভাসিতা বাচা অফলা হোতি অকুব্বতো ।৮।

উত্তমবর্ণ সম্পন্ন, সুন্দর কিন্তু গন্ধহীন পুষ্পের ন্যায় সুভাষিত বাক্য কার্য্যে পরিণত না হইলে অফল হয়।

৫২। যথাপি রুচিরং পুপ্‌ফং বণ্ণবন্তং সগন্ধকং।
এবং সুভাসিতা বাচা সফলা হোতি সকুব্বতো ।৯।

সুন্দর, উত্তম বর্ণ ও গন্ধ সম্পন্ন পুষ্পের ন্যায় সুভাষিত বাক্য কার্য্যে পরিণত হইলে সফল হয়।

৫৩। যথাপি পুপ্‌ফরাসিম্‌হা কয়িরা মালাগুণে বহূ।
এবং জাতেন মচ্চেন কত্তব্বং কুসলং বহুং ।১০।

পুষ্পরাশি হইতে যেরূপ বিবিধ প্রকার মাল্য গ্রন্থিত হয়, সেইরূপ মর্ত্ত্যগণ বহুল পরিমাণে পুণ্য সঞ্চয় করিবেন।

৫৪। ন পুপ্‌ফগন্ধো পটিবাতমেতি
ন চন্দনং তগরং মল্লিকা বা।
সতং চ গন্ধো পটিবাতমেতি
সব্বা দিসা সপ্পুরিসো পবাতি ।১১।

চন্দন, তগর কিম্বা মল্লিকা কোন পুষ্পেরই গন্ধ বায়ুর বিরুদ্ধগামী হয় না ; কিন্তু সৎপুরুষের যশ বায়ুর বিরুদ্ধেও গমন করে, উহা সর্ব্বদিকে প্রবাহিত হয়।

৫৫। চন্দনং তগরং বাপি উপ্পলং অথ বস্‌সিকী।
এতেসং গন্ধজাতানং সীলগন্ধো অনুত্তরো ।১২।

চন্দন, তগর, উৎপল অথবা মল্লিকা এই সকল দ্রব্যের মধ্যে শীল গন্ধই সর্ব্বোৎকৃষ্ট।

৫৬। অপ্পমত্তো অয়ং গন্ধো যায়ং তগরচন্দনী।
যে চ সীলবতং গন্ধো বাতি দেবেসু উত্তমো ।১৩।

তগর চন্দনের যে গন্ধ তাহা অল্প মাত্র কিন্তু শীলবানদিগের উত্তম গন্ধ দেবলোকেও প্রবাহিত হয়।

৫৭। তেসং সম্পন্নসীলানং অপ্পমাদবিহারিনং।
সম্মদঞ্ঞা বিমুত্তানং মারো মগ্‌গং ন বিন্দতি ।১৪।

ঐ সকল শীলসম্পন্ন অপ্রমত্ত পূর্ণজ্ঞানবিমুক্তদিগের মার্গ মারের অজ্ঞাত।

৫৮। যথা সংকারধানস্মিং উজ্ঝিতস্মিং মহাপথে।
পদুমং তত্থ জায়েথ সুচিগন্ধং মনোরমং ।১৫।

যেরূপ মহাপথে নিক্ষিপ্ত জঞ্জালস্তূপ হইতে সুগন্ধি মনোরম পদ্মের উদ্ভব হয়,

৫৯। এবং সংকারভূতেসু অন্ধভূতে পুথুজ্জনে।
অতিরোচতি পঞ্ঞায় সম্মাসংবুদ্ধসাবকো ।১৬।

সেইরূপ জঞ্জালসদৃশ অন্ধ পৃথগ্‌জনের মধ্যে সম্যক্‌ সম্বুদ্ধের শ্রাবক প্রজ্ঞায় দীপ্তিমান হন।

ইতি পুপ্‌ফ বগ্‌গো চতুত্থো।

পুষ্পবর্গ নামক চতুর্থ বর্গ সমাপ্ত।

---

## বালবগ্‌গো। [৫ম]

৬০। দীঘা জাগরতো রত্তি দীঘং সন্তস্‌স যোজনং ;
দীঘো বালানং সংসারো সদ্ধম্মং অবিজানতং ।১।

নিদ্রাহীনের রাত্রি দীর্ঘ, পথ শ্রান্তের যোজন[১] দীর্ঘ, সদ্ধর্ম্মের জ্ঞানরহিত মূঢ়ের সংসার দীর্ঘ।

৬১। চরং চে নাধিগচ্ছেয্য সেয্যং সদিসমত্তনো।
একচরিয়ং দহলং কয়িরা নত্থি বালে সহায়তা ।২।

ভ্রমণকালে শ্রেষ্ঠ কিম্বা সদৃশের সহিত সাক্ষাৎ না হইলে দৃঢ়তার সহিত, একাকী ভ্রমণ করিবে ; মূর্খের সহিত সাহচর্য্য নাই।

৬২। পুত্তা মত্থি ধনং মত্থি ইতি বালো বিহঞ্‌ঞতি।
অত্তা হি অত্তনো নত্থি কুতো পুত্তা কুতো ধনং ।৩।

---

১। যোজন মাত্র পথ।

'আমি পুত্রবান, আমি ধনবান' এইরূপ চিন্তা করিয়া মূঢ় বিনষ্ট হয়। আমিই আপনার নই, পুত্রই বা কিসে আপনার হইবে, ধনই বা কিসে ?

৬৩। যো বালো মঞ্‌ঞতি বাল্যং পণ্ডিতো
বাপি তেন সো।
বালো চ পণ্ডিতমানী স বে বালো তি বুচ্চতি ।৪।

যে মূর্খ নিজের মূর্খতার জ্ঞান সম্পন্ন সে অন্ততঃ সেই পরিমাণে জ্ঞানী ; কিন্তু মূর্খ হইয়া যে পাণ্ডিত্যের অভিমান করে, সে সত্যই মূর্খ কথিত হয়।

৬৪। যাবজীবং পি চে বালো পণ্ডিতং পয়িরুপাসতি।
ন সো ধম্মং বিজানাতি দব্বী সূপরসং যথা ।৫।

যাবজ্জীবন পণ্ডিতের নিকট বাস করিয়াও মূর্খ ধর্ম্মের জ্ঞান লাভ করে না, দর্বী যেরূপ সূপরস আস্বাদ করে না।

৬৫। মুহুত্তমপি চে বিঞ্‌ঞু পণ্ডিতং পয়িরুপাসতি।
খিপ্পং ধম্মং বিজানাতি জিহ্বা সূপরসং যথা ।৬।

বুদ্ধিমান মুহূর্ত্তের জন্যও পণ্ডিতের সহবাস করিলে শীঘ্রই ধর্ম্মের জ্ঞান লাভ করে, যেরূপ জিহ্বা সূপরস আস্বাদন করে।

৬৬। চরন্তি বালা দুম্মেধা অমিত্তেনেব অত্তনা।
করোন্তা পাপকং কম্মং যং হোতি কটুকপ্ফলং ।৭।

মূঢ় বুদ্ধিহীন আপনি আপনার শত্রু হইয়া বিচরণ করে, তাহারা তিক্ত ফল প্রসবকারী পাপকর্ম্মের আচরণ করে।

৬৭। ন তং কম্মং কতং সাধু যং কত্বা অনুতপ্পতি।
যস্স অস্সুমুখো রোদং বিপাকং পটিসেবতি ।৮।

যে কর্ম্ম করিয়া অনুতপ্ত হইতে হয়, যাহার ফল অশ্রুমুখে সরোদনে অনুভব করিতে হয়, তাহা সাধু নহে।

৬৮। তং চ কম্মং কতং সাধু যং কত্বা নানুতপ্পতি।
যস্স পতীতো সুমনো বিপাকং পটিসেবতি ।৯।

যে কর্ম্ম করিয়া অনুতপ্ত হইতে হয় না, যাহার ফল সানন্দে ও প্রফুল্ল চিত্তে অনুভূত হয় তাহা সাধু।

৬৯। মধু ব মঞ্ঞতি বালো যাব পাপং ন পচ্চতি।
যদা চ পচ্চতি পাপং অথ বালো দুক্খং
নিগচ্ছতি ।১০।

পাপ যতদিন ফল প্রসব না করে ততদিন মূঢ় উহাকে মধুময় মনে করে; কিন্তু উহা যখন ফল প্রসব করে, তখন মূঢ় দুঃখে পতিত হয়।

৭০। মাসে মাসে কুসগ্গেন বালো ভুঞ্জেথ ভোজনং।
ন সো সংখতধম্মানং কলং অগ্ঘতি সোলসিং ।১১।

মূঢ় মাসের পর মাস কুশাগ্রে[১] আহার গ্রহণ করিলেও সে যাঁহারা জ্ঞাতধর্ম্ম তাঁহাদের ষোড়শাংশের একাংশেরও সহিত তুলনীয় হয় না!

---

১। এই স্থানে কঠিন তপশ্চরণের উল্লেখ করা হইয়াছে। কুশ তৃণের অগ্রে যে পরিমাণ আহার অবস্থান করিতে পারে, মাত্র সেই পরিমাণ আহার করিলেও ঐ আচরণ অর্হত্বের ষোড়শাংশের একাংশেরও সমতুল্য নয়।

৭১। ন হি পাপং কতং কম্মং সজ্জু খীরং ব মুচ্চতি।
ডহন্তং বালমন্বেতি ভস্মাচ্ছন্নো ব পাবকো ।১২।

পাপকর্ম্ম সদ্য দুগ্ধের ন্যায় দধিতে পরিণত হয় না ; উহা ভস্মাচ্ছন্ন অগ্নির ন্যায় মূঢ়কে দহন করিতে করিতে তাহার অনুগামী হয়।

৭২। যাবদেব অনত্থায় ঞত্তং বালস্‌স জায়তি।
হন্তি বালস্‌স সুক্কংসং মুদ্ধমস্‌স বিপাতয়ং ।১৩।

মূঢ় যখন পাপকর্ম্মের ফলভূত দুঃখ অনুভব করে, তখন উহা তাহার সৌভাগ্য নষ্ট করে, তাহার মস্তক ছিন্ন করে।

৭৩। অসতং ভাবনমিচ্ছেয্য পুরেক্‌খারং চ ভিক্‌খুসু।
আবাসেসু চ ইস্‌সরিয়ং পূজা পরকুলেসু চ ।১৪।

নির্ব্বোধ মিথ্যা[১] ভাবনার অনুসরণ করিতে পারে, ভিক্ষুদিগের মধ্যে উচ্চ স্থান, বিহারের কর্ত্তৃত্ব এবং অপরের পূজার প্রার্থী হইতে পারে।

৭৪। মমেব কতমঞ্ঞন্তু গিহী পব্বজিতা উভো।
মমেব অতিবসাঅস্‌সু কিচ্চাকিচ্চেসু কিস্মিচি।
ইতি বালস্‌স সংকপ্পো ইচ্ছা মানো চ বড্‌ঢতি ।১৫।

"গৃহী ও প্রব্রজিত উভয়েই আমার কৃত কর্ম্মেরই গুণগ্রাহী হউক, সর্ব্বপ্রকার কর্ত্তব্যাকর্ত্তব্যে আমারই বশবর্ত্তী হউক," মূঢ় এইরূপ সংকল্প করিলে তাহার উচ্চাকাঙ্ক্ষা ও অহঙ্কার বর্দ্ধিত হয়।

---

১। স্বয়ং শ্রদ্ধাহীন হইলেও লোকে শ্রদ্ধাবান রূপে গ্রহণ করুক এইরূপ ইচ্ছা।

৭৫। অঞ্‌ঞা হি লাভূপনিসা অঞ্‌ঞা নিব্বাণগামিনী।
এবমেতং অভিঞ্‌ঞায় ভিক্‌খু বুদ্ধস্‌স সাবকো।
সক্কারং নাভিনন্দেয্য বিবেকমনুব্রূহয়ে ।১৬।

একটি লাভের সোপান, অপর নির্ব্বাণের ; এইরূপ জ্ঞাত হইয়া বুদ্ধ-শ্রাবক ভিক্ষু সৎকার প্রার্থী হইবেন না, তিনি অনাসক্তির আচরণ করিবেন।

ইতি বালবগ্‌গো পঞ্‌চমো।

বালবর্গ নামক পঞ্চম বর্গ সমাপ্ত।

---

পণ্ডিতবগ্‌গো। [ ষষ্ঠ ]

৭৬। নিধীনং ব পবত্তারং যং পস্‌সে বজ্জদস্‌সিনং।
নিগ্‌গহ্যবাদিং মেধাবিং তাদিসং পণ্ডিতং ভজে।
তাদিসংভজমানস্‌স সেয়্যো হোতি ন পাপিয়ো ।১।

গুপ্তনিধি প্রদর্শকের[১] ন্যায় যিনি তোমার ত্রুটি প্রদর্শন করেন, ভর্ৎসনাকারী সেই মেধাবী পণ্ডিতের ভজনা করিবে ; তাঁহার ভজনায় মঙ্গল হয়, অমঙ্গল হয় না।

---

১ ("মৃত্তিকার নিম্নে সংরক্ষিত হিরণ্যসুবর্ণাদিপুরিত নিধিকুম্ভ কৃচ্ছ্রজীবী দুর্গত মনুষ্যকে কৃপা পূর্ব্বক 'এস, সুখে জীবনযাত্রা নির্ব্বাহের উপায় প্রদর্শন করিব' কহিয়া তাহাকে নিধিস্থানে লইয়া গিয়া হস্ত প্রসারণপূর্ব্বক প্রদর্শন করিয়া 'ইহা গ্রহণ করিয়া সুখে জীবন ধারণ কর' এইরূপ যিনি কহেন।" )

৭৭। ওবদেয্যানুসাসেয্য অসব্ভা চ নিবারয়ে।
সতং হি সো পিয়ো হোতি অসতং হোতি অপ্পিয়ো ।২।

সুপরামর্শ দিবে, উপদেশ দিবে, নিন্দনীয় আচরণ নিবারণ করিবে ; এইরূপ করিলে ধার্ম্মিকের প্রিয় হইবে, অধার্ম্মিকের অপ্রিয় হইবে।

৭৮। ন ভজে পাপকে মিত্তে ন ভজে পুরিসাধমে।
ভজেথ মিত্তে কল্যাণে ভজেথ পুরিসুত্তমে ।৩।

মিত্ররূপে পাপকারীর সংসর্গ করিও না, পুরুষাধমের সংসর্গ করিও না ; ধর্ম্মপরায়ণ মিত্রের সংসর্গ করিবে, পুরুষোত্তমের সংসর্গ করিবে।

৭৯। ধম্মপীতী সুখং সেতি বিপ্পসন্নেন চেতসা।
অরিয়প্পবেদিতে ধম্মে সদা রমতি পণ্ডিতো ।৪।

ধর্ম্মই যাঁহার পান তিনি সুখে, বিপ্রসন্নচিত্তে বাস করেন। পণ্ডিত সর্ব্বদা আর্য্যপ্রচারিত ধর্ম্মে আনন্দ লাভ করেন।

৮০ উদকং হি নয়ন্তি নেত্তিকা উসুকারা নময়ন্তি তেজনং।
দারুং নময়ন্তি তচ্ছকা অত্তানং দময়ন্তি পণ্ডিতা ।৫।

পয়ঃপ্রণালী নির্ম্মাতা ( যথেচ্ছা ) জল প্রবাহিত করে, শরনির্ম্মাণ-কারী শরের ঋজুতা সম্পাদন করে, সূত্রধর কাষ্ঠ আনত করে. পণ্ডিত আত্মদমন করেন।

৮১। সেলো যথা একঘনো বাতেন ন সমীরতি।
এবং নিন্দাপসংসাসু ন সমিঞ্জন্তি পণ্ডিতা ।৬।

ঘন শৈল যেরূপ বায়ু দ্বারা বিচলিত হয় না, সেইরূপ পণ্ডিতগণ নিন্দা ও প্রশংসায় অবিচলিত।

৮২। যথা হি রহদো গম্ভীরো বিপ্পসন্নো অনাবিলো।
এবং ধম্মানি সুত্বান বিপ্পসীদন্তি পণ্ডিতা।৭।

গভীর, স্বচ্ছ, নির্ম্মল হ্রদের ন্যায় পণ্ডিতগণ ধর্ম্মশ্রবণপূর্ব্বক শান্ত হন।

৮৩। সব্বত্থ বে সপ্পুরিসা চজন্তি
ন কামকামা লপয়ন্তি সন্তো।
সুখেন ফুট্‌ঠা অথবা দুক্‌খেন
ন উচ্চাবচং পণ্ডিতা দস্‌সয়ন্তি।৮।

সৎপুরুষগণ সর্ব্বত্রই ত্যাগশীল হন; তাঁহারা সুখকামী হইয়া বৃথা বাক্য কহেন না। সুখ অথবা দুঃখ স্পৃষ্ট হইয়া তাঁহারা উল্লসিত কিম্বা ভগ্নোদ্যম হন না।

৮৪। ন অত্তহেতু ন পরস্‌স হেতু
ন পুত্তমিচ্ছে ন ধনং ন রট্‌ঠং।
ন ইচ্ছেয্য অধম্মেন সমিদ্ধিমত্তনো
স সীলবা পঞ্‌ঞবা ধম্মিকো সিয়া।৯।

যিনি আত্মার্থে কিবা পরার্থে পুত্র, ধন অথবা রাজ্যের কামনা করেন না, যিনি অধর্ম্মের দ্বারা আপনার সমৃদ্ধি কামনা করেন না, তিনি শীলবান, প্রজ্ঞাবান ও ধাম্মিক।

৮৫। অপ্পকা তে মনুস্সেসু যে জনা পারগামিনো।
অথায়ং ইতরা পজা তীরমেবানুধাবতি ।১০।

মনুষ্যের মধ্যে যাঁহারা অপর পারে গমন করিয়াছেন, তাঁহাদের সংখ্যা অল্প ; সাধারণ মনুষ্য তীরে ধাবমান।

[ভাবার্থ—চরম লক্ষ্যে উপনীত হইবার ধৈর্য্য অল্প সংখ্যক-মনুষ্যেরই আছে। সাধারণতঃ মনুষ্যগণ সিদ্ধিলাভে উদ্যমহীন। ]

৮৬। যে চ খো সম্মদক্খাতে ধম্মে ধম্মানুবত্তিনো।
তে জনা পারমেস্সন্তি মচ্চুধেয্যং সুদুত্তরং ।১১।

কিন্তু যাঁহারা সুপ্রচারিত ধর্ম্মের অনুবর্ত্তী, তাঁহারা দুস্তর মৃত্যু-রাজ্য অতিক্রম করেন।

৮৭। কণ্হং ধম্মং বিপ্পহায় সুক্কং ভাবেথ পণ্ডিতো।
ওকা অনোকং আগম্ম বিবেকে যত্থ দূরমং ।১২।

গৃহ হইতে নিষ্ক্রান্ত ও গৃহহীন হইয়া, নির্জ্জনে ভোগহীন স্থানে অকুশল ধর্ম্ম হইতে বিরত হইয়া পণ্ডিত কুশল চিন্তা করিবেন।

৮৮। তত্রাভিরতিমিচ্ছেয্য হিত্বা কামে অকিঞ্চনো।
পরিয়োদপেয্য অত্তানং চিত্তক্লেসেহি পণ্ডিতো ।১৩।

ভোগ পরিহার করিয়া, অকিঞ্চন হইয়া ঐ স্থানের আনন্দই পণ্ডিতের স্পৃহনীয় হইবে ; তিনি চিত্ত ক্লেশ হইতে আপনাকে পরিশুদ্ধ করিবেন।

৮৯। যেসং সংবোধিঅঙ্গেসু সম্মা চিত্তং সুভাবিতং।
আদানপটিনিস্সগ্গে অনুপাদায় যে রতা।
খীণাসবা জুতীমন্তো তে লোকে পরিনিব্বুতা ।১৪।

বোধ্যঙ্গ[১] সমূহে যাঁহাদের চিত্ত সুভাবিত, যাঁহারা আসক্তি রহিত হইয়া উহার বিসর্জ্জনে আনন্দ লাভ করেন, ক্ষীণাস্রব, দ্যুতিমান তাঁহারা ইহলোকে পরিনির্বৃত।

ইতি পণ্ডিতবগ্গো ছট্ঠো।
পণ্ডিতবর্গ নামক ষষ্ঠ বর্গ সমাপ্ত।

---

## অরহন্ত বগ্গো। [৭ম]

৯০। গতদ্ধিনো বিসোকস্স বিপ্পমুত্তস্স সব্বধি।
সব্বগন্থপ্পহীনস্স পরিলাহো ন বিজ্জতি ।১।

যিনি সংসারোত্তীর্ণ, অশোক, সর্ব্বত্র বিমুক্ত, যাঁহার সর্ব্বগ্রন্থি ছিন্ন হইয়াছে, তাঁহার প্রদাহ নাই।

৯১। উয্যুঞ্জন্তি সতীমন্তো ন নিকেতে রমন্তি তে।
হংসা ব পল্ললং হিত্বা ওকমোকং জহন্তি তে ।২।

---

১ বোধি+অঙ্গ। উহাদের সংখ্যা সাত :—(১) স্মৃতি (২) বীর্য্য (৩) প্রীতি (৪) প্রশ্রব্ধি (৫) সমাধি (৬) উপেক্ষা (৭) ধর্ম্মবিচয়।

যাঁহারা স্মৃতিমান তাঁহারা উদ্যমশীল, তাঁহারা গৃহে আনন্দ লাভ করেন না ; হংস যেরূপ জলাশয় ত্যাগ করিয়া যায়, তাঁহারাও সেইরূপ সর্ব্বপ্রকার আলয় পরিত্যাগ করেন।

("যেরূপ আহার সম্পন্ন জলাশয়ে পক্ষীগণ আপনাপন আহার গ্রহণ করিয়া গমন সময়ে 'আমার জল, আমার পদ্ম, আমার উৎপল, আমার কর্ণিকা' এইরূপ ঐ স্থানে কোন প্রকার আসক্তি না করিয়া অনপেক্ষ হইয়া ঐ স্থান পরিত্যাগ পূর্ব্বক আকাশে উত্থিত ও ক্রীড়মান হইয়া গমন করে, সেইরূপ সর্ব্বত্র ভ্রমণশীল ক্ষীণাস্রবগণ গৃহস্থকুলে অলগ্ন হইয়া বিচরণ পূর্ব্বক গমন সময়ে 'আমার বিহার, আমার কক্ষ, আমার উপস্থাপক, এইরূপ আসক্তি না করিয়া অনপেক্ষ হইয়া প্রস্থান করেন।")

৯২। যেসং সংনিচয়ো নত্থি যে পরিঞ্ঞাত ভোজনা।
সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্খো যস্স গোচরো।
আকাসেব সকুন্তানং গতি তেসং দুরন্নয়া।৩।

যাঁহাদের সঞ্চয় নাই, যাঁহারা সম্যক্‌রূপে জ্ঞাত ভোজন[১] আহার করেন, শূন্যতা[২] ও অনিমিত্ততোদ্ভূত[৩] মুক্তি যাঁহাদের গোচরে, আকাশে উড্ডীয়মান বিহঙ্গের গতির ন্যায় তাঁহাদের গতিও অজ্ঞাতব্য।

---

১। যে ভোজন বিশুদ্ধ এবং গ্রহণীয় রূপে জ্ঞাত এবং যাহা অনাসক্তির সহিত গৃহীত।

২। শূন্যতা—সর্ব্ববস্তুর অস্থায়ীত্ব, অনিত্যতা। ৩। অনিমিত্ততা উপাধিহীনতা।

৯৩। যস্‌সাসবা পরিক্ষীণা আহারে চ অনিস্‌সিতো।
সুঞ্‌ঞতো অনিমিত্তো চ বিমোক্খো যস্‌স গোচরে।
আকাসে ব সকুন্তানং পদং তস্‌স দুন্নয়ং। ৪।

যাঁহার আস্রব সমূহ ক্ষীণ হইয়াছে, যিনি আহারে উদাসীন, শূন্যতা ও অনিমিত্তোদ্ভুত মুক্তি যাহার গোচরে, আকাশে উড্ডীয়মান বিহঙ্গমের গতির ন্যায় তাঁহার গতিও অজ্ঞাতব্য।

৯৪। যস্‌সিন্দ্রিয়ানি সমথং গতানি
অস্‌সা যথা সারথিনা সুদন্তা।
পহীনমানস্‌স অনাসবস্‌স
দেবা পি তস্‌স পিহয়ন্তি তাদিনো।৫।

সারথী কর্ত্তৃক সুসংযত অশ্বের ন্যায় যাঁহার ইন্দ্রিয়সমূহ দমিত, মানমুক্ত অনাস্রব সেই পুরুষ দেবগণেরও স্পৃহনীয় হন।

৯৫। পঠবী সমো নো বিরুজ্ঝতি
ইন্দখীলুপমো তাদি সুব্বতো।
রহদো ব অপেতকদ্দমো
সংসারা ন ভবন্তি তাদিনো।৬।

শীলাভিরত সেই পুরুষ পৃথিবীর ন্যায় সহিষ্ণু, স্তম্ভ সদৃশ দৃঢ়, কর্দ্দমহীন হ্রদের ন্যায়; তাদৃশের পুনর্জন্ম নাই।

৯৬। সন্তং তস্‌স মনং হোতি সন্তা বাচা চ কম্ম চ।
সম্মদঞ্‌ঞা বিমুত্তস্‌স উপসন্তস্‌স তাদিনো।৭।

সম্যক জ্ঞানবিমুক্ত শান্ত তাদৃশের মন, বাক্য ও কর্ম্ম শান্ত হয়।

৯৭। অস্‌সদ্ধো অকতঞ্‌ঞূ চ সন্ধিচ্ছেদো চ যো নরো।
হতাবকাসো বন্তাসো স বে উত্তমপোরিসো ।৮।

যিনি অশ্রদ্ধ[১], অকৃতের[২] জ্ঞান সম্পন্ন, যিনি সর্ব্বপ্রকার বন্ধন ছিন্ন ও পুনর্জন্মের বীজ নষ্ট করিয়াছেন, যিনি তৃষ্ণা বর্জ্জন করিয়াছেন, তিনিই পুরুষোত্তম।

৯৮। গামে বা যদি বারঞ্‌ঞে নিন্নে বা যদি বা থলে।
যত্থারহন্তো বিহরন্তি তং ভূমিং রামণেয্যকং ।৯।

গ্রামে, অরণ্যে, জলে, স্থলে যেখানেই অর্হৎগণ বিচরণ করেন, সেই স্থানই রমণীয়।

৯৯। রমণীয়ানি অরঞ্‌ঞানি যত্থ ন রমতি জনো।
বীতরাগা রমিস্‌সন্তি ন তে কামগবেসিনো ।১০।

মনুষ্য যেস্থানে আনন্দানুভব করে না সেই অরণ্য রমণীয় স্থান; তথায় যাঁহারা বীতরাগ তাঁহারা আনন্দ অনুভব করিবেন, তাঁহারা কামান্বেষী নহেন।

ইতি অরহন্ত বগ্‌গো সত্তমো
অরহন্ত বর্গ নামক সপ্তম বর্গ সমাপ্ত।

---

১। অপরের কথায় সহজে বিশ্বাস স্থাপন করেন না, অর্থাৎ স্থিরবুদ্ধি সম্পন্ন।

২। অকৃত—নির্ব্বাণ

## সহস্‌স বগ্‌গো [ ৮ম ]

১০০। সহস্‌সমপি চে বাচা অনত্থপদসংহিতা।
একং অত্থপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি ।১।

অর্থহীন সহস্র বাক্য অপেক্ষা সারগর্ভ শান্তি প্রদায়ী মাত্র একটি বাক্যও শ্রেয়ঃ।

১০১। সহস্‌সমপি চে গাথা অনত্থপদসংহিতা।
একং গাথাপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি ।২।

অর্থহীন সহস্র গাথা অপেক্ষা সারগর্ভ শান্তিপ্রদায়ী মাত্র একটি গাথাও শ্রেয়ঃ।

১০২। যো চ গাথাসতং ভাসে অনত্থপদসংহিতা।
একং ধম্মপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি ।৩।

অর্থহীন শত গাথার আবৃত্তি অপেক্ষা ধর্ম্মের শান্তিপ্রদায়ী মাত্র একটি পদও[১] শ্রেয়ঃ।

১০৩। যো চ সহস্‌সং সহস্‌সেন সংগামে মানুসে জিনে।
একং চ জেয্যমত্তানং স বে সংগামজুত্তমো ।৪।

একজন সহস্রবার সহস্র মানুষকে সংগ্রামে জয় করিতে পারে, কিন্তু যিনি কেবলমাত্র জেতব্য আপনাকে জয় করিয়াছেন তিনিই সর্ব্বোত্তম বিজয়ী।

---

১। "ধর্ম্মপদের একবিংশতি শ্লোকের ন্যায়।"

১০৪। অত্তা হবে জিতং সেয্যো যা চায়ং ইতরা পজা।
অত্তদন্তস্‌স পোসস্‌স নিচ্চং সংযতচারিনো ।৫।

১০৫। নেব দেবো ন গন্ধব্বো ন মারো সহ ব্রহ্মুনা।
জিতং অপজিতং কয়িরা তথারূপস্‌স জন্তুনো ।৬।

আত্মজয় সর্ব্ব জগৎ জয়ের অপেক্ষা শ্রেষ্ঠ ; নিত্য সংযতাচারী আত্মবিজয়ী পুরুষের বিজয় গৌরব দেব, গন্ধর্ব্ব, ব্রহ্মাসহ মার কেহই নষ্ট করিতে পারে না।

১০৬। মাসে মাসে সহস্‌সেন যে যজেথ সতং সমং।
একং চ ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে।
সা এব পূজনা সেয্যা যংচে বস্‌সসতং হুতং ।৭।

কেহ শতবর্ষ ধরিয়া সহস্র সহস্র ব্যয় করিয়া মাসে মাসে যজ্ঞানুষ্ঠান করিতে পারে ; কিন্তু শান্তচিত্তের পূজা মুহূর্ত্তের জন্য কেহ করিলে ঐ পূজা শতবর্ষব্যাপী যজ্ঞানুষ্ঠান অপেক্ষা শ্রেষ্ঠ।

১০৭। যো চ বস্‌সসতং জন্তু অগ্‌গিং পরিচরে বনে।
একং চ ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে।
সা যেব পূজনা সেয্যা যংচে বস্‌সসতং হুতং ।৮।

কেহ শতবর্ষ ধরিয়া অরণ্যে অগ্নির পরিচর্য্যা করিতে পারে, কিন্তু শান্তচিত্তের পূজা মুহূর্ত্তের জন্য কেহ করিলে ঐ পূজা শতবর্ষব্যাপী অগ্নিহোত্র অপেক্ষা শ্রেষ্ঠ।

১০৮। যং কিং চি যিট্‌ঠং ব হুতং ব লোকে।
সংবচ্ছরং যজেথ পুঞ্‌ঞপেক্খো।

সব্বং পি তং ন চতুভাগমেতি
অভিবাদনা উজ্জুগ্গতেসু সেয্যা ।৯।

কেহ পুণ্যাপেক্ষী হইয়া বৎসরব্যাপী যজ্ঞ বা হোত্রের অনুষ্ঠান করিলেও উহা মূল্যে যাঁহারা উৰ্দ্ধগত তাঁহাদের শ্রেষ্ঠতর পূজার যে মূল্য তাহার একচতুর্থাংশেরও সমান নয় ।

১০৯ । অভিবাদনসীলস্স নিচ্চং বদ্ধাপচায়িনো ।
চত্তারো ধম্মা বড্ঢন্তি আয়ু বণ্ণো সুখং বলং ।১০।

যিনি অভিবাদনশীল এবং নিত্য বয়োবৃদ্ধের প্রতি সম্মান প্রদর্শন নিরত, তাঁহার চতুর্ব্বিধ গুণ বৃদ্ধি প্রাপ্ত হয়—আয়ু, বর্ণ, সুখ এবং বল ।

১১০ । যো চ বস্সসতং জীবে দুস্সীলো অসমাহিতো ।
একাহং জীবিতং সেয্যো সীলবন্তস্স ঝায়িনো ।১১।

দুঃশীল ও অসমাহিতের শতবর্ষব্যাপী জীবন অপেক্ষা ধ্যায়ী শীলবন্তের একাহব্যাপী জীবন শ্রেষ্ঠ ।

১১১ । যো চ বস্সসতং জীবে দুপ্পঞ্ঞো অসমাহিতো ।
একাহং জীবিতং সেয্যো পঞ্ঞাবন্তস্স ঝায়িনো ।১২।

অজ্ঞান অসমাহিতের শতবর্ষব্যাপী জীবন অপেক্ষা জ্ঞানবান ধ্যায়ীর একাহব্যাপী জীবন শ্রেষ্ঠ ।

১১২ । যো চ বস্সসতং জীবে কুসীতো হীনবীরিয়ো ।
একাহং জীবিতং সেয্যো বিরিয়মারভতো দলহং ।১৩।

অলস হীনবীর্য্যের শতবর্ষব্যাপী জীবন অপেক্ষা একান্ত আরব্ধ-বীর্য্যের একাহব্যাপী জীবন শ্রেষ্ঠ।

১১৩। যো চ বস্সসতং জীবে অপস্সং উদয়ব্যয়ং
একাহং জীবিতং সেয্যো পস্সতো উদয়ব্যয়ং ।১৪।

আদি[১] ও অন্তের[২] দর্শনহীন শতবর্ষব্যাপী জীবন অপেক্ষা আদ্যন্তদর্শী একাহব্যাপী জীবন শ্রেষ্ঠ।

১১৪। যো চ বস্সসতং জীবে অপসসং অমতং পদং।
একাহং জীবিতং সেয্যো পস্সতো অমতং পদং ।১৫।

অমৃত পদের[৩] দর্শনহীন শতবর্ষব্যাপী জীবন অপেক্ষা উহার দর্শন সম্পন্ন একাহব্যাপী জীবন শ্রেষ্ঠ।

১১৫। যো চ বস্সসতং জীবে অপস্সং ধম্মমুত্তমং।
একাহং জীবিতং সেয্যো পস্সতো ধম্মমুত্তমং ।১৬।

উত্তম ধর্ম্মের দর্শনহীন শতবর্ষব্যাপী জীবন অপেক্ষা উহার দর্শন সম্পন্ন একাহব্যাপী জীবন শ্রেষ্ঠ।

ইতি সহস্স বগ্গো অট্ঠমো।
সহস্র বর্গ নামক অষ্টম বর্গ সমাপ্ত।

———

১। পঞ্চ স্কন্ধের উৎপত্তি। পঞ্চ স্কন্ধ :—রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান। ২। বিলয়। ৩। নির্ব্বাণ।

## পাপবগ্‌গো। [ ৯ম ]

১১৬। অভিত্থরেথ কল্যাণে পাপা চিত্তং নিবারয়ে।
দন্ধং হি করোন্তো পুঞ্‌ঞং পাপস্মিং রমতী মনো ।১।

অবিলম্বে কল্যাণরত হও, পাপ হইতে চিত্তকে নিবারিত কর, পুণ্য করিবার কালে আলস্যপরায়ণ হইলে মন পাপরত হয়।

১১৭। পাপং চে পুরিসো কয়িরা ন তং কয়িরা পুনপ্পুনং।
ন তম্‌হি ছন্দং কয়িরাথ দুক্‌খো পাপস্‌স উচ্চয়ো ।২।

পুরুষ একবার পাপকর্ম্ম করিলে যেন পুনর্ব্বার উহা না করে, চিত্ত যেন উহাতে লগ্ন না হয়, পাপের সঞ্চয় দুঃখ।

১১৮। পুঞ্‌ঞং চে পুরিসো কয়িরা কয়িরাথেতং পুনপ্পুনং।
তম্‌হি ছন্দং কয়িরাথ সুখো পুঞ্‌ঞস্‌স উচ্চয়ো ।৩।

পুরুষ পুণ্য কর্ম্ম করিলে যেন পুনঃপুনঃ উহা করে ; উহাতে যেন চিত্ত লগ্ন হয়, পুণ্যের সঞ্চয় সুখ।

১১৯। পাপোপি পস্‌সতি ভদ্রং যাব পাপং ন পচ্চতি।
যদা চ পচ্চতি পাপং অথ পাপো পাপানি
পস্‌সতি ।৪।

যতদিন পাপ কর্ম্ম ফল প্রসব না করে ততদিন পাপী উহাতে সুখানুভব করে ; কিন্তু যখন উহা ফল প্রসব করে তখন সে উহার অমঙ্গল দর্শন করে।

১২০। ভদ্রো পি পস্সতি পাপং যাব ভদ্রং ন পচ্চতি।
যদা চ পচ্চতি ভদ্রং অথ ভদ্রো ভদ্রানি পস্সতি ।৫।

পুণ্য যতদিন ফলপ্রসূ না হয় ততদিন পুণ্যবান দুঃখানুভব করেন, কিন্তু উহা যখন ফল প্রসব করে তখন তিনি সুখলাভ করেন।

১২১। মাপ্পমঞ্ঞেথ পাপস্স ন মং তং আগমিস্সতি।
উদবিন্দুনিপাতেন উদকুম্ভো পি পূরতি।
পূরতি বালো পাপস্স থোকথোকং পি আচিনং ।৬।

"পাপ আমাকে স্পর্শ করিবে না" এইরূপ মনে করিয়া উহাকে সামান্য জ্ঞান করিও না। বিন্দু বিন্দু বারিপাতে কুম্ভও পূর্ণ হয়। অল্পে অল্পে পাপ সঞ্চয় করিয়া নির্ব্বোধ পাপপূর্ণ হয়।

১২২। মাপ্পমঞ্ঞেথ পুঞ্ঞস্স ন মং তং আগমিস্সতি।
উদবিন্দুনিপাতেন উদকুম্ভো পি পূরতি।
পূরতি ধীরো পুঞ্ঞস্স থোকথোকং পি আচিনং ।৭।

"পুণ্য আমার লভ্য নয়" এইরূপ মনে করিয়া উহাকে অকিঞ্চিৎকর জ্ঞান করিও না, বিন্দু বিন্দু বারিপাতে কুম্ভও পূর্ণ হয়। অল্পে অল্পে পুণ্য সঞ্চয় করিয়া জ্ঞানী পুণ্য পূর্ণ হন।

১২৩। বাণিজো ব ভয়ং মগ্গং অপ্পসত্থো মহদ্ধনো।
বিসং জীবিতুকামো ব পাপানি পরিবজ্জয়ে ।৮।

সার্থবাহের সংখ্যা অল্প হইলে ধনী বণিক যেরূপ ভয় সঙ্কুলিত মার্গ পরিহার করেন, সেইরূপ জীবন যাঁহার প্রিয় তিনি বিষের ন্যায় পাপ বর্জ্জন করিবেন।

১২৪। পাণিম্‌হি চে বণো নাস্‌স হরেয্য পাণিনা বিসং।
নাব্বণং বিসমন্বেতি নত্থি পাপং অকুব্বতো ।৯।

অক্ষত হস্তদ্বারা বিষ স্পর্শ করা সম্ভব, অক্ষত দেহ বিষাভিভূত হয় না। যিনি পাপ করেন না, তিনি অমঙ্গল দ্বারা অস্পৃষ্ট।

১২৫। যো অপ্পদুট্‌ঠস্‌স নরস্‌স দুস্‌সতি সুদ্ধস্‌স
পোসস্‌স অনঙ্গণস্‌স।
তমেব বালং পচ্চেতি পাপং সুখুমো রজো
পটিবাতং ব খিত্তো ।১০।

যে নির্দ্দোষী, শুদ্ধ, নিষ্পাপ পুরুষের অনিষ্ট করে, বিরুদ্ধ বায়ুতে ক্ষিপ্ত সূক্ষ্মরজের ন্যায় পাপ সেই নির্ব্বোধের উপরই পতিত হয়।

১২৬। গব ভমেকে উপ্পজ্জন্তি নিরয়ং পাপ কম্মিনো।
সগ্‌গং সুগতিনো যন্তি পরিনিব্বন্তি অনাসবা ।১১।

কেহ কেহ পুনর্জন্ম গ্রহণ করে, পাপী নিরয়গামী হয়। ধর্ম্ম-পরায়ণ স্বর্গে গমন করেন, যাঁহারা অনাস্রব তাঁহারা নির্ব্বাণপ্রাপ্ত হন।

১২৭। ন অন্তলিক্‌খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্বতানং বিবরং পবিস্‌স।
ন বিজ্জতি সো জগতি প্পদেসো
যত্রট্‌ঠিতো মুঞ্চেয্য পাপকম্মা ।১২।

কি অন্তরীক্ষ, কি সমুদ্রমধ্য, কি পর্ব্বত বিবর—জগতে এমন কোন স্থানই নাই যেখানে প্রবেশ করিয়া অথবা স্থিত হইয়া পাপকর্ম্মের ফল হইতে নিষ্কৃতি সম্ভব।

১২৮। ন অন্তলিক্খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্বতানং বিবরং পবিস্স।
ন বিজ্জতি সো জগতি প্পদেসো
যত্রট্ঠিতং নপ্পসহেথ মচ্চু ।১৩।

অন্তরীক্ষ, সমুদ্র মধ্য, পর্ব্বত বিবর—যেখানেই যাও, জগতে এমন কোন স্থানই নাই যেখানে প্রবেশ করিয়া অথবা স্থিত হইয়া মৃত্যুর বশীভূত হইবে না।

ইতি পাপবগ্গো নবমো।
পাপবর্গ নামক নবম বর্গ সমাপ্ত।

———

## দণ্ড বগ্গো। [ ১০ম ]

১২৯। সব্বে তসন্তি দণ্ডস্স সব্বে ভায়ন্তি মচ্চুনো।
অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতয়ে ।১।

দণ্ড সকলেরই ত্রাস, মৃত্যু সকলের নিকটই ভয়ঙ্কর। সকলকেই আত্মোপম জ্ঞান করিয়া প্রাণের হানি করিও না অথবা হানির কারণ হইও না।

১৩০। সব্বে তসন্তি দণ্ডস্স সব্বেসং জীবিতং পিয়ং।
অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতয়ে ।২।

দণ্ড সকলেরই ত্রাস, জীবন সকলেরই প্রিয়। সকলকেই আত্মোপম জ্ঞান করিয়া প্রাণের হানি করিও না অথবা হানির কারণ হইও না।

১৩১। সুখকামানি ভূতানি যো দণ্ডেন বিহিংসতি।
অত্তনো সুখমেসানো পেচ্চ সো ন লভতে সুখং ।৩।

আত্মসুখ কামনায় যে সুখকামী জীবের হিংসা সাধন করে, মরণান্তে সে সুখ লাভ করে না।

১৩২। সুখকামানি ভূতানি যো দণ্ডেন ন হিংসতি।
অত্তনো সুখমেসানো পেচ্চ সো লভতে সুখং ।৪।

আত্মসুখ কামনায় যে সুখকামী জীবের হিংসা সাধন করে না, মরণান্তে সে সুখ লাভ করে।

১৩৩। মা বোচ ফরুসং কং চি বুত্তা পটিবদেয্যু তং।
দুক্খা হি সারম্ভকথা পটিদণ্ডা ফুসেয্যু তং ।৫।

কাহাকেও পুরুষ বাক্য কহিও না, যাহাদিগকে কহিবে তাহারাও তোমার প্রতি ঐরূপ বাক্যই প্রয়োগ করিবে। ক্রোধোদ্দীপক বাক্য দুঃখের জনক, উহা প্রতিফল প্রসূ।

১৩৪। সচে নেরেসি অত্তানং কংসো উপহতো যথা।
এস পত্তো সি নিব্বাণং সারম্ভো তে ন বিজ্জতি ।৬।

যদি ভগ্ন কংসের ন্যায় আপনাকে নীরব নিশ্চল রাখিতে পার, তাহা হইলে তুমি নির্ব্বাণপ্রাপ্ত, তুমি সংরম্ভ মুক্ত।

১৩৫। যথা দণ্ডেন গোপালো গাবো পাচেতি গোচরং।
এবং জরা চ মচ্চু চ আয়ুং পাচেন্তি পাণিনং ।৭।

যেরূপ গোপালক দণ্ডদ্বারা গো সমূহ গোচর ভূমিতে চালিত করে, সেইরূপ জরা ও মৃত্যু জীবের আয়ুকে চালিত করে।

("জরা ও মৃত্যু গোপালকের ন্যায়; জীবের আয়ু গোগণের ন্যায়, মরণ গোচর ভূমির ন্যায়। জন্ম জীবগণের আয়ু জরার নিকট প্রেরণ করে, জরা ব্যাধির নিকট প্রেরণ করে, ব্যাধি মরণের নিকট।")

১৩৬। অথ পাপানি কম্মানি করং বালো ন বুজ্ঝতি।
সেহি কম্মেহি দুম্মেধো অগ্গিদড্ঢো ব তপ্পতি ।৮।

পাপকর্ম্ম করিয়া নির্ব্বোধ বুঝিতে পারে না; মূঢ় স্বকৃত কর্ম্ম দ্বারা অগ্নিদগ্ধের ন্যায় তাপিত হয়।

১৩৭। যে দণ্ডেন অদণ্ডেষু অপ্পদুট্ঠেসু দুস্সতি।
দসন্নমঞ্ঞতরং ঠানং খিপ্পমেব নিগচ্ছতি ।৯।

যে নিরস্ত্র নিরপরাধকে দণ্ডিত করে, সে অবিলম্বে দশ গতির অন্যতম গতি প্রাপ্ত হয়।

১৩৮। বেদনং ফরুসং জানিং সরীরস্স চ ভেদনং।
গরুকং বাপি আবাধং চিত্তক্খেপং ব পাপুণে ।১০।

সে দারুণ মর্ম্মপীড়া, ক্ষতি, অঙ্গহানি, কঠিন ব্যাধি এবং উন্মত্ততায় উপনীত হয়।

১৩৯। রাজতো বা উপসগ্গং অব্ভক্খানং ব দারুণং।
পরিক্খয়ং ব ঞাতীনং ভোগানং ব পভঙ্গুরং ।১১।

সে রাজদণ্ড, দারুণ অপবাদ, জ্ঞাতিক্ষয়, এবং ধনহানী প্রাপ্ত হয়।

১৪০। অথবস্স অগারানি অগ্গি ডহতি পাবকো।
কায়স্স ভেদা দুপ্পঞ্ঞো নিরয়ং সো
উপপজ্জতি ।১২।

অথবা প্রজ্জ্বলিত অগ্নি কর্ত্তৃক তাহার গৃহ দগ্ধ হয় ; দেহান্তে সেই মূঢ় নিরয়প্রাপ্ত হয়।

১৪১। ন নগ্গচরিয়া ন জটা ন পঙ্কা
নানাসকা থণ্ডিলসায়িকা বা।
রজো চ জল্লং উক্কুটিকপ্পধানং
সোধেন্তি মচ্চং অবিতিন্নকঙ্খং।১৩।

নগ্নাবস্থান, জটা, পঙ্ক, উপবাস, ভূমিশয্যা, ভস্ম, স্বেদমল, উৎকুটিক অবস্থান[১]—এই সকলের কিছুই তৃষ্ণাধীন মনুষ্যকে শুদ্ধি দান করিতে পারে না।

১৪২। অলংকতো চে পি সমং চরেয্য
সন্তো দন্তো নিয়তো ব্রহ্মচারী।
সব্বেসু ভূতেসু নিধায় দণ্ডং
সো ব্রাহ্মণো সো সমণো স ভিক্খু।১৪।

অলঙ্কৃত হইয়াও যিনি শমচারী ; যিনি শান্ত, দান্ত, সুসংযত, ব্রহ্মচারী ; যিনি সর্ব্বভূতে হিংসারহিত, তিনিই ব্রাহ্মণ, তিনিই শ্রমণ, তিনিই ভিক্ষু।

১৪৩। হিরীনিসেধো পুরিসো কোচি লোকস্মিং বিজ্জতি।
যো নিন্দং অপ্পবোধতি অসসো ভদ্রো কসামিব।১৫।

---

১। আসন বিশেষ : পদতল দৃঢ়রূপে ভূমিতে স্থাপনপূর্ব্বক দেহকে ক্রমশঃ নত করিতে হইবে এবং সঙ্গে সঙ্গে গুল্ফ অল্পে অল্পে ভূমি হইতে উচ্চে উঠিবে, এইরূপে জঙ্ঘা ও উরুর পশ্চাদ্ভাগ যুক্ত হইয়া পশ্চাদ্দেশ ভূমি হইতে ছয় ইঞ্চি পরিমাণ উচ্চে অবস্থান করিবে।

যিনি হ্রী-দ্বারা স্বীয় অকুশলবিতর্কের নিবারণ করেন, যিনি সুশিক্ষিত কশাঘাত নিবারী[১] অশ্বের ন্যায় নিন্দার উৎপত্তির পূর্বেই উহা অবগত হন, সেরূপ পুরুষ জগতে আছে কি ?

১৪৪। অস্সো যথা ভদ্রো কসানিবিট্ঠো
আতাপিনো সংবেগিনো ভবাথ।
সদ্ধায় সীলেন চ বীরিয়েন চ
সমাধিনা ধম্মবিনিচ্ছয়েন চ।
সংপন্নবিজ্জাচরণা পটিস্সতা
পহস্সথ দুক্খমিদং অনপ্পকং।১৬।

কশাস্পৃষ্ট শিক্ষিত অশ্বের ন্যায় ক্ষিপ্র ও তেজস্বী হইবে ; শ্রদ্ধা, শীল, বীর্য্য, সমাধি, ধর্ম্মবিনিশ্চয় দ্বারা বিদ্যাচরণ ও স্মৃতিসম্পন্ন হইয়া তুমি এই দুঃখরাশি অতিক্রম করিবে।

১৪৫। উদকং হি নয়ন্তি নেত্তিকা উসুকারা নময়ন্তি তেজনং।
দারুং নময়ন্তি তচ্ছকা অত্তানং দময়ন্তি সুব্বতা।১৭।

[ শ্লোক সং ৮০ এবং এই শ্লোক একই। ]

ইতি দণ্ড বগ্গো দসমো।

দণ্ডবর্গ নামক দশমবর্গ সমাপ্ত।

---

১। সুশিক্ষিত অশ্ব যেরূপ আপনার উপর কশাঘাত পতিত হইতে দেয় না।

## জরাবগ্গো। [ ১১শ ]

১৪৬। কো নু হাসো নিমানন্দো নিচ্চং পজ্জলিতে সতি।
অন্ধকারেন ওনদ্ধা পদীপং ন গবেস্সথ ।১।

কিসের হাসি? কি আনন্দ, যখন এই জগৎ নিত্য পুড়িয়া যাইতেছে? অন্ধকারে আচ্ছন্ন হইয়া প্রদীপের সন্ধান করিবে না?

১৪৭। পস্স চিত্তকতং বিম্বং অরুকায়ং সমুস্সিতং।
আতুরং বহুসংকপ্পং যস্স নত্থি ধুবং ঠিতি ।২।

চিত্রীকৃত, স্তুপীকৃত, ক্ষতসঙ্কুল, ব্যাধিপীড়িত, বহু সঙ্কল্প পূর্ণ, স্থিতিহীন এই দেহের প্রতি দৃষ্টিপাত কর।

১৪৮। পরিজিণ্ণমিদং রূপং রোগনিড্ডং পভঙ্গুরং।
ভিজ্জতি পূতিসংদেহো মরণন্তং হি জীবিতং ।৩।

ক্ষয়প্রাপ্ত এই দেহ রোগের আলয় ও ক্ষণ-ভঙ্গুর ; এই পূতিসমষ্টি ছিন্ন হইয়া যায়, জীবন মরণে অবসিত হয়।

১৪৯। যানিমানি অপত্থানি অলাপূনেব সারদে।
কাপোতকানি অট্ঠীনি তানি দিস্বান কা রতি ।৪।

শরৎ কালের অব্যবহার্য্য অলাবুর ন্যায় কপোত বর্ণ ( ধূসর ) এই যে অস্থি নিচয়, ইহা দেখিলে আনন্দের স্থান কোথায়!

১৫০। অট্ঠীনং নগরং কতং মংসলোহিতলেপনং।
যত্থ জরা চ মচ্চু চ মানো মক্খো চ ওহিতো ।৫।

মাংস ও রক্তের অবলেপনে আচ্ছাদিত অস্থি নির্ম্মিত এই নগর—ইহাতে জরা, মৃত্যু, মান ও বিদ্বেষ রক্ষিত।

১৫১। জীরন্তি বে রাজরথা সুচিত্তা
অথো সরীরং পি জরংউপেতি।
সতং চ ধম্মো ন জরং উপেতি
সন্তো হবে সব্ভি পবেদয়ন্তি ।৬।

বিচিত্র রাজরথ জীর্ণ হয়, সেইরূপ মনুষ্যদেহও জরাপ্রাপ্ত হয়, কিন্তু পুণ্যাত্মাদিগের ধর্ম্ম জরার অতীত, তাঁহারা পণ্ডিতগণকে ইহা কহিয়াছেন।

১৫২। অপ্পসস্সুতায়ং পুরিসো বলিবদ্দো ব জীরতি।
মংসানি তস্স বড্ঢন্তি পঞ্ঞা তস্স ন বড্ঢতি ।৭।

জ্ঞানহীন পুরুষ বলিবর্দ্দের ন্যায় বৃদ্ধিপ্রাপ্ত হয়, তাহার মাংস বর্দ্ধিত হয়, প্রজ্ঞা বর্দ্ধিত হয় না।

১৫৩। অনেকজাতিসংসারং সংধাবিস্সং অনিব্বিসং।
গহকারকং গবেসন্তো দুক্খা জাতি পুনপ্পুনং ।৮।

[ এই শ্লোক এবং ইহার পরবর্ত্তী শ্লোক বৌদ্ধ সাহিত্যে বিখ্যাত। ঐ শ্লোকদ্বয়ে সংরক্ষিত বাক্য স্বয়ং বুদ্ধ কর্ত্তৃক বোধিদ্রুম তলে তদীয় সিদ্ধিলাভের অব্যবহিত পরেই উচ্চারিত হইয়াছিল। ]

১৫৪। গহকারক দিট্ঠোসি পুন গেহং ন কাহসি।
সব্বা তে ফাসুকা ভগ্গা গহকূটং বিসংখিতং।
বিসংখারগতং চিত্তং তণ্হানং খয়মজ্ঝগা ।৯।

জ্ঞানাভাবে গৃহকারকের অনুসন্ধানে আমি বহু জন্ম অতিক্রম করিয়াছি ; পুনঃপুনঃ জন্ম গ্রহণ দুঃখ।

কিন্তু, গৃহকারক! এইবার তুমি ধৃত হইয়াছ, আর তুমি গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না। তোমার পর্শুকা সমূহ ভগ্ন ও গৃহকুট-বিদীর্ণ হইয়াছে। আমার চিত্ত নির্ব্বাণগত, তৃষ্ণাক্ষয়প্রাপ্ত।

১৫৫। অচরিত্বা ব্রহ্মচরিয়ং অলদ্ধা যোব্বনে ধনং।
জিণ্ণকোঞ্চা ব ঝায়ন্তি খীনমচ্ছে ব পল্ললে ।১০।

ব্রহ্মচর্য্যের আচরণ না করিয়া, যৌবনে ধনাহরণ না করিয়া, মনুষ্য মৎস্যহীন সরোবরে জীর্ণ ক্রৌঞ্চের ন্যায় বিনাশ প্রাপ্ত হয়।

১৫৬। অচরিত্বা ব্রহ্মচরিয়ং অলদ্ধা যোব্বনে ধনং।
সেন্তি চাপা তিখীণা ব পুরাণানি অনুত্থুনং ।১১।

ব্রহ্মচর্য্যের আচরণ না করিয়া, যৌবনে ধনাহরণ না করিয়া, অতীতের অনুশোচনায় মনুষ্য অতিজীর্ণ ধনুর ন্যায় পড়িয়া থাকে।

ইতি জরাবগ্গো একাদসমো।

জরাবর্গ নামক একাদশবর্গ সমাপ্ত।

---

## অত্তবগ্গো। [ ১২শ ]

১৫৭। অত্তানং চে পিয়ং জঞ্ঞা রক্খেয্য নং সুরক্খিতং।
তিণ্ণমঞ্ঞতরং যামং পটিজগ্গেয্য পণ্ডিতো ।১।

যদি আপনি আপনাকে প্রিয়জ্ঞান কর, তাহা হইলে আপনাকে সযত্নে রক্ষা করিবে। জ্ঞানী ত্রিযামের অন্যতম যাম জাগ্রত চিত্তে অতি-বাহিত করিবেন। [ অর্থাৎ ধ্যানে অতিবাহিত করিবেন। ]

১৫৮। অত্তানমেব পঠমং পতিরূপে নিবেসয়ে।
অথঞ্ঞমনুসাসেয্য ন কিলিস্সেয্য পণ্ডিতো ।২।

প্রথমে আপনাকে কল্যাণে নিয়োজিত করিবে, পরে অপরকে শিক্ষা দান করিবে। এইরূপ করিলে জ্ঞানী ক্লিষ্ট হইবেন না।

১৫৯। অত্তানং চে তথা কয়িরা যথঞ্ঞমনুসাসতি।
সুদন্তো বত দমেথ অত্তা হি কির দুদ্দমো ।৩।

অপরকে যেরূপ শিক্ষাদান করিবে, সেইরূপে আপনাকে গঠিত করিবে। আপনি সুসংযত হইলে অপরকে সংযত করিতে পারিবে, আপনাকে সংযত করা সত্যই কঠিন।

১৬০। অত্তা হি অত্তনো নাথো কো হি নাথো পরো সিয়া।
অত্তনা হি সুদন্তেন নাথং লভতি দুল্লভং ।৪।

আপনিই আপনার আশ্রয়, উহা ভিন্ন অন্য আশ্রয় দাতা আর কে আছে? আপনাকে সুসংযত করিলে দুর্লভ শরণের লাভ হয়।

১৬১। অত্তনা ব কতং পাপং অত্তজং অত্তসংভবং।
অভিমন্থতি দুম্মেধং বজিরং বম্হময়ং মণিং ।৫।

আত্মকৃত, আত্মজনিত, আত্মোদ্ভূত পাপ, পাষাণগর্ভোদ্ভূত হীরক যেরূপ পাষাণকে চূর্ণ করে, সেইরূপ নির্ব্বোধকে চূর্ণ করে।

১৬২। যস্স অচ্চন্তদুস্সীল্যং মালুবা সালমিবোততং।
করোতি সো তথত্তানং যথা নং ইচ্ছতী দিসো ।৬।

সালবৃক্ষ বেষ্টনকারী মালুবা লতার ন্যায় অত্যন্ত দুঃশীল আচরণ যাহাকে বেষ্টন করে, সে শত্রু তাহাকে যে অবস্থায় দেখিতে ইচ্ছা করে, আপনাকে সেই অবস্থায়ই আনীত করে।

১৬৩। সুকরানি অসাধূনি অত্তনো অহিতানি চ।
যং বে হিতং চ সাধুং চ তং বে পরমদুক্করং ।৭।

অশুভ, আপনার অহিতকর কর্ম্ম সুকর ; যাহা হিতকর এবং শুভ সেরূপ কর্ম্ম দুষ্কর।

১৬৪। যো সাসনং অরহতং অরিয়ানং ধম্মজীবিনং।
পটিক্কোসতি দুম্মেধো দিট্ঠিং নিস্সায় পাপিকং ॥
ফলানি কট্ঠকস্সেব অত্তঘঞ্ঞায় ফল্লতি ।৮।

যে মূঢ় মিথ্যা দৃষ্টি আশ্রয় করিয়া ধর্ম্মজীবি অরহত আর্য্যদিগের শাসন প্রত্যাখ্যান করে, সে আত্মঘাতার্থে ফলোৎপাদনকারী বংশ বৃক্ষের ন্যায়।

১৬৫। অত্তনা ব কতং পাপং অত্তনা সংকিলিস্সতি।
অত্তনা অকতং পাপং অত্তনা ব বিসুজ্ঝতি ।৯।
সুদ্ধি অসুদ্ধি পচ্চত্তং নাঞ্ঞো অঞ্ঞং-
বিসোধয়ে ।৯।

মানুষ আপনি পাপ করিয়া আপনাকে অশুদ্ধ করে, আপনি পাপ না করিয়া আপনার বিশুদ্ধি সাধন করে ; শুদ্ধি আপনার, অশুদ্ধিও আপনারই। একে অন্যকে শুদ্ধ করিতে পারে না।

১৬৬। অত্তদত্থং পরত্থেন বহুনাপি ন হাপয়ে।
অত্তদত্থমভিঞ্ঞায় সদত্থপসুতো সিয়া ।১০।

অপরের বহু উপকারের জন্যও আত্মহিত পরিত্যাগ করিবে না ; আত্মহিত বিচার করিয়া উহাতেই প্রযুক্ত হইবে।

ইতি অত্তবগ্গো দ্বাদসমো।

আত্মবর্গ নামক দ্বাদশ বর্গ সমাপ্ত।

## লোকবগ্‌গো। [ ১৩শ ]

১৬৭। হীনং ধম্মং ন সেবেয্য পমাদেন ন সংবসে।
মিচ্ছাদিট্‌ঠিং ন সেবেয্য ন সিয়া লোকবদ্ধনো ।১।

কু-অভ্যাসগত হইও না, অলস হইও না। মিথ্যা দৃষ্টি আশ্রয় করিও না, সংসারপ্রিয় হইও না।

১৬৮। উত্তিট্‌ঠে নপ্পমজ্জেয্য ধম্মং সুচরিতং চরে।
ধম্মচারী সুখং সেতি অস্মিং লোকে পরম্‌হি চ ।২।

উত্থানশীল হইবে, আলস্যের প্রশ্রয় দিবে না, সুচরিত ধর্ম্মের সেবা করিবে ; ধর্ম্মচারী ইহলোকে ও পরলোকে সুখে কালযাপন করেন।

১৬৯। ধম্মং চরে সুচরিতং ন তং দুচ্চরিতং চরে।
ধম্মচারী সুখং সেতি অস্মিং লোকে পরম্‌হি চ ।৩।

সুচরিত ধর্ম্মের সেবা করিবে, পাপ ধর্ম্মের সেবা করিও না, ধর্ম্মচারী ইহলোকে ও পরলোকে সুখে কালযাপন করেন।

১৭০। যথা বুব্বুলকং পস্‌সে যথা পস্‌সে মরীচিকং।
এবং লোকং অবেক্‌খন্তং মচ্চু রাজা ন পস্‌সতি ।৪।

যিনি জগতকে বুদ্বুদ ও মরীচিকার ন্যায় দর্শন করেন, তিনি মৃত্যুরাজের দর্শনের অতীত।

১৭১। এথ পস্‌সথিমং লোকং চিত্তং রাজরথূপমং।
যত্থ বালা বিসীদন্তি নত্থি সংগো বিজানতং ।৫।

অতএব এস বিচিত্র রাজরথ সদৃশ এই জগতের প্রতি দৃষ্টিপাত কর, জ্ঞানহীন এই স্থানে অবসাদগ্রস্ত হয়, কিন্তু জ্ঞানী ইহাতে বিরক্ত।

১৭২। যো চ পুব্বে পমজ্জিত্বা পচ্ছা সো ন প্পমজ্জতি।
সোমং লোকং পভাসেতি অব্ভা মুত্তো ব চন্দিমা ।৬।

যে পূর্ব্বে প্রমাদী হইয়া পশ্চাৎ প্রমাদ পরিহার করে, সে অভ্রমুক্ত চন্দ্রের ন্যায় এই পৃথিবীকে প্রভাসিত করে।

১৭৩। যস্স পাপং কতং কম্মং কুশলেন পিথীয়তি।
সোমং লোকং পভাসেতি অব্ভা মুত্তো ব চন্দিমা ।৭।

যাহার কৃত পাপ কর্ম্ম কুশল কর্ম্ম দ্বারা আবারিত হয়, সে মেঘমুক্ত চন্দ্রের ন্যায় এই পৃথিবীকে প্রভাসিত করে।

১৭৪। অন্ধভূতো অয়ং লোকো তনুকেত্থ বিপস্সতি।
সকুন্তো জালমুত্তো ব অপ্পো সগ্গায় গচ্ছতি ।৮।

এই জগত অন্ধ, এই স্থানে অল্পসংখ্যকই দৃষ্টিশক্তি সম্পন্ন ; পাশ-মুক্ত বিহঙ্গমের সংখ্যা অল্প, অল্প সংখ্যকই স্বর্গে গমন করে।

১৭৫। হংসা আদিচ্চপথে যন্তি আকাশে যন্তি ইদ্ধিয়া।
নীয়ন্তি ধীরা লোকম্হা জেত্বা মারং সবাহনং ।৯।

হংস আকাশে উড্ডীয়মান হয়, ঋদ্ধিমান আকাশ পথে গমন করেন ; জ্ঞানী সবাহন মারকে জয় করিয়া ইহলোক হইতে মুক্ত হন।

১৭৬। একং ধম্মং অতীতস্স মুসাবাদিস্স জন্তুনো।
বিতিণ্ণপরলোকস্স নত্থি পাপং অকারিয়ং ।১০।

যে ধর্ম্মবিধি লঙ্ঘন করিয়া মিথ্যাভাষী হয়, পরলোককে উপহাস করে, তাহার অকরণীয় পাপ নাই।

১৭৭। ন বে কদরিয়া দেবলোকং বজন্তি
বালা হবে নপ্পসংসন্তি দানং।
ধীরো চ দানং অনুমোদমানো
তেনেব সো হোতি সুখী পরত্থ ।১১।

যাহারা কৃপণ তাহারা দেবলোকে গমন করে না, যাহারা নির্ব্বোধ তাহারাই দানের মূল্যে জ্ঞাত নয়; জ্ঞানী দানে আনন্দ লাভ করিয়া পরলোকে সুখী হন।

১৭৮। পথব্যা একরজ্জেন সগ্গস্স গমনেন বা।
সব্বলোকাধিপচ্চেন সোতাপত্তিফলং বরং ।১২।

পৃথিবীর রাজত্ব, স্বর্গ গমন এবং সর্ব্বলোকের উপর আধিপত্য অপেক্ষাও স্রোতাপত্তি[১] ফল শ্রেষ্ঠ।

ইতি লোকবগ্গো তেরসমো।

ইতি লোকবর্গ নামক ত্রয়োদশ-বর্গ সমাপ্ত।

---

## বুদ্ধবগ্গো। [ ১৪শ ]

১৭৯। যস্স জিতং নাবজীয়তি জিতমস্স নোযাতি কোচি লোকে।
তং বুদ্ধমনন্তগোচরং অপদং কেন পদেন নেস্সথ ।১।

১। নির্ব্বাণের প্রথম সোপানরূপ আর্য্য অষ্টাঙ্গ মার্গে প্রবেশ। ইহার চারি অঙ্গ: বুদ্ধের শরণ গ্রহণ, ধর্ম্মের শরণ গ্রহণ, সঙ্ঘের শরণ গ্রহণ এবং শীল সমূহের গ্রহণ।

যাঁহার জয় অক্ষয়, যাঁহার বিজয় মন্দিরে কেহ প্রবেশ করিতে পারে না, যিনি বুদ্ধ সর্ব্বদর্শী, বর্ণনাতীত, তাঁহাকে তুমি কোন্ পথে চালিত করিবে?

১৮০। যস্স জালিনী বিসত্তিকা তণ্হা নত্থি কুহিংচি নেতবে।
তং বুদ্ধমনন্তগোচরং অপদং কেন পদেন নেস্সথ ।২।

বিষময় তৃষ্ণার জাল যাঁহাকে চালিত করিতে পারে না, যিনি বুদ্ধ, সর্ব্বদর্শী, বর্ণনাতীত, তাঁহাকে তুমি কোন্ পথে চালিত করিবে?

১৮১। যে ঝানপসুতা ধীরা নেক্খম্মূপসমে রতা।
দেবা পি তেসং পিহয়ন্তি সংবুদ্ধানং সতীমতং ।৩।

যাঁহারা জ্ঞানী, ধ্যাননিযুক্ত এবং বৈরাগ্যের শান্তিতে রত, সেই সকল সম্বুদ্ধ স্মৃতিমান পুরুষ দেবগণেরও স্পৃহনীয়।

১৮২। কিচ্ছো মনুস্সপটিলাভো কিচ্ছং মচ্চান জীবিতং।
কিচ্ছং সদ্ধম্মসবণং কিচ্ছো বুদ্ধানমুপ্পাদো ।।৪।।

মনুষ্য জন্ম দুর্লভ, মনুষ্য জীবন কষ্টদায়ক, সদ্ধর্ম্মের শ্রবণ দুষ্কর, বুদ্ধগণের উৎপত্তি বিরল।

১৮৩। সব্বপাপস্স অকরণং কুসলস্স উপসংপদা।
সচিত্তপরিয়োদপনং এতং বুদ্ধান সাসনং ।৫।

সর্ব্বপাপ হইতে বিরতি, কুশলের সম্পাদন, স্বচিত্তের শুদ্ধি—ইহাই বুদ্ধদিগের উপদেশ।

১৮৪। খন্তী পরমং তপো তিতিক্ষা
নিব্বাণং পরমং বদন্তি বুদ্ধা।
ন হি পব্বজিতো পরূপঘাতী।
সমনো হোতি পরং বিহেঠয়ন্তো ।৬।

ক্ষান্তি এবং তিতিক্ষা পরম তপ। নিব্বাণ বুদ্ধগণ কর্ত্তৃক সর্ব্ব-শ্রেষ্ঠ কথিত হয়। যে পরোপঘাতী সে প্রব্রজিত নহে, যে পরোৎপীড়ক সে শ্রমণ নহে।

১৮৫। অনুপবাদো অনুপঘাতো পাতিমোক্‌খে চ সংবরো।
মত্তঞ্‌ঞুতা চ ভত্তস্মিং পন্তং চ সয়নাসনং।
অধিচিত্তে চ আযোগো এতং বুদ্ধান সাসনং।৭।

উপবাদ ও উপঘাত রাহিত্য, প্রাতি মোক্ষ[1] সংযম, ভোজনে মাত্রাজ্ঞতা, শয়নাসনের নির্জ্জনতা, উচ্চচিন্তার অনুশীলন—ইহাই বুদ্ধগণের উপদেশ।

১৮৬। ন কহাপণবস্‌সেন তিত্তি কামেসু বিজ্জতি।
অপ্পস্‌সাদা দুখ্‌খা কামা ইতি বিঞ্‌ঞায়
পণ্ডিতো ।৮।

সুবর্ণ মুদ্রার বর্ষণেও ইন্দ্রিয় সমূহের তৃপ্তি নাই; ইন্দ্রিয়ের পরিতৃপ্তি অল্পস্বাদ, উহা দুঃখ—ইহা যিনি জ্ঞাত হইয়াছেন তিনি পণ্ডিত।

১৮৭। অপি দিব্বেসু কামেসু রতিং সো নাধিগচ্ছতি।
তণ্‌হক্‌খয়রতো হোতি সম্মাসম্বুদ্ধসাবকো।৯।

সম্যক সম্বুদ্ধের শ্রাবক স্বর্গ-সুখেও রতিহীন; তিনি তৃষ্ণাক্ষয়ে রত।

১৮৮। বহুং বে সরণং যন্তি পব্বতানি বনানি চ।
আরামরুক্‌খচেত্যানি মনুস্‌সা ভয়তজ্জিতা।১০।

---

১। বিনয় পিটকোক্ত ভিক্ষুদিগের পালনীয় স্বীকারোক্তি সম্বন্ধীয় নিয়মাবলী।

মনুষ্য ভয়তর্জ্জিত হইয়া পর্ব্বত, অরণ্য, প্রমোদোদ্যান, বৃক্ষ-চৈত্যের আশ্রয় হইয়া থাকে।

১৮৯। নেতং খো সরণং খেমং নেতংসরণমুত্তমং।
নেতং সরণমাগম্ম সব্বদুক্খা পমুচ্চতি।১১।

এই আশ্রয় নিরাপদ নহে, ইহা উত্তম নহে ; ইহা গ্রহণ করিয়া সর্ব্বদুঃখ হইতে মুক্তি হয় না।

১৯০। যো চ বুদ্ধং চ ধম্মং চ সংঘং চ সরণং গতো।
চত্বারি অরিয়সচ্চানি সম্মপ্পঞ্ঞায় পস্সতি।১২।

১৯১। দুক্খং দুক্খসমুপ্পাদং দুক্খস্স চ অতিক্কমং।
অরিয়ং চট্ঠঙ্গিকং মগ্গং দুক্খূপসমগামিনং।১৩।

১৯২। এতং খো সরণং খেমং এতং সরণমুত্তমং।
এতং সরণমাগম্ম সব্বদুক্খা পমুচ্চতি।১৪।

যিনি বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘের শরণ গ্রহণ করেন, যিনি চারি আর্য্য সত্য সম্যক প্রজ্ঞার দ্বারা দর্শন করেন।

চারি আর্য্য সত্য, যথা—দুঃখ, দুঃখের উৎপত্তি, দুঃখের নিরোধ এবং দুঃখ শান্তকারী আর্য্য অষ্টাঙ্গ মার্গ।

তাঁহার গৃহীত শরণই নিরাপদ, তাহাই উত্তম ; এই শরণ গ্রহণ করিলে সর্ব্বদুঃখ হইতে মুক্তি হয়।

১৯৩। দুল্লভো পুরিসাজঞ্ঞো ন সো সব্বত্থ জায়তি।
যত্থ সো জায়তি ধীরো তং কুলং সুখমেধতি।১৫।

মহাপুরুষ দুর্লভ, তিনি যেখানে সেখানে জন্মগ্রহণ করেন না ; যেখানে সেই জ্ঞানী পুরুষ জন্মগ্রহণ করেন, সেই কুল সুখসমৃদ্ধ হয়।

১৯৪। সুখো বুদ্ধানমুপ্পাদো সুখা তদ্ধম্মদেসনা।
সুখা সংখস্স সামগ্গী সমগ্গানং তপো
সুখো ।১৬।

বুদ্ধদিগের উৎপত্তি শুভ, তাঁহাদিগের ধর্ম্মদেশনা শুভ ; সঙ্ঘে ঐক্য শুভ, যাঁহারা ঐক্যগত তাঁহাদের তপ শুভ।

১৯৫। পূজারহে পূজয়তো বুদ্ধে যদি ব সাবকে।
পপঞ্চ সমতিক্কন্তে তিণ্ণসোকপরিদ্দবে ।১৭।

১৯৬। তে তাদিসে পূজয়তো নিব্বুতে অকুতোভয়ে।
ন সক্কা পুঞ্ঞং সংখাতুং ইমেত্তমপি কেনচি ।১৮।

যাঁহারা প্রপঞ্চসমূহ অতিক্রম করিয়াছেন, যাঁহারা শোক ও বিলাপের অতীত, যাঁহারা নির্বৃত ও অকুতোভয় সেই সকল পূজার্হ বুদ্ধ অথবা তাঁহাদের শ্রাবকগণকে যিনি পূজা করেন, তাঁহার পুণ্য অপরিমেয়।

ইতি বুদ্ধবগ্গো চতুদ্দসমো।
পঠমকভাণবারং নিট্ঠিতং ॥
বুদ্ধবর্গ নামক চতুর্দ্দশ বর্গ সমাপ্ত।
প্রথম ভাণবার[১] সমাপ্ত।

## সুখবগ্গো। [ ১৫শ ]

১৯৭। সুসুখং বত জীবাম বেরিনেসু অবেরিনো।
বেরিনেসু মনুস্সেসু বিহরাম অবেরিনো ।১।

১। ভাণবার—আবৃত্তির নিমিত্ত ধর্ম্মগ্রন্থের বিভক্ত অংশ

শত্রুর প্রতি শত্রুতায় বিরত হইয়া আমরা সুখে কালাতিপাত করিব ; মনুষ্যের মধ্যে যাহারা শত্রু তাহাদের প্রতি শত্রুতা হীন হইয়া আমরা বাস করিব।

১৯৮। সুসুখং বত জীবাম আতুরেসু অনাতুরা।
আতুরেসু মনুস্সেসু বিহরাম অনাতুরা ।২।

আতুরের মধ্যে অনাতুর হইয়া আমরা সুখে জীবন যাপন করিব ; মনুষ্যের মধ্যে যাহারা রোগী তাহাদের মধ্যে অরোগী হইয়া আমরা বাস করিব।

১৯৯। সুসুখং বত জীবাম উস্সুকেসু অনুস্সুকা।
উস্সুকেসু মনুস্সেসু বিহরাম অনুস্সুকা ।৩।

লোভীদিগের মধ্যে নির্লোভ হইয়া আমরা সুখে জীবন যাপন করিব ; মনুষ্যের মধ্যে যাহারা লোভী তাহাদের মধ্যে নির্লোভ হইয়া বাস করিব।

২০০। সুসুখং বত জীবাম যেসং নো নত্থি কিং চনং।
পীতিভক্খা ভবিস্সাম দেবা আভস্সরা যথা ।৪।

আমরা অকিঞ্চন হইয়া সুখে কালাতিপাত করিব ; আভাস্বর দেবগণের ন্যায় প্রীতি-ভোজী হইব।

২০১। জয়ং বেরং পসবতি দুক্খং সেতি পরাজিতো।
উপসন্তো সুখং সেতি হিত্বা জয়পরাজয়ং ।৫।

জয় হইতে বৈর উৎপন্ন হয়, পরাজিত দুঃখ অনুভব করে, যিনি শান্তচিত্ত তিনি জয় ও পরাজয় ত্যাগ করিয়া সুখানুভব করেন।

২০২। নত্থি রাগসমো অগ্‌গি নত্থি দোসসমো কলী।
নত্থি খন্ধাদিসা দুক্‌খা নত্থি সন্তিপরং সুখং ।৬।

আসক্তির ন্যায় অগ্নি নাই, দ্বেষের ন্যায় অমঙ্গল নাই; স্কন্ধ[১] সমূহের ন্যায় দুঃখ নাই, শান্তির ন্যায় সুখ নাই।

২০৩। জিঘচ্ছা পরমা রোগা সংখারা পরমা দুখা।
এতং ঞত্বা যথাভূতং নিব্বাণং পরমং সুখং ।৭।

ক্ষুধা কঠিনতম ব্যাধি, জীবন দারুণ দুঃখ। ইহা যথারূপে জ্ঞাত হইলে নির্ব্বাণই পরম সুখ।

২০৪। আরোগ্যপরমা লাভা সংটুঠি পরমতুং ধনং।
বিস্‌সাসপরমা ঞাতি নিব্বাণং পরমং সুখং ।৮।

আরোগ্য শ্রেষ্ঠ লাভ, সন্তুষ্টি শ্রেষ্ঠ ধন; বিশ্বস্ত মিত্র শ্রেষ্ঠ জ্ঞাতি, নিব্বাণ শ্রেষ্ঠ সুখ।

২০৫। পবিবেকরসং পীত্বা রসং উপসমস্‌স চ।
নিদ্দরো হোতি নিপ্পাপো ধম্মপীতিরসংপিবং ।৯।

নির্জ্জন বাস ও শান্তির রস পান করিয়া ধর্ম্ম প্রীতিরস পানে মনুষ্য নির্ভয় ও নিষ্পাপ হয়।

২০৬। সাধু দস্‌সনমরিয়ানং সংনিবাসো সদা সুখো।
অদস্‌সনেন বালানং নিচ্চমেব সুখী সিয়া ।১০।

---

১। স্কন্ধ সমূহ :—রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান। মানুষ ঐ পঞ্চ স্কন্ধের সমষ্টি মাত্র।

আর্য্যদিগের দর্শন শুভ, সর্ব্বদা তাঁহাদের সহবাস শুভ ; মূর্খের দর্শন পরিহার করিলে সুখ লাভ হইবে।

২০৭। বালসংগতচারী হি দীঘমদ্ধানং সোচতি।
দুক্খো বালেহি সংবাসো অমিত্তেনেব সব্বদা।
ধীরো চ সুখসংবাসো ঞাতীনং ব সমাগমো।১১।

মূর্খের সংসর্গকারী দীর্ঘকাল অনুতপ্ত হয় ; অমিত্রের সংসর্গ যেরূপ সর্ব্বদা অশুভজনক সেইরূপ মূর্খের সহিত সংসর্গও দুঃখ প্রসূ হয়। জ্ঞাতি সমাগমের ন্যায় পণ্ডিতের সহবাস সুখজনক।

২০৮। ধীরং চ পঞ্ঞঞং চ বহুস্সুতং চ
ধোরহ্যসীলং বত বন্তমরিয়ং।
তং তাদিসং সপ্পুরিসং সুমেধং
ভজেথ নক্খত্তপথং ব চন্দিমা।১২।

জ্ঞানবান, প্রজ্ঞাবান, বহুশ্রুত, শীলে দৃঢ় প্রতিষ্ঠ, কর্ত্তব্যপরায়ণ, আর্য্য, মেধাবী, সৎ পুরুষকে চন্দ্র যেরূপ নক্ষত্র পথকে অনুসরণ করে, সেইরূপ অনুসরণ করিবে।

ইতি সুখবগ্গো পন্নরসমো।
সুখবর্গ নামক পঞ্চদশ বর্গ সমাপ্ত।

## পিয় বগ্গো। [ ১৬শ ]

২০৯। অযোগে যুঞ্জমত্তানং যোগস্মিং চ অযোজয়ং।
অত্থং হিত্বা পিয়গ্গাহী পিহেতত্তানুযোগিনং ।১।

অযোগ্য যুক্ত হইয়া যোগ্যে অযুক্ত হইয়া যথার্থহিত পরিহারী সুখান্বেষী আত্মানুযোগীকে স্পৃহনীয় মনে করিবে।

২১০। মা পিয়েহি সমাগচ্ছি অপ্পিয়েহি কুদাচনং।
পিয়ানং অদস্সনং দুক্খং অপ্পিয়ানং চ দস্সনং ।২।

প্রিয় এবং অপ্রিয় উভয়েরেই স্পৃহা পরিত্যাগ করিবে। প্রিয়ের অদর্শন দুঃখ, অপ্রিয়ের দর্শন দুঃখ।

২১১। তস্মা পিয়ং ন কয়িরাথ পিয়াপায়ো হি পাপকো।
গন্থা তেসং ন বিজ্জন্তি যেসংনত্থি পিয়াপ্পিয়ং ।৩।

অতএব প্রিয়ানুরাগী হইও না, প্রিয়বিচ্ছেদ অশুভ ; যাঁহার প্রিয় ও অপ্রিয় নাই তিনি গ্রন্থিহীন।

২১২। পিয়তো জায়তী সোকো পিয়তো জায়তী ভয়ং।
পিয়তো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতোভয়ং ।৪।

প্রিয় হইতেই শোক ও ভয়ের উৎপত্তি হয়, যাঁহার প্রিয় নাই তাঁহার শোকও নাই, ভয়ও নাই।

২১৩। পেমতো জায়তী সোকো পেমতো জায়তী ভয়ং।
পেমতো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতো ভয়ং ।৫।

প্রেম হইতে ভয় ও শোকের উৎপত্তি হয়, যাঁহার প্রেম নাই তাঁহার শোকও নাই, ভয়ও নাই।

২১৪। রতিয়া জায়তী সোকো রতিয়া জায়তী ভয়ং।
রতিয়া বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতোভয়ং ।৬।

আসক্তি হইতে ভয় ও শোকের উৎপত্তি হয়, যিনি আসক্তি মুক্ত তাঁহার শোকও নাই, ভয়ও নাই।

২১৫। কামতো জায়তী সোকো কামতো জায়তী ভয়ং।
কামতো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতোভয়ং ।৭।

কাম হইতে ভয় ও শোকের উৎপত্তি হয়, যিনি কামমুক্ত তাঁহার শোকও নাই, ভয়ও নাই।

২১৬। তণ্হায় জায়তী সোকো তণ্হায় জায়তী ভয়ং।
তণ্হায় বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতোভয়ং ।৮।

তৃষ্ণা হইতে শোক ও ভয়ের উৎপত্তি হয়, যিনি তৃষ্ণা বিমুক্ত তাঁহার শোকও নাই, ভয়ও নাই।

২১৭। সীলদস্সনসম্পন্নং ধম্মট্ঠং সচ্চবাদিনং।
অত্তনো কম্মকুব্বানং তং জনো কুরুতে পিয়ং ।৯।

শীল ও দর্শনসম্পন্ন, ধর্ম্মস্থ, সত্যবাদী, কর্ত্তব্যপরায়ণ পুরুষ মনুষ্যের প্রিয় হয়।

২১৮। ছন্দজাতো অনক্খাতে মনসা চ ফুটো সিয়া।
কামেসু চ অপ্পটিবদ্ধচিত্তো উদ্ধং সোতোতি বুচ্চতি ।১০।

যিনি অবর্ণনীয়ে ( নির্ব্বাণ ) লগ্নচিত্ত, স্ফুটমানস, কামে অপ্রতিবদ্ধ-চিত্ত, তিনি ঊর্দ্ধস্রোত[১] কথিত হন।

১। স্রোতের প্রতিকূলে সন্তরণকারী। এইস্থানে স্রোত শব্দের অর্থ জীবন প্রবাহ।

২১৯। চিরপ্পবাসীং পুরিসং দূরতো সোত্থিমাগতং।
ঞাতিমিত্তা সুহজ্জা চ অভিনন্দাতি আগতং।১১।

দীর্ঘ প্রবাসান্তে পুরুষ যখন দূর দেশ হইতে সুস্থদেহে গৃহে প্রত্যাবর্ত্তন করেন, তখন জ্ঞাতি, মিত্র ও সুহৃদগণ তাঁহাকে অভিনন্দন করে।

২২০। তথেব কতপুঞ্ঞং পি অস্মা লোকা পরং শতং।
পুঞ্ঞানি পটিগহ্নন্তি পিয়ং ঞাতী ব আগতং।১২।

সেইরূপই পুন্যবান ইহলোক হইতে পরলোকে গত হইলে, তাঁহার পুণ্যকর্ম্ম সমূহ, জ্ঞাতিগণ যেরূপ আগত প্রিয়ের অভিনন্দন করে, সেইরূপ তাঁহাকে সাদরে গ্রহণ করে।

ইতি পিয় বগ্গো সোলসমো।
প্রিয় বর্গ নামক ষোড়শ বর্গ সমাপ্ত।

———

## কোধ বগ্গো [ ১৭শ ]

২২১। কোধং জহে বিপ্পজহেয্য মানং
সংযোজনং সববং অতিক্কমেয্য।
তং নামরূপস্মিং অসজ্জমানং
অকিংচনং নানুপতন্তি দুক্খা।১।

ক্রোধ ও মান পরিত্যাগ করিবে, সর্ব্ব সংযোজন[১] অতিক্রম করিবে। যিনি নামরূপে অলগ্ন ও অকিঞ্চন, দুঃখ তাঁহাকে স্পর্শ করিবে না।

---

১। পুনর্জন্মের চক্রে বদ্ধকারী শৃঙ্খল। উহা সংখ্যায় দশ :—সৎকায় দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রতপরামর্শ, কামছন্দ, ব্যাপাদ, রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা।

২২২। যো বে উপ্পতিতং কোধং রথং ভন্তং ব ধারয়ে।
তমহং সারথিং ব্রূমি রস্মিগ্‌গাহো ইতরো জনো ।২।

ক্রোধ উৎপন্ন হইলে যিনি উহাকে ভ্রান্ত রথের ন্যায় সংযত করেন, তাঁহাকেই আমি সারথী করিব, অপর সকলে রশ্মিগ্রাহক মাত্র।

২২৩। অক্কোধেন জিনে কোধং অসাধুং সাধুনা জিনে।
জিনে কদরিয়ং দানেন সচ্চেন অলীকবাদিনং ।৩।

স্বয়ং ক্রোধহীন হইয়া ক্রোধকে জয় করিবে, মঙ্গল দ্বারা অমঙ্গল জয় করিবে; কৃপণকে দান দ্বারা জয় করিবে, মিথ্যাবাদিকে সত্যের দ্বারা জয় করিবে।

২২৪। সচ্চং ভণে ন কুজ্ঝেয্য দজ্জাপ্পস্মিং পি যাচিতো।
এতেহি তীহি ঠানেহি গচ্ছে দেবান সন্তিকে ।৪।

সত্য কহিবে, ক্রোধ করিও না, অল্প হইলেও প্রার্থীকে দান করিবে; এই ত্রিবিধ সৎকর্ম্মের দ্বারা দেবলোকে গমন করিতে পারিবে।

২২৫। অহিংসকা যে মুনযো নিচ্চং কায়েন সংবুতা।
তে যন্তি অচ্চুতং ঠানং যত্থ গন্ত্বা ন সোচরে ।৫।

অহিংসা ও সর্ব্বদা কায়সংযমরত জ্ঞানীগণ, যেখানে গমন করিলে দুঃখ নাই, সেই অচ্যুত স্থানে গমন করেন।

২২৬। সদা জাগরমানানং অহোরত্তানুসিক খিনং।
নিববাণং অধিমুত্তানং অত্থং গচ্ছন্তি আসবা ।৬।

সর্ব্বদা জাগরণশীল, দিবারাত্র অধ্যয়নরত, নির্ব্বাণাধিগতচিত্তের আস্রব সমূহ ক্ষীণ হইবে।

২২৭। পোরাণমেতং অতুল নেতং অজ্জতনামিব।
নিন্দান্তি তুণ্হীমাসীনং নিন্দন্তি বহুভাণিনং।
মিতভাণিনং পি নিন্দন্তি নত্থি লোকে অনিন্দিতো।৭।

হে অতুল,[১] ইহা পৌরাণিক ধর্ম্ম, আধুনিক নহে :—যিনি মৌনী হইয়া অবস্থান করেন, তিনিও নিন্দিত হন, যিনি বহুভাষী তিনিও নিন্দিত হন, যিনি মিতভাষী তিনিও নিন্দিত হন, পৃথিবীতে অনিন্দিত কেহই নাই।

২২৮। ন চাহু ন চ ভবিস্সতি ন চেতরহি বিজ্জতি।
একন্তং নিন্দিতো পোসো একন্তং বা পসংসিতো।৮।

সর্ব্বাংশে নিন্দিত অথবা সর্ব্বাংশে প্রশংসিত পুরুষ কখনও ছিল না, কখনও হইবে না এবং এখনও বিদ্যমান নাই।

২২৯। যং চে বিঞ্ঞূ পসংসন্তি অনুবিচ্চ সুবে সুবে।
অচ্ছিদ্দবুত্তিং মেধাবিং পঞ্ঞাসীল সমাহিতং।৯।

২৩০। নেক্খং জম্বোনদস্সেব কো তং নিন্দিতুমরহতি।
দেবাপি নং পসংসন্তি ব্রহ্মুনা পি পসংসিতো।১০।

জ্ঞানীগণ প্রতিদিন সম্যক বিচারান্তে যাঁহার প্রশংসা করেন, সেই জ্ঞান, প্রজ্ঞা ও শীল সমন্বিত, উজ্জ্বল স্বর্ণ সদৃশ নিষ্কলঙ্ক পুরুষকে কে নিন্দা করিতে সমর্থ? দেবগণও তাঁহার প্রশংসা করেন, ব্রহ্মাও তাঁহার প্রশংসা করেন।

---

১। এই স্থানে বুদ্ধ অতুল নামক জনৈক শিষ্যকে সম্বোধন করিতেছেন।

২৩১। কায়প্পকোপং রক্‌খেয্য কায়েন সংবুতো সিয়া।
কায়দুচ্চরিতং হিত্বা কায়েন সুচরিতং চরে।১১।

কায় কুকর্ম্ম হইতে বিরত হইয়া কায় সংযত হইবে; অমঙ্গলাচরণ পরিত্যাগ করিয়া মঙ্গলাচরণে রত হইবে।

২৩২। বচীপকোপং রক্‌খেয্য বাচায় সংবুতো সিয়া।
বচীদুচ্চরিতং হিত্বা বাচায় সুচরিতং চরে।১২।

জিহ্বার প্রকোপ বর্জ্জন করিয়া বাক্‌সংযত হইবে; বাক্যের দ্বারা দুরাচরণ না করিয়া উহা দ্বারা মঙ্গলাচরণ করিবে।

২৩৩। মনোপকোপং রক্‌খেয্য মনসা সংবুতো সিয়া।
মনোদুচ্চরিতং হিত্বা মনসা সুচরিতং চরে।১৩।

মানসিক উত্তেজনা পরিত্যাগ করিয়া মন সংযত হইবে; মন দ্বারা দুরাচরণ না করিয়া উহা দ্বারা মঙ্গলাচরণ করিবে।

২৩৪। কায়েন সংবুতা ধীরা অথো বাচায় সংবুতা।
মনসা সংবুতা ধীরা তে বে সুপরিসংবুতা।১৪।

যে সকল জ্ঞানী কায় সংযত, বাক্‌ সংযত এবং মন সংযত, তাঁহারা সত্যই সুসংযত।

ইতি কোধ বগ্‌গো সত্তরসমো।

ক্রোধ বর্গ নামক সপ্তদশবর্গ সমাপ্ত।

———

## মল বগ্‌গো [ ১৮শ ]

২৩৫। পণ্ডুপলাসো ব দানিসি যমপুরিসা পি তং উপট্‌ঠিতা।
উয্যোগমুখে চ তিট্‌ঠসি পাথেয্যং পি চ তে ন বিজ্জতি ॥১॥

তুমি এক্ষণে বিবর্ণ পতনোন্মুখ বৃক্ষপত্রের ন্যায়, যমদূতগণ তোমার জন্য প্রস্তুত ; তুমি মৃত্যুমুখে স্থিত, তোমার পাথেয়[১] ও নাই।

২৩৬। সো করোহি দীপমত্তনো খিপ্পং বায়ম পণ্ডিতো ভব।
নিদ্ধন্তমলো অনঙ্গণো দিব্বং অরিয়ভূমিমেহিসি ॥২॥

আপনার নিমিত্ত দ্বীপ নির্ম্মাণ কর, অবিলম্বে উদ্যমযুক্ত ও পণ্ডিত হও ; বিধৌতমল ও নিষ্কলঙ্ক হইয়া তুমি আর্য্যদিগের দিব্য ধামে গমন করিবে।

২৩৭। উপনীতোবয়ো চ দানিসি
সংপযাতো সি যমস্‌স সন্তিকে।
বাসো পি চ তে নত্থি অন্তরা
পাথেয্যং পি চ তে ন বিজ্জতি ॥৩॥

তুমি বিগত যৌবন, যম সকাশে গম্যমান ; পথে তোমার বাসস্থান নাই, তোমার পাথেয়ও নাই।

২৩৮। সো করোহি দীপমত্তনো খিপ্পং বায়ম পণ্ডিতো ভব।
নিদ্ধন্তমলো অনঙ্গণো ন পুন জাতিজরং উপেহিসি ॥৪॥

---

১। "পথিকের তণ্ডুলাদি পাথেয়ের ন্যায় পরলোকে গমনকারীর পুণ্যরূপ পাথেয়।"

আপনার নিমিত্ত দ্বীপ নির্ম্মাণ কর, অবিলম্বে উদ্যমযুক্ত ও পণ্ডিত হও ; বিধৌতমল ও নিষ্কলঙ্ক হইয়া তুমি পুনরায় জন্ম ও জরায় প্রবেশ করিবে না।

২৩৯। অনুপুব্বেন মেধাবী থোকথোকং খণে খণে।
কম্মারো রজতস্সেব নিদ্ধমে মলমত্তনো ।৫।

কর্ম্মকার যেরূপ রজত হইতে মল দূরীভূত করে, সেইরূপ জ্ঞানবান একে একে, অল্পে অল্পে, ক্ষণে ক্ষণে, স্বীয় অশুদ্ধি দূর করিবেন।

২৪০। অযসা ব মলং সমুট্ঠিতং তদুট্ঠায় তমেব খাদতি
এবং অতি ধোনচারিনং সানি কম্মানি নয়ন্তি
'দুগ্গতিং ।৬।

লৌহ হইতে জাত কলঙ্ক লৌহকেই ভক্ষণ করে ; সেইরূপ অধর্ম্ম-চারীর স্বকৃতকর্ম্ম তাহাকেই দুর্গতিগ্রস্ত করে।

২৪১। অসজ্ঝায়মলা মন্তা অনুট্ঠানমলা ঘরা।
মলং বণ্ণস্স কোসজ্জং পমাদো রক্খতো মলং ।৭।

অনভ্যাস মন্ত্রের মল, অসংস্কার গৃহের মল, আলস্য সৌন্দর্য্যের মল, অনবধানতা রক্ষীর মল।

২৪২। মলিত্থিয়া দুচ্চরিতং মচ্ছরং দদতো মলং।
মলা বে পাপকা ধম্মা অস্মিং লোকে পরম্হি চ ।৮।

দুঃশীলতা নারীর মল, মাৎসর্য্য দানকারীর মল, পাপাচরণ ইহ ও পরলোকে মল।

২৪৩। ততো মলা মলতরং অবিজ্জা পরমং মলং।
এতং মলং পহত্বান নিম্মলা হোথ ভিক্খবো ।৯।

ঐ সকল অপেক্ষা গভীরতর মল অবিদ্যা, উহা মলাধম। এই মল দূর করিয়া, ভিক্ষুগণ, তোমরা নির্ম্মল হও।

২৪৪। সুজীবং অহিরীকেন কাকসূরেন ধংসিনা।
পক্খন্দিনা পগব্ভেন সংকিলিংট্ঠেন জীবিতং ।১০।

যে নির্লজ্জ, কাকবীর,[১] পরানিষ্টরত, দাম্ভিক, প্রগল্ভ, কলুষিত, তাহার পক্ষে জীবনযাত্রা নির্ব্বাহ সহজসাধ্য।

২৪৫। হিরীমতা চ দুজ্জীবং নিচ্চং সুচিগবেসিনা।
অলীনেনপ্পগব্ভেন সুদ্ধাজীবেন পস্সতা ।১১।

হ্রী-সম্পন্ন, শুদ্ধিকামী, আসক্তিহীন, অপ্রগল্ভ, শুদ্ধজীবিকা সম্পন্নের জীবন কঠিন।

২৪৬। যো পাণমতিপাতেতি মুসাবাদং চ ভাসতি।
লোকে অদিন্নং আদিয়তি পরদারং চ গচ্ছতি ।১২।

২৪৭। সুরামেরয় পানং চ যো নরো অনুযুঞ্জতি।
ইধেবমেসো লোকস্মিং মূলং খনতি অত্তনো ।১৩।

যে জীবহিংসা করে, মিথ্যা কহে, অদত্ত দ্রব্য গ্রহণ করে, পরদাররত হয়, পানাসক্ত হয়, এই জগতেই সে আপনার মূল উৎপাটন করে।

---

১। কাকের ন্যায় বীর অর্থাৎ নির্লজ্জ ও বিবেক বর্জ্জিত।

২৪৮। এবং ভো পুরিস জানাহি পাপধম্মা অসঞ্‌ঞতা।
মা তং লোভো অধম্মো চ চিরংদুকখায় রন্ধয়ুং।১৪।

হে নর, যাহারা অসংযত তাহারা পাপাচারী, ইহা জানিও ; লোভ ও অধর্ম্ম যেন তোমাকে দীর্ঘকালব্যাপী দুঃখে নিমজ্জিত না করে।

২৪৯। দদাতি বে যথাসদ্ধং যথাপসাদনং জনো।
তত্থ যো মংকু ভবতি পরেসং পান ভোজনে।
ন সো দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি।১৫।

মনুষ্য স্বীয় শ্রদ্ধা ও রুচি অনুসারে দান করে, অপরের পান ভোজন দেখিয়া যাহার চিত্ত ক্ষুব্ধ হয়, সে দিবা বা রাত্রি কোন সময়েই সমাধিতে উপনীত হয় না।

২৫০। যস্‌স চেতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং।
স বে দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি।১৬।

যাহার এই চিত্তক্ষোভ বিনষ্ট ও সমূলে উৎপাটিত হইয়াছে, দিবা-রাত্রি সর্ব্বসময়েই সমাধি তাহার লভ্য।

২৫১। নত্থি রাগসমো অগ্‌গি নত্থি দোসসমো গহো।
নত্থি মোহসমং জালং নত্থি তন্‌হাসমা নদী।১৭।

আসক্তিসম অগ্নি নাই, দ্বেষসম গ্রহ নাই, মোহসম জাল নাই, তৃষ্ণাসম প্লাবন নাই।

২৫২। সুদস্সং বজ্জমঞ্ঞেসং অত্তনো পন দুদ্দসং।
পরেসং সো হি বজ্জানি ওপুণাতি যথা ভুসং।
অত্তনো পন ছাদেতি কলিং ব কিতবা সঠো ।১৮।

অপরের দোষ সহজেই দৃষ্ট হয়, কিন্তু আপনার দোষ দুর্দ্দর্শ ; তুষের আচ্ছাদন দূরীকরণের ন্যায় মানুষ অপরের দোষ অনাবৃত করে, কিন্তু দ্যুতনিপুণ শঠ যেরূপ অক্ষের ভ্রান্ত নিক্ষেপ লুক্কায়িত করে, সেইরূপ মানুষও আপনার দোষ গোপন করে।

২৫৩। পরবজ্জানুপস্সিস্স নিচ্চং উজ্ঝানসঞ্ঞিনো।
আসবা তস্স বড্ঢন্তি আরা সো আসবক্খয়া ।১৯।

যে পরোদোষদর্শী, সর্ব্বদা পরছিদ্রান্বেষী, তাহার আস্রবসমূহ বর্দ্ধিত হয়, সে আস্রব ক্ষয় হইতে দূরে।

২৫৪। আকাসে পদং নত্থি সমণো নত্থি বাহিরে
পপঞ্চাভিরতা পজা নিপ্পপঞ্চা তথাগতা ।২০।

আকাশে পদচিহ্ন হয় না, বাহ্য দেখিয়া শ্রামণ্য সিদ্ধ হয় না ; সাংসারিক প্রপঞ্চাভিরত, যাঁহারা তথাগত তাঁহারা প্রপঞ্চমুক্ত।

২৫৫। আকাসে পদং নত্থি সমণো নত্থি বাহিরে।
সংখারা সস্সতা নত্থি নত্থি বুদ্ধানমিঞ্জিতং ।২১।

আকাশে পদচিহ্ন হয় না, বাহ্যের দর্শনে শ্রামণ্য সিদ্ধ হয় না ; বিশ্বের কুত্রাপি নিত্যতা নাই, কিন্তু যাঁহারা বুদ্ধ তাঁহারা নিষ্কম্প।

ইতি মল বগ্গো অট্ঠারসমো।

মলবর্গ নামক অষ্টাদশ বর্গ সমাপ্ত।

———

## ধম্মট্‌ঠ বগ্‌গো [ ১৯ ]

২৫৬। ন তেন হোতি ধম্মট্‌ঠো যেনত্থং সহসা নয়ে।
যো চ অত্থং অনত্থং চ উভো নিচ্ছেয্য পণ্ডিতো ।১।

২৫৭। অসাহসেন ধম্মেন সমেন নয়তী পরে।
ধম্মস্‌স গুত্তো মেধাবী ধম্মট্‌ঠো তি পবুচ্চতি ।২।

যিনি হঠকারীতার সহিত কোন বিষয় বিচার করেন, তিনি ধর্ম্মস্থ নহেন ; যে পণ্ডিত ব্যক্তি অর্থ ও অনর্থ উভয়ই বিচার করেন, বল প্রয়োগের আশ্রয় না লইয়া ধর্ম্ম ও ন্যায় দ্বারা অপরকে চালিত করেন, যিনি ধর্ম্মরক্ষিত, বুদ্ধিমান, তিনিই ধর্ম্মস্থ উক্ত হন।

২৫৮। ন তেন পণ্ডিতো হোতি যাবতা বহু ভাসতি।
খেমী অবেরী অভয়ো পণ্ডিতো তি পবুচ্চতি ৩।

বাচালতা দ্বারা কেহ পণ্ডিত হয় না ; যিনি সহিষ্ণু, বৈর ও ভয়-মুক্ত তিনিই পণ্ডিত।

২৫৯। ন তাবতা ধম্মধরো যাবতা বহু ভাসতি।
যো চ অপ্পং পি সুত্বান ধম্মং কায়েন পস্‌সতি।
স বে ধম্মধরো হোতি যো ধম্মং নপ্পমজ্জতি ।৪।

বাচালতা দ্বারা কেহ ধর্ম্মধর হয় না ; যিনি অল্পশ্রুত হইয়াও ধর্ম্মের আচরণ করেন এবং উহা হইতে ভ্রষ্ট হন না তিনিই ধর্ম্মধর।

২৬০। ন তেন থেরো হোতি যেনস্‌স ফলিতং সিরো।
পরিপক্কো বয়ো তস্‌স মোঘজিণ্ণো তি বুচ্চতি ।৫।

পক্ক কেশ দ্বারা কেহ থের[১] হয় না; উহা মাত্র বৃদ্ধ বয়সের পরিচায়ক, কিন্তু ঐ বার্দ্ধক্য নিষ্ফল কথিত হয়।

২৬১। যম্‌হি সচ্চং চ ধম্মো চ অহিংসা সংযমো দমো।
স বে বন্তমলো ধীরো থেরো তি পবুচ্চতি ।৬।

সত্য, ধর্ম্ম, অহিংসা, সংযম, দম যাঁহাতে বর্ত্তমান, সেই নির্ম্মল ও জ্ঞানবান পুরুষই থের উক্ত হন।

২৬২। ন বাক্করণমত্তেন বণ্ণপোক্‌খরতায় বা।
সাধুরূপো নরো হোতি ইসসুকী মচ্ছরী সঠো ।৭।

মাত্র বাক্য অথবা বর্ণ সৌন্দর্য্য দ্বারা ঈর্ষ্যালু, মৎসরী, শঠ ব্যক্তি সাধু হয় না।

২৬৩। যস্‌স চেতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং।
স বন্তদোসো মেধাবী সাধুরূপো তি বুচ্চতি ।৮।

যাঁহার এই সকল উচ্ছিন্ন, উৎপাটিত ও বিনষ্ট হইয়াছে সেই দ্বেষ-মুক্ত জ্ঞানবান পুরুষই সাধু অভিহিত হন।

---

১। বয়োবৃদ্ধ বৌদ্ধ ভিক্ষু।

২৬৪। ন মুণ্ডকেন সমণো অব্বতো অলিকং ভণং।
ইচ্ছালোভসমাপন্নো সমণো কিং ভবিস্সতি।৯।

ব্রতহীন মিথ্যাভাষী মস্তক মুণ্ডন দ্বারা শ্রমণ হয় না; ইচ্ছা ও লোভ সম্পন্ন কি শ্রমণ হইতে পারে?

২৬৫। যো চ সমেতি পাপানি অণুংথুলানি সব্বসো।
সমিতত্তা হি পাপানং সমণো তি পবুচ্চতি।১০।

যিনি ক্ষুদ্র ও বৃহৎ সর্ব্বপ্রকার পাপ দমন করিয়াছেন, পাপের শমন হেতু তিনি শ্রমণ উক্ত হন।

২৬৬। ন তেন ভিক্খু হোতি যাবতা ভিক্খতে পরে।
বিস্সং ধম্মং সমাদায় ভিক্খু হোতি ন তাবতা।১১।

ভিক্ষা করিয়াই কেহ ভিক্ষু হয় না; ধর্ম্মের সর্ব্বাঙ্গীন গ্রহণেই ভিক্ষু হয়, মাত্র ভিক্ষাচরণে নহে।

২৬৭। যোধ পুঞ্ঞঞ্চ পাপং চ বাহেত্বা ব্রহ্মচরিয়বা।
সংখায় লোকে চরতি স বে ভিক্খুতি বুচ্চতি।১২।

ইহলোকে যে ব্রহ্মচর্য্যবান পুণ্য ও পাপের অতীত হইয়া, বিদুর হইয়া বিচরণ করেন, তিনিই ভিক্ষু কথিত হন।

২৬৮। ন মোনেন মুনী হোতি মূলহরূপো অবিদ্দসু।
যো চ তুলং ব পগ্গহ্য বরমাদায় পণ্ডিতো।১৩।

২৬৯। পাপানি পরিবজ্জেতি স মুনী তেন সো মুনী।
যো মুনাতি উভো লোকে মুনি তেন পবুচ্চতি।১৪।

মূঢ় অজ্ঞান মাত্র মৌন দ্বারা মুনি হয় না; যে পণ্ডিত তুলামান করণের ন্যায় অমঙ্গল বর্জ্জন পূর্ব্বক মঙ্গল গ্রহণ করেন, তিনিই মুনি, তদ্বারাই তিনি মুনি হন। যিনি ইহ ও পরলোকের বিচার করেন তিনি তদ্বারা মুনি কথিত হন।

২৭০। ন তেন অরিয়ো হোতি যেন পাণানি হিংসতি।
অহিংসা সব্বপাণানং অরিয়ো তি পবুচ্চতি।১৫।

জীবহিংসা দ্বারা আর্য্যপদ লাভ হয় না; সর্ব্ব জীবে অহিংসা করিলে আর্য্যপদ লাভ হয়।

২৭১। ন সীলব্বতমত্তেন বাহুসচ্চেন বা পুন।
অথবা সমাধিলাভেন বিবিচ্চসয়নেন বা।১৬।

২৭২। ফুসামি নেক্খম্মসুখং অপুথুজ্জনসেবিতং।
ভিক্খু বিস্সাসমাপাদি অপ্পমত্তো আসবক্খয়ং।১৭।

ভিক্ষু আস্রবের ক্ষয়ে উপনীত না হইয়া মাত্র শীল ও ব্রত সম্পন্ন হইয়া, অথবা বহুশ্রুত হইয়া, অথবা সমাধি লাভ, কিম্বা নির্জ্জন বাস দ্বারা আমি সাধারণের অজ্ঞাত নির্ব্বাণ-সুখ প্রাপ্ত হইয়াছি, এরূপ বিশ্বাস করিও না।

ইতি ধম্মট্ঠবগ্গো একুনবীসতিমো।
ধর্ম্মস্থ বর্গ নামক উনবিংশতি বর্গ সমাপ্ত।

---

## মগ্‌গ বগ্‌গো [ ২০শ ]

২৭৩। মগ্‌গানট্‌ঠঙ্গিকো সেট্‌ঠো সচ্চানং চতুরো পদা।
বিরাগো সেট্‌ঠো ধম্মানং দ্বিপদানং চ চক্‌খুমা ।১।

সর্ব্বমার্গের মধ্যে অষ্টাঙ্গিক[১] মার্গ শ্রেষ্ঠ, সত্যের মধ্যে চতুরঙ্গ[২] সত্য শ্রেষ্ঠ। বিরাগ ধর্ম্মের মধ্যে শ্রেষ্ঠ এবং মনুষ্যের মধ্যে চক্ষুষ্মান[৩] শ্রেষ্ঠ।

২৭৪। এসো ব মগ্‌গো নত্থঞ্‌ঞো দস্‌সনস্‌স বিসুদ্ধিয়া।
এতম্‌হি তুম্‌হে পটিপজ্জথ মারস্‌সেতং পমোহনং ।২।

ইহাই মার্গ, দর্শনের বিশুদ্ধি সম্পাদনের নিমিত্ত অন্য মার্গ নাই। এই মার্গে গমন কর! এই মার্গ মারের মোহ কারক।

২৭৫। এতং হি তুম্‌হে পটিপন্না দুক্‌খস্‌সন্তং করিস্‌সথ।
অক্‌খাতো বে ময়া মগ্‌গো অঞ্‌ঞায় সল্লসন্থনং ।৩।

এই মার্গে গমন করিয়া তোমরা দুঃখের অন্ত করিবে। শল্যের দূরীকরণ জ্ঞাত হইয়া আমি উহা প্রচার করিয়াছি।

---

১। দুঃখ নিরোধ প্রদায়ী অষ্টাঙ্গ মার্গ :— (১) সম্যক দৃষ্টি, (২) সম্যক সংকল্প, (৩) সম্যক বাক্য, (৪) সম্যক আচরণ, (৫) সম্যক জীবিকা, (৬) সম্যক ব্যায়াম, (৭) সম্যক স্মৃতি, (৮) সম্যক সমাধি।

২। ১৯১ সং শ্লোকে বর্ণিত হইয়াছে। ৩। বুদ্ধ।

২৭৬। তুহ্‌মেহি কিচ্চং আতপ্পং অক্‌খাতারো তথাগতা।
পটিপন্না পমোক্‌খন্তি ঝায়িনো মারবন্ধনা ।৪।

প্রয়াস তোমাদিগকেই করিতে হইবে, তথাগতগণ প্রচারক মাত্র। মার্গাবলম্বী, ধ্যায়ী মারবন্ধন হইতে মুক্ত হন।

২৭৭। সব্বে সংখারা অনিচ্চা তি যদা পঞ্‌ঞায় পস্‌সতি।
অথ নিব্বিন্দতী দুক্‌খে এস মগ্‌গো বিসুদ্ধিয়া ।৫।

সর্ব্ববিশ্ব অনিত্য, ইহা যিনি প্রজ্ঞা দ্বারা দর্শন করেন, তিনি আর দুঃখে আকৃষ্ট হন না ; ইহাই বিশুদ্ধির মার্গ।

২৭৮। সব্বে সংখারা দুক্‌খা তি যদা পঞ্‌ঞায় পস্‌সতি।
অথ নিব্বিন্দতী দুক্‌খে এস মগ্‌গো বিসুদ্ধিয়া ।৬।

সর্ব্ব বিশ্ব দুঃখ, ইহা যিনি প্রজ্ঞা দ্বারা দর্শন করেন, তিনি আর দুঃখে আকৃষ্ট হয় না ; ইহাই বিশুদ্ধির মার্গ।

২৭৯। সব্বে ধম্মা অনত্তা তি যদা পঞ্‌ঞায় পস্‌সতি।
অথ নিব্বিন্দতী দুক্‌খে এস মগ্‌গো বিসুদ্ধিয়া ।৭।

সর্ব্ব বস্তু অনাত্ম, ইহা যিনি প্রজ্ঞা দ্বারা দর্শন করেন, তিনি আর দুঃখে আকৃষ্ট হন না। ইহাই বিশুদ্ধির মার্গ।

২৮০। উট্‌ঠানকালহ্‌মি অনুট্‌ঠহানো
যুবা বলী আলসিয়ং উপেতো।
সংসন্নসংকপ্পমনো কুসীতো
পঞ্‌ঞায় মগ্‌গং অলসো ন বিন্দতি ।৮।

উত্থান কালে উত্থান রহিত হইয়া, যুবা ও বলবান হইয়াও আলস্যের প্রশ্রয় দিয়া, অবসাদগ্রস্ত-চিত্ত ও মন সম্পন্ন নির্বীর্য্য অলস প্রজ্ঞার মার্গ দেখিতে পায় না।

২৮১। বাচানুরক্‌খী মনসা সুসংবুতো
কায়েন চ অকুসলং ন কয়িরা।
এতে তয়ো কম্‌মপথে বিসোধয়ে
আরাধয়ে মগ্‌গমিসিপ্পবেদিতং ।৯।

জিহ্বাকে সুরক্ষিত রাখিবে, মনকে সংযত করিবে, এবং কায় দ্বারা অকুশল কর্ম্ম করিবে না ; এই তিন কর্ম্মপথকে বিশুদ্ধ রাখিয়া ঋষি[১] ঘোষিত মার্গে উপনীত হইবে।

২৮২। যোগা বে জায়তী ভুরী অযোগা ভূরিসংখয়ো।
এতং দ্বেধাপথং ঞত্বা ভবায় বিভবায় চ।
তথত্তানং নিবেসেয্য যথা ভূরী পবড্‌ঢতি ।১০।

ধ্যান হইতে জ্ঞানের উদ্ভব হয়, ধ্যানের অভাবে জ্ঞান ক্ষয় প্রাপ্ত হয়। লাভ ও ক্ষতির এই দ্বিধা পথ জ্ঞাত হইয়া আপনাকে এরূপ ভাবে নিয়োজিত করিবে যাহাতে প্রজ্ঞা বর্দ্ধিত হয়।

২৮৩। বনং ছিন্দথ মা রুক্‌খং বনতো জায়তে ভয়ং।
ছেত্বা বনং চ বনথং চ নিব্বনা হোথ ভিক্‌খবে ।১১।

---

১। বুদ্ধদেব।

মাত্র একটি বৃক্ষ ছেদন না করিয়া সমুদয় অরণ্যের উৎপাটন কর, অরণ্য হইতে ভয়ের উৎপত্তি হয়। বন এবং বনজ গুল্মাদি ছিন্ন করিয়া, হে ভিক্ষুগণ, তোমরা অরণ্য মুক্ত হও।

২৮৪। যাবং হ বনথো ন ছিজ্জতি
অনুমত্তো পি নরস্স নারিসু।
পটিবদ্ধমানো ব তাব সো
বচ্ছো খীরপকো ব মাতরি ।১২।

নারীর সহিত নরের বন্ধন যতদিন সম্পূর্ণরূপে ছিন্ন না হইবে, ততদিন নর, স্তন্যপায়ী বৎস যেরূপ মাতার প্রতি ধাবমান হয় সেইরূপ নারীতে প্রতিবদ্ধ হইবে।

২৮৫। উচ্ছিন্দ সিনেহমত্তনো কুমুদং সারদিকং ব পাণিনা।
সন্তিমগ্গমেব ব্রূহয় নিব্বাণং সুগতেন দেসিতং ।১৩।

হস্ত দ্বারা শারদ কুমুদের ন্যায় আত্মানুরক্তি ছিন্ন কর। শান্তির মার্গ অনুসরণ কর, সুগত নির্ব্বাণ প্রদর্শন করিয়াছেন।

২৮৬। ইধ বস্সং বসিস্সামি ইধ হেমন্তগিহ্মিসু।
ইতি বালো বিচিন্তেতি অন্তরায়ং ন বুজ্ঝতি ।১৪।

এইস্থানে বর্ষাবাস করিব, এই স্থানে হেমন্ত কাল, এইস্থানে গ্রীষ্মকাল অতিবাহিত করিব ; নির্ব্বোধ এইরূপ চিন্তা করে, ভবিষ্যতে কি ঘটিতে পারে তাহা সে বুঝে না।

২৮৭। তং পুত্তপসুসংমত্তং ব্যাসত্তমনসং নরং।
সুত্তং গামং মহোঘোর মচ্চু আদায় গচ্ছতি ।১৫।

পুত্র ও পশু-উন্মত্ত আসক্ত-চিত্ত নর, মহাপ্লাবন দ্বারা সুপ্ত গ্রামের ন্যায়, মৃত্যু কর্ত্তৃক গৃহীত হয়।

২৮৮। ন সন্তি পুত্তা তাণায় ন পিতা ন পি বন্ধবা।
অন্তকেনাধিপন্নস্স নত্থি ঞাতিসু তাণতা ।১৬।

ত্রাণার্থ পুত্রও নাই, পিতাও নাই, স্বজনও নাই ; মৃত্যুর গ্রাসে পতিত হইলে জ্ঞাতিগণ ত্রাণ করিতে অক্ষম।

২৮৯। এতমত্থবসং ঞত্বা পণ্ডিতো সীলসংবুতো।
নিব্বাণগমনং মগ্গং খিপ্পমেব বিসোধয়ে ।১৭।

ইহার যৌক্তিকতা জ্ঞাত হইয়া পণ্ডিত শীল রক্ষিত পুরুষ অবিলম্বে নির্ব্বাণের মার্গ পরিষ্কৃত করিবেন।

ইতি মগ্গ বগ্গো বীসতিমো।
মার্গবর্গ নামক বিংশতি বর্গ সমাপ্ত।

———

পকিণ্ণক বগ্গো [ ২১শ ]

২৯০। মত্তাসুখপরিচ্চাগা পসসে চে বিপুলং সুখং।
চজে মত্তাসুখং ধীরো সংপসসং বিপুলং সুখং ।১।

অল্পমাত্র সুখ পরিত্যাগের ফলে যদি বিপুল সুখ প্রাপ্তি হয়, তাহা হইলে সেই অধিকতর সুখের জন্য জ্ঞানবান অল্পমাত্র সুখ পরিত্যাগ করিবেন।

২৯১। পরদুক্‌খূপধানেন অত্তনো সুখমিচ্ছতি।
বেরসংসগ্‌গসংসট্‌ঠো বেরা সো ন পরিমুচ্চতি ।২।

অপরের দুঃখে যে আপনার সুখ অন্বেষণ করে, সে বৈরজড়িত হইয়া বৈর হইতে মুক্ত হয় না।

২৯২। যং হি কিচ্চং অপবিদ্ধং অকিচ্চং পন কয়িরতি।
উন্নলানং পমত্তানং তেসং বড্‌ঢন্তি আসবা ।৩।

যাহা কর্ত্তব্য তাহা পরিত্যক্ত, যাহা অকর্ত্তব্য তাহা কৃত ; এইরূপে যাহারা উদ্ধত ও প্রমত্ত তাহাদের আস্রব বর্দ্ধিত হয়।

২৯৩। যেসং চ সুসমারদ্ধা নিচ্চং কায়গতা সতি।
অকিচ্চং তে ন সেবন্তি কিচ্চে সাতচ্চকারিনো।
সতানং সংপজানানং অত্থং গচ্ছন্তি আসবা ।৪।

কিন্তু যাঁহারা নিত্য কায় সম্পর্কিত ভাবনা করিয়া থাকেন, কর্ত্তব্যে অধ্যবসায়ী তাঁহারা অকরণীয়ের অনুসরণ করেন না ; ঐ সকল স্মৃতি-মান চিন্তাশীলদিগের আস্রব সমূহ বিনষ্ট হয়।

২৯৪। মাতরং পিতরং হন্ত্বা রাজানো দ্বে চ খত্তিয়ে।
রট্‌ঠং সানুচরং হন্ত্বা অনীঘো যাতি ব্রাহ্মণো ।৫।

মাতা, পিতা ও দুই ক্ষত্রিয় রাজাকে হত্যা করিয়া অনুচরসহ রাষ্ট্রের বিনাশ সাধন করিয়া ব্রাহ্মণ নির্দ্দুঃখ হন।

( এই স্থানে রূপকের প্রয়োগ করা হইয়াছে। তৃষ্ণা মাতা রূপে, আত্মাভিমান পিতা, শাশ্বত দৃষ্টি এবং উচ্ছেদ দৃষ্টি দুই ক্ষত্রিয় রাজা, দ্বাদশ আয়তন রাষ্ট্র এবং ভোগে তীব্র অনুরাগ অনুচর রূপে উক্ত হইয়াছে। )

২৯৫। মাতরং পিতরং হন্ত্বা রাজানো দ্বে চ সোত্থিয়ে।
বেয্যগ্‌ঘ পঞ্চমং হন্ত্বা অনীঘো যাতি ব্রাহ্‌মণো ।৬।

মাতা, পিতা ও দুই ব্রাহ্মণ রাজাকে হত্যা করিয়া, পরে ব্যাঘ্রের বিনাশ সাধন করিয়া ব্রাহ্মণ নির্দ্দুঃখ হন।

( এই স্থানেও রূপক প্রযুক্ত হইয়াছে। শাশ্বত দৃষ্টি ও উচ্ছেদ দৃষ্টি দুই ব্রাহ্মণ রাজা রূপে উল্লিখিত হইয়াছে। বিচিকিৎসা-নীবরণ প্রসূত ভ্রান্তমার্গ ব্যাঘ্ররূপে উক্ত হইয়াছে। )

২৯৬। সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা।
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং বুদ্ধগতাসতি ।৭।

গোতমের শ্রাবকগণ সর্ব্বদা জাগরণশীল ; দিবারাত্রি তাঁহাদের চিত্ত বুদ্ধে লগ্ন।

২৯৭। সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা।
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং ধম্মগতাসতি ।৮।

গৌতমের শ্রাবকগণ সর্ব্বদা জাগরণশীল ; দিবারাত্রি তাঁহাদের চিত্ত ধর্ম্মে লগ্ন।

২৯৮। সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা।
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং সংঘগতাসতি।৯।

গৌতমের শ্রাবকগণ সর্ব্বদা জাগরণশীল ; দিবারাত্রি তাঁহাদের চিত্ত সঙ্ঘে লগ্ন।

২৯৯। সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা।
যেসং দিবা চ রত্তো চ নিচ্চং কায়গতা সতি।১০।

গৌতমের শ্রাবকগণ সর্ব্বদা জাগরণশীল ; দিবারাত্রি তাঁহাদের চিত্ত কায়ে লগ্ন।

৩০০। সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা।
যেসং দিবা চ রত্তো চ অহিংসায় রতো মনো।১১।

গৌতমের শ্রাবকগণ সর্ব্বদা জাগরণশীল ; দিবারাত্রি তাঁহাদের চিত্ত অহিংসায় লগ্ন।

৩০১। সুপ্পবুদ্ধং পবুজ্ঝন্তি সদা গোতমসাবকা।
যেসং দিবা চ রত্তো চ ভাবনায় রতো মনো।১২।

গৌতমের শ্রাবকগণ সর্ব্বদা জাগরণশীল ; দিবারাত্রি তাঁহাদের চিত্ত ভাবনা-লগ্ন।

৩০২। দুপ্পব্বজ্জং দুরভিরমং দুরাবাসা ঘরা দুখা।
দুক্খো সমানসংবাসো দুক্খানুপাতিতদ্ধগু।
তস্মা ন চদ্ধগু সিয়া ন চ দুক্খানুপাতিতো
সিয়া ।১৩।

গৃহত্যাগ ও প্রব্রজ্যা সুকঠিন, অপ্রীতিকর গার্হস্থ্যজীবন দুঃখ; অযুক্ত সংসর্গ দুঃখ, পথিক দুঃখস্পৃষ্ট। অতএব পথচারী হইও না, দুঃখস্পৃষ্ট হইও না।

৩০৩। সদ্ধো সীলেন সম্পন্নো যসোভোগসমপ্পিতো।
যং যং পদেসং ভজতি তত্থ তত্থেব পূজিতো ।১৪।

শ্রদ্ধাবান, শীলসম্পন্ন, যশ ও বিত্ত সমন্বিত পুরুষ যেখানেই গমন করেন, সেখানেই পূজিত হন।

৩০৪। দূরে সন্তো পকাসেন্তি হিমবন্তো ব পব্বতো
অসন্তেত্থ ন দিস্সন্তি রত্তিখিত্তা যথা সরা ।১৫।

তুষারাবৃত পর্ব্বতের ন্যায় সাধুগণ দূর হইতেই প্রকাশিত হন; অসাধুগণ রাত্রিকালে নিক্ষিপ্ত শরের ন্যায় দৃষ্ট হয় না।

৩০৫। একাসনং একসেয্যং একো চরমতন্দিতো।
একো দময়মত্তানং বনন্তে রমিতো সিয়া ।১৬।

একাকী উপবেশন করিয়া, একাকী শয়ন করিয়া, একাকী ভ্রমণ করিয়া, নিরলস হইয়া, আত্মদমন করিয়া, একাকী বনান্তে সুখানুভব করিবে।

ইতি পকিণ্ণক বগ্গো একবীসতিমো।
প্রকীর্ণ বর্গ নামক একবিংশতি সর্গ সমাপ্ত।

## নিরয় বগ্গো [ ২২শ ]

৩০৬। অভূতবাদী নিরয়ং উপেতি
যো বা পি কত্বা ন করোমীতি চাহ।
উভো পি তে পেচ্চ সমা ভবন্তি
নিহীনকম্মা মনুজা পরত্থ ।১।

অসত্যবাদী এবং যে স্বকৃতকর্ম্ম অস্বীকার করে সে-ও নিরয়ে গমন করে ; তাহারা উভয়েই—হীনকর্ম্মা মনুষ্য—মরণান্তে পরলোকে সমান অবস্থা প্রাপ্ত হয়।

৩০৭। কাসাবকণ্ঠা বহবো পাপধম্মা অসংযতা।
পাপা পাপেহি কম্মেহি নিরয়ং তে উপপজ্জরে ।২।

অনেক কাষায়ধারী পাপধর্ম্মযুক্ত এবং অসংযত ব্যক্তি আছে ; ঐ সকল পাপী পাপকর্ম্মদ্বারা নিরয় প্রাপ্ত হয়।

৩০৮। সেয্যো অয়োগুলো ভুত্তো তত্তো অগ্গিসিখূপমো।
যং চে ভুঞ্জেয্য দুস্সীলো রট্ঠপিণ্ডং অসংযতো ।৩।

দুঃশীল অসংযতের রাষ্ট্রের দান উপভোগ অপেক্ষা অগ্নিশিখাসম উত্তপ্ত লৌহগুলের ভক্ষণ শ্রেয়ঃ।

৩০৯। চত্তারি ঠানানি নরো পমত্তো আপজ্জতি
পরদারূপসেবী।
অপুঞ্ঞলাভং ন নিকামসেয্যং
নিন্দং ততিয়ং নিরয়ং চতুত্থং ।৪।

পরদার গমনকারী প্রমত্ত নর চতুর্ব্বিধ গতি প্রাপ্ত হয় ; অমঙ্গল, নিদ্রাহীন শয়ন, নিন্দা এবং নিরয়।

৩১০। অপুঞ্ঞ্ঞলাভো চ গতী চ পাপিকা
ভীতস্স ভীতায় রতী চ থোকিকা।
রাজা চ দণ্ডং গরুকং পণেতি
তস্মা নরো পরদারং ন সেবে ।৫।

ঐ নর পুণ্যহীন হয়, পাপময় গতি প্রাপ্ত হয়, ভীত নরনারীর ক্ষণস্থায়ী সুখ প্রাপ্ত হয়, গুরু রাজদণ্ড প্রাপ্ত হয় ; অতএব পরদার গমন করিও না।

৩১১। কুসো যথা দুগ্গহিতো হত্থমেবানুকন্ততি।
সামঞ্ঞং দুপ্পরামট্ঠং নিরয়ায় উপকড্ঢতি ।৬।

যেরূপ কুশতৃণের অনিপুণ গ্রহণ দ্বারা হস্তই কর্ত্তিত হয়, সেইরূপ অপব্যবহৃত শ্রামণ্য নিরয়াভিমুখী হয়।

৩১২। যং কিংচি সিথিলং কম্মং সংকিলিট্ঠং চ যং বতং।
সংকস্সরং ব্রহ্মচরিয়ং ন তং হোতি মহপ্ফলং ।৭।

শিথিল কর্ম্ম, দুরাচরিত ব্রত, সশঙ্ক ব্রহ্মচর্য্য—এই সকল মহৎ ফল প্রসব করে না।

৩১৩। কয়িরং চে কয়িরাথেনং দহ্লমেনং পরক্কমে।
সিথিলো হি পরিব্বাজো ভিয্যো আকিরতে রজং ।৮।

যাহা করিতে হইবে, দৃঢ় পরাক্রমের সহিত তাহা সম্পাদন কর ; শিথিল পরিব্রাজক হইতে নিয়ত রজ বিক্ষিপ্ত হয়।

৩১৪। অকতং দুক্কতং সেয্যো পচ্ছা তপাতি দুক্কতং।
কতং চ সুকতং সেয্যো যং কত্বা নানুতপ্পতি ।৯।

কুকর্ম্ম না করাই শ্রেয়ঃ ; উহা পরিশেষে অনুশোচনার কারণ হয় ; সুকর্ম্ম করাই শ্রেয়ঃ, উহা করিলে অনুতপ্ত হইতে হয় না।

৩১৫। নগরং যথা পচ্চন্তং গুত্তং সন্তরবাহিরং।
এবং গোপেথ অত্তানং খণো বে মা উপচ্চগা ॥
খণাতীতা হি সোচন্তি নিরয়ম্‌হি সমপ্পিতা ।১০।

সান্তরবাহির সুরক্ষিত প্রত্যন্ত নগরের ন্যায় আপনাকে রক্ষা করিবে, মুহূর্ত্ত মাত্র সময়ও যেন হস্তচ্যুত না হয়। সুযোগের পরিহারে নিরয়গামী ও অনুতপ্ত হইতে হয়।

৩১৬। অলজ্জিতায়ে লজ্জন্তি লজ্জিতায়ে ন লজ্জরে।
মিচ্ছাদিট্‌ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি দুগ্‌গতিং ।১১।

লজ্জার অনুপযুক্ত স্থানে লজ্জিত হইয়া, লজ্জোপযুক্ত স্থানে নির্লজ্জ হইয়া, মিথ্যাদৃষ্টি আশ্রয় করিয়া সত্ত্বগণ দুর্গতিগ্রস্ত হয়।

৩১৭। অভয়ে ভয়দস্‌সিনো ভয়ে চাভয়দস্‌সিনো।
মিচ্ছাদিট্‌ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি দুগ্‌গতিং ।১২।

ভয়হীন স্থানে ভয় দর্শন করিয়া, সভয় স্থানে অভয় হইয়া, মিথ্যা-দৃষ্টি সম্পন্ন হইয়া সত্ত্বগণ দুর্গতিগ্রস্ত হয়।

৩১৮। অবজ্জে বজ্জমতিনো বজ্জে চাবজ্জদস্সিনো।
মিচ্ছাদিট্ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি দুগ্গতিং ।১৩।

যাহা আবর্জ্জনীয় তাহা বর্জ্জণীয় মনে করিয়া, যাহা বর্জ্জনীয় তাহা অবর্জ্জনীয় মনে করিয়া, মিথ্যা দৃষ্টি আশ্রয় করিয়া সত্ত্বগণ দুর্গতিগ্রস্ত হয়।

৩১৯। বজ্জং চ বজ্জতো ঞত্বা অবজ্জং চ অবজ্জতো।
সম্মাদিট্ঠিসমাদানা সত্তা গচ্ছন্তি সুগ্গতিং ।১৪।

বর্জ্জনীয়কে বর্জ্জনীয় জ্ঞান করিয়া, অবর্জ্জনীয়কে অবর্জ্জনীয় জ্ঞান করিয়া, সত্যদৃষ্টি আশ্রয় করিয়া সত্ত্বগণ সুগতি প্রাপ্ত হয়।

ইতি নিরয়বগ্গো বাবীসতিমো।
নিরয়বর্গ নামক দ্বাবিংশতি সর্গ সমাপ্ত।

---

## নাগবগ্গো। [ ২৩শ ]

৩২০। অহং নাগো ব সংগামে চাপাতো পতিতং সরং।
অতিবাক্যং তিতিক্খিস্সং দুস্সীলো হি
বহুজ্জনো ।১।

সংগ্রামে নাগ যেরূপ ধনু হইতে নিক্ষিপ্ত শরে সহিষ্ণু হয়, আমিও সেইরূপ দুর্ব্বাক্য সহনক্ষম হইব, কারণ পৃথিবীতে দুঃশীলের সংখ্যাই অধিক।

৩২১। দন্তং নয়ন্তি সমিতিং দন্তং রাজাভিরূহতি।
দন্তো সেট্ ঠো মনুস্‌সেসু যোঽতিবাক্যং
তিতিক্‌খতি ।২।

বশীকৃত হস্তী যুদ্ধে চালিত হয়, রাজা উহাতে আরোহণ করেন; যে দান্ত পুরুষ নিন্দা সহনক্ষম তিনি মনুষ্য মধ্যে শ্রেষ্ঠ।

৩২২। বরমস্‌সতরা দন্তা আজানীয়া চ সিন্ধবা।
কুঞ্জরা চ মহানাগা অত্তদন্তো ততো বরং ।৩।

বশীকৃত অশ্বতর, আজানেয় অশ্ব, কুঞ্জর মহানাগ—ইহারা উত্তম; কিন্তু যিনি আত্মজয়ী তিনি উহাদিগের অপেক্ষা উত্তম।

৩২৩। ন হি এতেহি যানেহি গচ্ছেয্য অগতং দিসং।
যথাত্তনা সুদন্তেন দন্তো দন্তেন গচ্ছতি ।৪।

কারণ ঐ সকল যানারোহণে অজ্ঞাত দেশে (নির্ব্বাণ) গমন সম্ভব নয়, যেস্থানে জিতেন্দ্রিয় দমারোহণে গমন করেন।

৩২৪। ধনপালকো নাম কুঞ্জরো কটুকপ্পভেদনো
দুন্নিবারয়ো।
বদ্ধো কবলং ন ভুঞ্জতি সুমরতি নাগবনস্‌স
কুঞ্জরো ।৫।

মদমত্তাবস্থায় ধনপালক[১] নামক কুঞ্জর দুর্নিবার হয় ; সে বদ্ধাবস্থায় ভোজনে পরাঙ্মুখ হয় এবং নাগবন স্মরণ করে।

৩২৫। মিদ্ধী যদা হোতি মহগ্‌ঘসো চ
নিদ্দায়িতা সংপরিবত্তসায়ী।
মহাবরাহো ব নিবাপপুট্‌ঠো
পুনপ্পুনং গব্‌ভমুপেতি মন্দো ।৬।

অলস ও অতিভোজী হইয়া, নিবাপপুষ্ট মহাবরাহের ন্যায় নিদ্রালু ও শয্যায় অবিরাম পাশ্ব পরিবর্ত্তনশীল হইয়া, নির্ব্বোধ পুনঃ পুনঃ গর্ভে প্রবেশ করে।

৩২৬। ইদং পুরে চিত্তমচরি চারিকং
যেনিচ্ছকং যত্থকামং যথাসুখং।
তদজ্জহং নিগ্‌গহেস্‌সামি যোনিসো
হত্থিপ্পভিন্নং বিয় অংকুসগ্‌গহো ।৭।

ইচ্ছা ও কাম প্রণোদিত এবং চপল হইয়া এই চিত্ত পূর্ব্বে ভ্রমণ করিয়াছে ; অদ্য আমি তাহাকে মদমত্ত হস্তী যেরূপ চালক কর্ত্তৃক শাসিত হয় সেইরূপ সম্পূর্ণরূপে নিগৃহীত করিব।

৩২৭। অপ্পমাদরতা হোথ সচিত্তমনুরক্‌খথ।
দুগ্‌গা উদ্ধরথত্তানং পঙ্কে সন্নো ব কুঞ্জরো ।৮।

---

১। এই হস্তী অরণ্য হইতে ধৃত হইবার কালে স্বীয় মাতার ভরণ পোষণ করিতেছিল।

অপ্রমত্ত হইয়া স্বচিত্তকে রক্ষা কর; পঙ্কে নিমগ্ন কুঞ্জরের ন্যায় আপনাকে দুর্গ হইতে উদ্ধার কর।

৩২৮। সচে লভেথ নিপকং সহায়ং সদ্ধিংচরং সাধুবিহারী ধীরং।
অভিভুয্য সব্বানি পরিস্সয়ানি চরেয্য তেনত্তমনো সতীমা ।৯।

জ্ঞানী, সৎসংসর্গকারী, ধর্ম্মপরায়ণ পণ্ডিতের সাহচর্য্য লাভ করিলে সর্ব্ব বিঘ্ন অতিক্রম করিয়া সানন্দে অবহিত চিত্তে তাঁহার অনুগমন করিবে।

৩২৯। নো চে লভেথ নিপকং সহায়ং
সদ্ধিংচরং সাধুবিহারী ধীরং।
রাজা ব রট্‌ঠং বিজিতং পহায়
একো চরে মাতঙ্গরঞ্‌ঞে ব নাগো ।১০।

জ্ঞানী, সৎসংসর্গকারী, ধর্ম্মপরায়ণ পণ্ডিতের সাহচর্য্য লাভ না হইলে বিজিত রাষ্ট্র ত্যাগী রাজা অথবা অরণ্যে হস্তীর ন্যায় একাকী ভ্রমণ করিবে।

৩৩০। একস্‌স চরিতং সেয্যো নত্থি বালে সহায়তা।
একো চরে ন চ পাপানি কয়িরা
অপ্পোস্‌সুক্কো মাতঙ্গরঞ্‌ঞে ব নাগো ।১১।

একাকী বাস শ্রেয়ঃ নির্ব্বোধের সহিত সাহচর্য্য নাই ; অরণ্যে হস্তীর ন্যায় একাকী বাস করিবে, পাপ করিবে না, অল্পেচ্ছু হইবে।

৩৩১। অত্থম্হি জাতম্হি সুখা সহায়া
তুট্ঠি সুখা যা ইতরীতরেন।
পুঞ্ঞং সুখং জীবিতসংখয়ম্হি
সব্বস্স দুক্খস্স সুখং পহাণং ।১২।

অসময়ের মিত্র সুখজনক, যেরূপেই হউক তুষ্টি সুখপ্রদ ; জীবনের অবসানে পুণ্য সুখদায়ী, সর্ব্বদুঃখের বর্জ্জন সুখ।

৩৩২। সুখা মত্তেয্যতা লোকে অথো পেত্তেয্যতা সুখা।
সুখা সামঞ্ঞতা লোকে অথো ব্রহ্মঞ্ঞতা
সুখা ।১৩।

মাতা ও পিতার সম্মান সুখাবহ, শ্রমণত্ব ও ব্রাহ্মণত্বও সুখাবহ।

৩৩৩। সুখং যাব জরা সীলং সুখা সদ্ধা পতিট্ঠিতা।
সুখো পঞ্ঞায় পটিলাভো পাপানং অকরণং
সুখং ।১৪।

বার্দ্ধক্য পর্য্যন্ত পালিত শীল সুখাবহ, প্রতিষ্ঠিত শ্রদ্ধা সুখাবহ, প্রজ্ঞা লাভ সুখাবহ, পাপের বর্জ্জন সুখাবহ।

ইতি নাগবগ্গো তেবিসতিমো।

নাগবর্গ নামক ত্রয়োবিংশতি সর্গ সমাপ্ত।

## তণ্হা বগ্গো। [ ২৪শ ]

৩৩৪। মনুজস্স পমত্তচারিনো তণ্হা বড্ঢতি মালুবা বিয়।
সো পলবতি হুরাহুরং ফলমিচ্ছং ব বনস্মিং
বানরো ।১।

প্রমত্ত মনুষ্যের তৃষ্ণা মালুবা লতার ন্যায় বৃদ্ধিপ্রাপ্ত হয়; সে অরণ্যে ফলার্থী বানরের ন্যায় জন্ম হইতে জন্মান্তরে ধাবমান হয়।

৩৩৫। যং এসা সহতী জম্মী তণ্হা লোকে বিসত্তিকা।
সোকা তস্স পবড্ঢন্তি অভিবট্টং ব বীরণং ।২।

পৃথিবীতে এই হীন বিষাক্ত তৃষ্ণা যাহাকে অভিভূত করে, নিয়ত বর্দ্ধমান বীরণতৃণের ন্যায় তাহার শোক বৃদ্ধিপ্রাপ্ত হয়।

৩৩৬। যো চেতং সহতী জম্মিং তণ্হং লোকে দুরচ্চয়ং।
সোকা তম্হা পপতন্তি উদবিন্দু ব পোক্খরা ।৩।

এই হীন দুর্জ্জয় তৃষ্ণাকে যে জয় করিতে পারে, পদ্মপত্র হইতে বারিবিন্দুর ন্যায় তাহার শোক অপসৃত হয়।

৩৩৭। তং বো বদামি ভদ্দং বো যাবন্তেত্থ সমাগতা।
তণ্হায় মূলং খণথ উসীরত্থো ব বীরণং।
মা বো নলং ব সোতো ব মারো ভঞ্জি পুনপ্পুনং ।৪।

এই স্থানে সমাগত সর্ব্বজনকে আমি সদুপদেশ দিতেছি ; উষীরার্থে[1] বীরণমূল খননের ন্যায় তৃষ্ণার মূল ছেদন কর ; নদীস্রোতে ভগ্ন নলের ন্যায় মার যেন তোমাদিগকে পুনঃ পুনঃ নষ্ট না করে।

৩৩৮। যথাপি মূলে অনুপদ্দবে দল্‌হে
ছিন্নো পি রুক্‌খো পুনরেব রূহতি।
এবং পি তণ্‌হানুসয়ে অনূহতে
নিব্বত্ততী দুক্‌খমিদং পুনপ্‌পুনং।৫।

যেরূপ মূল অনাহত এবং দৃঢ় থাকিলে ছিন্ন বৃক্ষও পুনরায় বর্দ্ধিত হয়, সেইরূপ তৃষ্ণার মূল ছিন্ন না হইলে জন্মরূপ দুঃখ পুনঃ পুনঃ আবির্ভূত হইবে।

৩৩৯। যস্‌স ছত্তিংসতী সোতা মনাপস্‌সবনা ভুসা।
বাহা বহন্তি দুদ্দিট্‌ঠিং সংকপ্পা রাগনিস্‌সিতা।৬।

যাহার ভোগতৃষ্ণা ষট্‌ত্রিংশৎ ইন্দ্রিয়দ্বারে[2] অতিশয় প্রবল, রাগনিশ্রিত সংকল্প সমূহ সেই মিথ্যাদৃষ্টিসম্পন্নকে ভাসাইয়া লইয়া যায়।

৩৪০। সবন্তি সব্বধি সোতা লতা উব্ভিজ্জ তিট্‌ঠতি।
তং চ দিস্বা লতং জাতং মূলং পঞ্‌ঞায় ছিন্দথ।৭।

---

১। উষীর—সুগন্ধি মূলবিশেষ, খশ্‌ খশ্‌।

২। ছয় আধ্যাত্মিক দ্বার যথা—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, কায় এবং মন ; ছয় বাহির, যথা—রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ এবং ধর্ম্ম। এই দ্বাদশ দ্বার কাম, ভব এবং বিভব এই ত্রিবিধ তৃষ্ণার প্রত্যেকটির জন্য কর্ম্মপরায়ণ।

জলস্রোত সর্ব্বত্র প্রবাহিত হয়, লতা মৃত্তিকা ভেদ করিয়া উত্থিত হয় ; লতার উৎপত্তি দেখিলে প্রজ্ঞাবলে তাহার মূল ছেদন করিবে।

৩৪১। সরিতানি সিনেহিতানি চ
সোমনস্সানি ভবন্তি জন্তুনো।
তে সাতসিতা সুখেসিনো
তে বে জাতিজরূপগা নরা ।৮।

প্রাণীগণের সুখগৃধ্নুতা অতি প্রবল ; সুখমগ্ন ও সুখান্বেষী হইয়া মনুষ্য জন্ম ও জরা প্রাপ্ত হয়।

৩৪২। তসিণায় পুরক্খতা পজা
পরিসপ্পন্তি সসো ব বাধিতো।
সংযোজনসংগসত্তকা দুক্খ—
মুপেন্তি পুনপ্পুনং চিরায় ।৯।

তৃষ্ণাচালিত মনুষ্য পাশবদ্ধ শশকের ন্যায় ইতস্ততঃ ধাবমান হয় ; শৃঙ্খলিত হইয়া তাহারা দীর্ঘকাল পুনঃ পুনঃ দুঃখপ্রাপ্ত হয়।

৩৩৩। তসিণায় পুরক্খতা পজা
পরিসপ্পন্তি সসো ব বাধিতো।
তস্মা তসিণং বিনোদয়ে
ভিক্খু আকংখি বিরাগমত্তনো ।১০।

তৃষ্ণাচালিত মনুষ্য পাশবদ্ধ শশকের ন্যায় ইতস্ততঃ ধাবমান হয় ; অতএব ভিক্ষু তৃষ্ণার বর্জ্জনপূর্ব্বক বৈরাগ্য অভিলাষ করিবেন।

৩৪৪। যো নিব্বনথো বনাধিমুত্তো বনমুত্তো বনমেব ধাবতি।
তং পুগ্‌গলমেব পস্‌সথ মুত্তো বন্ধনমেব
ধাবতি ।১১।

যে কামবদ্ধ চিত্তকে মুক্ত করিয়া নিষ্কাম হইয়া পুনরায় কামারণ্যে ধাবিত হয়, মুক্ত হইয়াও বন্ধনের দিকে ধাবিত সেই পুরুষের প্রতি দৃষ্টিপাত কর।

৩৪৫। ন তং দল্‌হং বন্ধনমাহু ধীরা
যদায়সং দারুজং ব্বজং চ।
সারত্তরত্তা মণিকুণ্ডলেসু
পুত্তেসু দারেসু চ যা অপেক্‌খা ।১২।

লোহবন্ধন, দারুবন্ধন অথবা শণবন্ধনকে জ্ঞানীগণ দৃঢ়বন্ধন কহেন না; মণিকুণ্ডল, পুত্র ও দারে আসক্তিই দৃঢ়বন্ধন।

৩৪৬। এতং দল্‌হং বন্ধনমাহু ধীরা
ওহারিনং সিথিলং দুপ্পমুচ্চং।
এতং পি ছেত্বান পরিব্‌বজন্তি
অনপেক্‌খনো কামসুখং পহায় ।১৩।

ঐ অধঃপাতী, শিথিল, দুচ্ছেদ্য বন্ধনকেই পণ্ডিতগণ দৃঢ়বন্ধন কহিয়া থাকেন; যাঁহারা অনপেক্ষী তাঁহারা ঐ বন্ধন ছিন্ন করিয়া কামসুখ পরিহারপূর্ব্বক বিচরণ করেন।

৩৪৭। যে রাগরত্তানুপতন্তি সোতং
সয়ং কতং মক্কটকো ব জালং।
এতং পি ছেত্বান বজন্তি ধীরা
অনপেক্খিনো সব্বদুক্খং পহায় ।১৪।

স্বকৃতজালে আবদ্ধ উর্ণনাভের ন্যায় রাগরক্তগণ স্রোতে পতিত হয়; উহা ছিন্ন করিয়া, অনপেক্ষী হইয়া, সর্ব্বদুঃখ পরিহার করিয়া পণ্ডিতগণ বিচরণ করেন।

৩৪৮। মুঞ্চ পুরে মুঞ্চ পচ্ছতো মজ্ঝে মুঞ্চ ভবস্স পারগু।
সব্বত্থ বিমুত্তমানসো ন পুন জাতিজরং
উপেহিসি ।১৫।

ভবপারগামী হইয়া পূর্ব্ব, পশ্চাৎ ও মধ্য বিস্মৃত হও, সর্ব্বতোভাবে বিমুক্তচিত্ত হইয়া তুমি পুনরায় জাতি ও জরায় প্রবেশ করিবে না।

৩৪৯। বিতক্কপমথিতস্স জন্তুনো
তিব্বরাগস্স সুভানুপস্সিনো।
ভিয্যো তণ্হা পবড্ঢতি এস খো দল্হং করোতি
বন্ধনং ।১৬।

সংশয়-উদ্বেলিতচিত্ত, তীব্ররাগরক্ত, সুখানুসারী মনুষ্যের তৃষ্ণা বর্দ্ধিত হয়, সে বন্ধনকে দৃঢ় করে।

৩৫০। বিতক্ক পসমে চ যো রতো অসুভং ভাবয়তি
সদাসতো।
এস খো ব্যন্তিকাহিতি এস ছেজ্জতি মারবন্ধনং ।১৭।

যে সংশয়ের উপশমে রত এবং সর্ব্বদা স্মৃতিমান হইয়া অশুভের ভাবনায় নিযুক্ত, সে-ই মার-বন্ধন অতিক্রম করে, উহা ছিন্ন করে।

৩৫১। নিট্‌ঠং গতো অসন্তাসী বীততণ্‌হো অনঙ্গণো।
উচ্ছিজ্জ ভবসল্লানি অন্তিমোয়ং সমুস্‌সয়ো ।১৮।

সে লক্ষ্যে উপনীত, অকুতোভয়, বীততৃষ্ণ, নির্দ্দোষ, তৎকর্ত্তৃক ভবকণ্টক ছিন্ন হইয়াছে, ইহাই তাহার অন্তিম দেহ।

৩৫২। বীততণ্‌হো অনাদানো নিরুত্তিপদকোবিদো।
অক্‌খরানং সংনিপাতং জঞ্‌ঞা পুব্বাপরানি চ।
স বে অন্তিমসারীরো মহা পঞ্‌ঞো মহাপুরিসো
তি বুচ্চতি ।১৯।

যিনি বীততৃষ্ণ, অনাসক্ত, নিরুক্তি ও পদকুশল, অক্ষরক্রম জ্ঞানসম্পন্ন, সেই অন্তিম দেহধারীই মহাপ্রজ্ঞ ও মহাপুরুষ কথিত হন।

৩৫৩। সব্বাভিভূ সব্ববিদূহমস্মি
সব্বেসু ধম্মেসু অনুপলিত্তো।
সব্বংজহো তণ্‌হক্‌খয়ে বিমুত্তো।
সয়ং অভিঞ্‌ঞায় কমুদ্দিসেয্যং ।২০।

আমি সর্ব্ববিজয়ী, সর্ব্বদর্শী, সর্ব্বধর্ম্মে অনুপলিপ্ত, সর্ব্বত্যাগী, তৃষ্ণাক্ষয়ে বিমুক্ত। সর্ব্বোচ্চ জ্ঞান লাভ করিয়া আমি কাহার নিকট শিক্ষা গ্রহণ করিব ?

৩৫৪। সব্বদানং ধম্মদানং জিনাতি
সব্বরসং ধম্মরসো জিনাতি।
সব্বরতিং ধম্মরতী জিনাতি
তণ্হক্খয়ো সব্বদুক্খং জিনাতি ।২১।

ধর্ম্মদান সর্ব্বদানকে অতিক্রম করে, ধর্ম্মরস সর্ব্বরসকে অতিক্রম করে, ধর্ম্মানন্দ সর্ব্ব আনন্দকে অতিক্রম করে, এবং তৃষ্ণাক্ষয় সর্ব্বদুঃখ অতিক্রম করে।

৩৫৫। হনন্তি ভোগা দুম্মেধং নো চে পারগবেসিনো।
ভোগতণ্হায় দুম্মেধো হন্তি অঞ্ঞে ব অত্তনং ।২২।

অপরতীরে গমনে অনভিলাষী নির্ব্বোধ ভোগ কর্ত্তৃক বিনষ্ট হয়; ভোগের তৃষ্ণায় নির্ব্বোধ আপনি আপনার শত্রু হইয়া আপনার বিনাশ সাধন করে।

৩৫৬। তিণদোসানি খেত্তানি রাগদোসা অয়ং পজা।
তস্মা হি বীতরাগেসু দিন্নং হোতি মহপ্ফলং ।২৩।

তৃণ ক্ষেত্রের অনর্থকারী, রাগ মনুষ্যের অনর্থকারী; অতএব যাঁহারা বীতরাগ তাঁহাদিগকে দত্ত দান হইতে মহৎ ফলের উৎপত্তি হয়।

৩৫৭। তিণদোসানি খেত্তানি রাগদোসা অয়ং পজা।
তস্মা হি বীতদোসেসু দিন্নং হোতি মহপ্ফলং ।২৪।

তৃণ ক্ষেত্রের অনর্থকারী, দ্বেষ মনুষ্যের অনর্থকারী; অতএব যাঁহারা দ্বেষমুক্ত তাঁহাদিগকে দত্ত দান হইতে মহৎফলের উৎপত্তি হয়।

৩৫৮। তিণদোসানি খেত্তানি মোহদোসা অয়ং পজা।
তস্মা হি বীতমোহেসু দিন্নং হোতি মহপ্‌ফলং ।২৫।

তৃণ ক্ষেত্রের অনর্থকারী, মোহ মনুষ্যের অনর্থকারী ; অতএব যাঁহারা মোহমুক্ত তাঁহাদিগকে দত্ত দান হইতে মহৎফলের উৎপত্তি হয়।

৩৫৯। তিণদোসানি খেত্তানি ইচ্ছাদোসা অয়ং পজা।
তস্মা হি বিগতিচ্ছেসু দিন্নং হোতি মহপ্‌ফলং ।২৬।

তৃণ ক্ষেত্রের অনর্থকারী, তৃষ্ণা মনুষ্যের অনর্থকারী ; অতএব যাঁহারা বীততৃষ্ণ তাঁহাদিগকে দত্ত দান হইতে মহৎফলের উৎপত্তি হয়।

ইতি তণ্‌হাবগ্‌গো চতুবীসতিমো।

তৃষ্ণাবর্গ নামক চতুর্ব্বিংশতি বর্গ সমাপ্ত।

---

ভিক্‌খু বগ্‌গো। [ ২৫শ ]

৩৬০। চক্‌খুনা সংবরো সাধু সাধু সোতেন সংবরো।
ঘাণেন সংবরো সাধু সাধু জিহ্বায় সংবরো ।১।

চক্ষুর সংযম মঙ্গল, কর্ণের সংযম মঙ্গল ; নাসিকার সংযম মঙ্গল, জিহ্বার সংযম মঙ্গল।

৩৬১। কায়েন সংবরো সাধু সাধু বাচায় সংবরো।
মনসা সংবরো সাধু সাধু সব্বত্থ সংবরো।
সব্বত্থ সংবুতো ভিক্‌খু সব্বদুক্‌খা পমুচ্চতি ।২।

কায় সংযম মঙ্গল, বাক্‌সংযম মঙ্গল ; চিত্ত সংযম মঙ্গল ; সর্ব্ববিষয়ে সংযম মঙ্গল ; সর্ব্বরূপে সংযত ভিক্ষু সর্ব্ব দুঃখ হইতে মুক্ত হন।

৩৬২। হত্থসংযতো পাদসংযতো
বাচায় সংযতো সংযতুত্তমো।
অজ্ঝত্তরতোসমাহিতো
একো সন্তুসিতো তমাহু ভিক্খুং ।৩।

হস্তসংযম, পাদসংযম, বাক্‌সংযম,—ইহাই প্রকৃষ্ট সংযম ; যিনি অধ্যাত্মরত, শান্ত, নির্জ্জনরত, সন্তুষ্ট, তিনিই ভিক্ষু কথিত হন।

৩৬৩। যো মুখসংযতো ভিক্খু মন্তভাণী অনুদ্ধতো।
অত্থং ধম্মং চ দীপেতি মধুরং তস্‌স ভাসিতং ।৪।

যে ভিক্ষু বাক্‌সংযত, যাঁহার বাক্য প্রজ্ঞাগর্ভ, যিনি বিনীত, যিনি ধর্ম্ম ও তদর্থ বর্ণসক্ষম, তাঁহার বাক্য মধুর।

৩৬৪। ধম্মারামো ধম্মরতো অনুবিচিন্তয়ং।
ধম্মং অনুস্‌সরং ভিক্খু সদ্ধম্মা ন পরিহায়তি ।৫।

যে ভিক্ষু ধর্ম্মে আনন্দ অনুভব করেন, যিনি ধর্ম্মানুরক্ত, সর্ব্বদা ধর্ম্মচিন্তা ও ধর্ম্মানুস্মরণে রত, তিনি সদ্ধর্ম্ম হইতে চ্যুত হন না।

৩৬৫। সলাভং নাতিমঞ্‌ঞেয্য নাঞ্‌ঞেসং পিহয়ং চরে।
অঞ্‌ঞেসং পিহয়ং ভিক্খু সমাধিং নাধিগচ্ছতি ।৬।

স্বলাভকে অবজ্ঞা করিও না, অপরের লাভে স্পৃহা করিও না ; অপরের লাভে স্পৃহা করিলে ভিক্ষু সমাধি লাভে অক্ষম হন।

৩৬৬। অপ্পলাভো পি চে ভিক্‌খু সলাভং নাতিমঞ্‌ঞতি।
তং বে দেবা পসংসন্তি সুদ্ধজীবিং অতন্দিতং ।৭।

অল্প লাভ করিয়াও যে ভিক্ষু স্বলাভকে অবজ্ঞা করেন না, শুদ্ধজীবী অতন্দ্রিত সেই ভিক্ষুকেই দেবগণ প্রশংসা করেন।

৩৬৭। সব্বসো নামরূপপস্মিং যস্‌স নত্থি মমায়িতং।
অসতা চ ন সোচতি স বে ভিক্‌খূতি বুচ্চতি ।৮।

সর্ব্বপ্রকার নাম ও রূপে যিনি অনাসক্ত, যাহা অসৎ তাহার ক্ষয়ে যিনি অনুশোচনায় বিরত, তিনিই ভিক্ষু উক্ত হন।

৩৬৮। মেত্তাবিহারী যো ভিক্‌খু পসন্নো বুদ্ধ সাসনে।
অধিগচ্ছে পদং সন্তং সংখারূপসমং সুখং ।৯।

মৈত্রীভাবনাকারী বুদ্ধ শাসনে শ্রদ্ধাবান ভিক্ষু সংস্কার সমূহের উপশম রূপ সুখময় নির্ব্বাণ লাভ করেন।

৩৬৯। সিঞ্চ ভিক্ষু ইমং নাবং সিত্তা তে লহুমেস্‌সতি।
ছেত্বা রাগং চ দোসং চ ততো নিব্বাণমেহিসি ।১০।

হে ভিক্ষু এই তরী সেচন কর ; সেচনে উহা লঘু হইবে, রাগ ও দ্বেষ বিনষ্ট করিয়া তুমি নির্ব্বাণে উপনীত হইবে।

৩৭০। পঞ্চ ছিন্দে পঞ্চ জহে পঞ্চচুত্তরি ভাবয়ে।
পঞ্চ সঙ্গাতিগো ভিক্‌খু ওঘতিণ্ণোতি বুচ্চতি ।১১।

পঞ্চ বন্ধন (সৎকায় দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত পরামর্শ এবং প্রতিঘ) ছিন্ন কর, অপর পঞ্চ (রূপ রাগ, অরূপ রাগ, মান, ঔদ্ধত্য ও অবিদ্যা) পরিত্যাগ কর, তদুপরি পঞ্চেন্দ্রিয়ের (শ্রদ্ধা, স্মৃতি, বীর্য্য সমাধি এবং প্রজ্ঞা) ভাবনা কর। যে ভিক্ষু পঞ্চের (রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান) সহিত স্পর্শ অতিক্রম করিয়াছেন তিনি প্লাবনোত্তীর্ণ কথিত হন।

৩৭১। ঝায় ভিক্‌খু মা চ পমাদো
মা তে কামগুণে ভমস্‌সু চিত্তং।
মা লোহগুলং গিলী পমত্তো
মা কন্দি দুক্‌খমিদং তি ডহ্যমানো ।১২।

হে ভিক্ষু ধ্যানরত হও, প্রমত্ত হইও না; তোমার চিত্ত যেন ভোগানন্দে ভ্রমণ না করে। প্রমত্ত হইয়া (নরকে) লৌহ গোলক গিলিও না, দগ্ধীভূত হইয়া "হায়, ইহা দুঃখ" বলিয়া ক্রন্দন করিও না।

৩৭২। নত্থি ঝানং অপঞ্‌ঞস্‌স পঞ্‌ঞা নত্থি অজ্ঝায়তো।
যহ্‌মি ঝানং চ পঞ্‌ঞা চ স বে নিব্বাণসন্তিকে ।১৩।

প্রজ্ঞাহীনের ধ্যান নাই, অধ্যানীর প্রজ্ঞা নাই; যাঁহার ধ্যান ও প্রজ্ঞা উভয়ই আছে তিনি নির্ব্বাণের সমীপস্থ।

৩৭৩। সুঞ্‌ঞাগারং পবিট্‌ঠস্‌স সন্তচিত্তস্‌স ভিক্‌খুনো।
অমানুসী রতী হোতি সম্মা ধম্মং বিপস্‌সতো ।১৪।

শূন্যাগার প্রবিষ্ট, শান্ত চিত্ত, ধর্ম্মের সম্যক দৃষ্টি সম্পন্ন ভিক্ষু দিব্য আনন্দ অনুভব করেন।

৩৭৪। যতো যতো সম্মসতি খন্ধানং উদয়ব্বয়ং।
লভতি পীতিপামোজ্জং অমতং তং বিজানতং।১৫।

যখন তিনি স্কন্ধ সমূহের উৎপত্তি ও বিনাশ ধ্যান করেন, তখন নিব্বাণদর্শীদিগের প্রীতি ও প্রামোদ্য প্রাপ্ত হন।

৩৭৫। তত্রায়মাদি ভবতি ইধ পঞ্‌ঞস্‌স ভিক্‌খুনো।
ইন্দ্রিয়গুত্তী সংতুট্‌ঠী পাতিমোক্‌খে চ সংবরো।
মিত্তে ভজস্‌সু কল্যাণে সুদ্ধাজীবে অতন্দিতে।১৬।

বুদ্ধ শাসনে প্রজ্ঞাসম্পন্ন ভিক্ষুর ইহাই আদি কর্ত্তব্য ঃ—ইন্দ্রিয় সংযম, সন্তুষ্টি এবং প্রাতিমোক্ষ পালন। তৎপরে শুদ্ধজীবী, নিরলস, কল্যাণ মিত্রের ভজনা করিবে।

৩৭৬। পটিসংথারবুত্তস্‌স আচারকুসলো সিয়া।
ততো পামোজ্জবহুলো দুক্‌খস্‌সন্তং
করিস্‌সতি।১৭।

সৌহার্দ্দবৃত্তি সম্পন্ন এবং আচার কুশল হইবে; ঐরূপ করিয়া আনন্দের পূর্ণতায় তুমি দুঃখের অন্ত করিবে।

৩৭৭। বসিস্‌কা বিয় পুপ্‌ফানি মদ্দবানি পমুঞ্চতি।
এবং রাগং চ দোসং চ বিপ্পমুঞ্চেথ ভিক্‌খবো।১৮।

যেরূপ বর্ষিকা (যুথিকা লতা) ম্লান পুষ্পগুলি ভূমিতে নিক্ষেপ করে, সেইরূপ হে ভিক্ষুগণ! তোমরা রাগ ও দ্বেষ বর্জ্জন করিবে। [ "যেরূপ বর্ষিকা পূর্ব্বদিবসে প্রস্ফুটিত পুষ্প পরদিবসে ম্লান হইলে উহা বৃন্ত হইতে বিসর্জ্জন করে, সেইরূপ তোমরাও রাগ দ্বেষাদি বিসর্জ্জন কর।" ]

৩৭৮। সন্তকায়ো সন্তবাচো সন্তমনো সুসমাহিতো।
বন্তলোকামিসো ভিক্‌খু উপসন্তো তি বুচ্চতি ।১৯।

শান্তদেহ, শান্তবাক্য, শান্তচিত্ত, সুসমাহিত, সংসার প্রলোভন-মুক্ত ভিক্ষু উপশান্ত কথিত হন।

৩৭৯। অত্তনা চোদয়ত্তানং পটিমাসে অত্তমত্তনা।
সো অত্তগুত্তো সতিমা সুখং ভিক্‌খু বিহাহিসি ।২০।

আপনিই আপনার উত্থান সাধন কর, আপনিই আপনার পরীক্ষা কর; হে ভিক্ষু, স্বরক্ষিত ও স্মৃতিমান হইয়া তুমি সুখে কাল যাপন করিবে।

৩৮০। অত্তা হি অত্তনো নাথো অত্তা হি অত্তনো গতি।
তস্মা সঞ্‌ঞামযত্তানং অস্‌সং ভদ্রং ব বাণিজো ।২১।

আপনিই আপনার প্রভু, আপনিই আপনার আশ্রয়; সেই হেতু বণিক যেরূপ সুজাত অশ্বকে সংযত করে, সেইরূপ তুমি আপনাকে সংযত কর।

৩৮১। পামোজ্জবহুলো ভিক্‌খু পসন্নো বুদ্ধ সাসনে।
অধিগচ্ছে পদং সন্তং সংখারূপসমং সুখং ।২২।

আনন্দপূর্ণ বুদ্ধশাসনে প্রসন্ন ভিক্ষু সংস্কার সমূহের উপশমরূপ সুখময় শান্ত পদ (নিব্বাণ লাভ করেন।

৩৮২। যো হবে দহরো ভিক্খু যুঞ্জতি বুদ্ধ সাসনে।
সো ইমং লোকং পভাসেতি অব্ভা মুত্তো ব
চন্দিমা ।২৩।

ভিক্ষু তরুণ হইলেও বুদ্ধশাসনে আত্মনিয়োগ করিলে মেঘমুক্ত চন্দ্রের ন্যায় জগত উদ্ভাসিত করেন।

ইতি ভিক্খুবগ্গো পঞ্চবীসতিমো।
ভিক্ষুবর্গ নামক পঞ্চবিংশতি বর্গ সমাপ্ত।

---

ব্রাহ্মণ বগ্গো। [ ২৬শ ]

৩৮৩। ছিন্দ সোতং পরক্কম্ম কামে পনুদ ব্রাহ্মণ।
সংখারানং খয়ং ঞত্বা অকতঞ্ঞূসি ব্রাহ্মণ ।১।

হে ব্রাহ্মণ, পরাক্রমের সহিত স্রোতে[১]র গতি রোধ কর, কামনা দূরীভূত কর ; সংস্কার সমূহের বিনাশ জ্ঞাত হইয়া তুমি অ-কৃতের[২] জ্ঞাতা হও।

৩৮৪। যদা দ্বয়েসু ধম্মেসু পারগূ হোতি ব্রাহ্মণো।
অথস্স সব্বে সংযোগা অত্থং গচ্ছন্তি জানতো ।২।

ব্রাহ্মণ যখন দ্বিবিধ, ধর্ম্মে সম্যক পারদর্শী হন, তখন তাঁহার সর্ব্ব বন্ধন ছিন্ন হইয়া যায়। [ দ্বিবিধ ধর্ম্ম—শমথ এবং বিপশ্যনা। ]

---

১। তৃষ্ণা-স্রোত। ২। অকৃত শব্দের অর্থ নির্ব্বাণ, যাহা কৃত হয় নাই।

৩৮৫। যস্‌স পারং অপারং বা পারাপারং ন বিজ্জতি।
বীতদ্দরং বিসংঞ্‌ঞুত্তং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।৩।

যাঁহার এই পার নাই, অপর পার নাই, উভয় পারই নাই, সেই ভয়হীন ও অনাসক্ত পুরুষকে আমি ব্রাহ্মণ কহিব।

[ এই পার—ছয় আধ্যাত্মিক আয়তন, যথা চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক, জিহ্বা, মন। অপর পার—ছয় বাহির আয়তন, যথা রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ ও ধর্ম্ম। যাঁহার উভয় পারই নাই—"এই সকলের ( উপর্যুক্ত আয়তন সমূহের ) প্রতি যাঁহার অহঙ্কার বা মমত্ব নাই।" ]

৩৮৬। ঝায়িং বিরজমাসীনং কতকিচ্চং অনাসবং।
উত্তমত্থং অনুপ্পত্তং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।৪।

যিনি ধ্যায়ী, বিরজ, স্থিত, সম্পন্নকর্ত্তব্য, অনাস্রব এবং উত্তমার্থ-প্রাপ্ত, আমি তাঁহাকেই ব্রাহ্মণ কহিব।

৩৮৭। দিবা তপতি আদিচ্চো রত্তিং আভাতি চন্দিমা।
সংনদ্ধো খত্তিয়ো তপতি ঝায়ী তপতি ব্রাহ্‌মণো।
অথ সব্বমহোরত্তং বুদ্ধো তপতি তেজসা ।৫।

দিবসে সূর্য্য ও রাত্রিকালে চন্দ্র দীপ্তিমান হয়; যোদ্ধা বর্ম্ম পরিহিত হইয়া এবং ব্রাহ্মণ ধ্যায়ী হইয়া দীপ্তিমান হয়, কিন্তু বুদ্ধ দিবারাত্রি সর্ব্বক্ষণ স্বীয় তেজদ্বারা প্রদীপ্ত।

৩৮৮। বাহিতপাপো তি ব্রাহ্‌মণো
সমচরিয়া সমণোতি বুচ্চতি।
পব্বাজয়মত্তনো মলং
তস্মা পব্বজিতো তি বুচ্চতি ।৬।

যিনি বাহিতপাপ তিনি ব্রাহ্মণ উক্ত হন, যিনি শমচর্য্যা সম্পন্ন তিনি শ্রমণ কথিত হন ; স্বীয় অশুদ্ধি দূরীভূতকারী প্রব্রজিত উক্ত হন।

৩৮৯। ন ব্রাহ্মণস্স পহরেয্য নাস্স মুঞ্চেথ ব্রাহ্মণো।
ধী ব্রাহ্মণস্স হন্তারং ততো ধী যস্স মুঞ্চতি ।৭।

ব্রাহ্মণের অনিষ্ট করিও না, ব্রাহ্মণও অনিষ্টকারীর প্রতি বৈরী-ভাবাপন্ন হইবেন না ; যে ব্রাহ্মণের হন্তা তাহাকে ধিক্, ততোধিক ধিক্—যে অনিষ্টকারীর প্রতি বৈরীভাবাপন্ন হয় তাহাকে।

৩৯০। ন ব্রাহ্মণস্সেতদকিংচি সেয্যো
যদা নিসেধো মনসো পিয়েহি।
যতো যতো হিংসমনো নিবত্ততি
ততো ততো সম্মতিমেব দুক্খং ।৮।

যদি ব্রাহ্মণ প্রিয়বস্তু হইতে মনকে নিবৃত্ত করিতে পারেন, উহা তাঁহার স্বল্প লাভ নহে। যে যে স্থানে হিংসা হইতে মন নিবৃত্ত হয়, সেই সেই স্থানে দুঃখও শান্ত হয়।

৩৯১। যস্স কায়েন বাচায় মনসা নত্থি দুক্কতং।
সংবুতং তীহি ঠানেহি তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৯।

যাঁহার কায়, বাক্য এবং মনের দ্বারা কৃত পাপ নাই, যিনি এই ত্রিবিধ স্থানে সংযত, তাঁহাকে আমি ব্রাহ্মণ কহিব।

৩৯২। যম্হা ধম্মং বিজানেয্য সম্মাসম্বুদ্ধদেসিতং।
সক্কচ্চং তং নমস্সেয্য অগ্গিহুত্তং ব ব্রাহ্মণো ।১০।

সম্যক সম্বুদ্ধ কর্ত্তৃক উপদিষ্ট ধর্ম্ম যাঁহার নিকট হইতে জ্ঞাত হওয়া যায়, ব্রাহ্মণ যেরূপ অগ্নিহোত্রকে প্রণাম করে সেইরূপ তাঁহাকেও ভক্তিভরে প্রণাম করিবে।

৩৯৩। ন জটাহি ন গোত্তেন ন জচ্চা হোতি ব্রাহ্মণো।
যম্হি সচ্চং চ ধম্মো চ সো সুখী সো চ ব্রাহ্মণো।১১।

জটা, গোত্র অথবা জাতি দ্বারা কেহ ব্রাহ্মণ হয় না, কিন্তু যাঁহাতে সত্য ও ধর্ম্ম বিদ্যমান, তিনিই সুখী এবং তিনিই ব্রাহ্মণ।

৩৯৪। কিং তে জটাহি দুম্মেধ কিং তে অজিনসাটিয়া।
অব্ভন্তরং তে গহনং বাহিরং পরিমজ্জসি।১২।

হে নির্ব্বোধ, তোমার জটা, তোমার অজিনবাস কি করিবে? তোমার অভ্যন্তর গহন, তুমি, বাহির পরিমার্জ্জিত করিতেছ।

৩৯৫। পংসুকূলধরং জন্তুং কিসং ধমনিসংথতং।
একং বনস্মিং ঝায়ন্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং।১৩।

পাংশু কুল পরিহিত, কৃশ ধমনীপরিবৃতগাত্র, একাকী বনে ধ্যান-নিরত পুরুষকে আমি ব্রাহ্মণ কহি।

৩৯৬। ন চাহং ব্রাহ্মণং ব্রূমি যোনিজং মত্তিসংভবং।
ভোবাদী নাম সো হোতি সচে হোতি সকিঞ্চনো।
অকিঞ্চনং অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্মণং।১৪।

জাতির জন্য কিম্বা মাতৃবিশেষের গর্ভে উৎপত্তির জন্য আমি কাহাকেও ব্রাহ্মণ স্বীকার করি না; সে ভোবাদী[১] হইতে পারে, সে

১। জাতিগর্ব্বিত ব্রাহ্মণ, যিনি প্রকৃত ব্রাহ্মণের গুণ সম্পন্ন নহেন। যে অপরকে 'ভো' শব্দের দ্বারা সম্বোধন করে সে ভোবাদী।

ধনীও হইতে পারে, কিন্তু যিনি অকিঞ্চন্, যিনি অনাসক্ত, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৩৯৭। সব্বসংযোজনং ছেত্বা যো বে ন পরিতস্সতি।
সঙ্গাতিগং বিসংযুত্তং তমযং ব্রূমি ব্রাহ্মণং ।১৫।

যিনি সর্ব্ব সংযোজন ছিন্ন করিয়া ত্রাসহীন হইয়াছেন, সেই আসক্তি-শূন্য মুক্ত পুরুষকেই আমি ব্রাহ্মণ কহিব।

৩৯৮। ছেত্বা নন্দিং বরত্তং চ সংদানং সহনুক্কমং।
উক্খিত্তপলিঘং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৬।

যিনি বন্ধনী[১] ও রজ্জু[১] এবং তৎসম্পর্কিত[১] সমুদয়[১] ছিন্ন করিয়া সকল বাধার ধ্বংস করিয়াছেন, যিনি বুদ্ধ, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৩৯৯। অক্কোসং বধবন্ধং চ অদুট্ঠো যো তিতিক্খতি।
খন্তীবলং বলানীকং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৭।

স্বয়ং নির্দ্দোষ হইয়া যিনি দুর্ব্বাক্য, বধ ও বন্ধন সহ্য করিতে প্রস্তুত, ক্ষান্তিবলই যাঁহার সেনা, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০০। অক্কোধনং বতবন্তং সীলবন্তং অনুস্সুতং।
দন্তং অন্তিমসারীরং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।১৮।

---

১। দ্বেষ, আসক্তি এবং মিথ্যা দৃষ্টি সমূহ সূচিত হইয়াছে।

যিনি ক্রোধহীন, ব্রতবান, শীলবান, তৃষ্ণারহিত, সংযত, সর্ব্বশেষ দেহধারী, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০১। বারি পোক্‌খরপত্তে ব আরগ্‌গেরিব সাসপো।
যো ন লিম্পতি কামেসু তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।১৯।

যিনি পদ্মপত্রে বারিবিন্দুর ন্যায়, অথবা সূচ্যগ্রেস্থিত সর্ষপবীজের ন্যায়, ইন্দ্রিয় সুখে লিপ্ত হন না, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০২। যো দুক্‌খস্‌স পজানাতি ইধেব খয়মত্তনো।
পন্নভারং বিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।২০।

যিনি এই জগতেই স্বীয় দুঃখের অন্ত অবগত হইয়াছেন, সেই ভারমুক্ত বিসংযুক্ত পুরুষকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০৩। গম্ভীরপঞ্‌ঞং মেধাবিং মগ্‌গামগ্‌গস্‌স কোবিদং।
উত্তমত্থং অনুপ্পত্তং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।২১।

যিনি গভীর প্রজ্ঞাশালী, মেধাবী, মার্গ ও অমার্গ যাঁহার জ্ঞাত, যিনি উত্তমার্থ প্রাপ্ত, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০৪। অসংসট্‌ঠং গহট্‌ঠেহি অনাগারেহি চূভয়ং।
অনোকসারিং অপ্পিচ্ছং তমহং ব্রূমি ব্রাম্‌হণং ।২২।

যিনি গৃহস্থ ও গৃহহীন উভয়েরই সহিত অসংসৃষ্ট, যিনি অনালয়-চারী এবং স্বল্পাভাব বিশিষ্ট, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০৫। নিধায় দণ্ডং ভূতেসু তসেসু থাবরেসু চ।
যো ন হন্তি ন ঘাতেতি তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।২৩।

যিনি দুর্ব্বল ও সবল উভয়বিধ প্রাণীর প্রতিই অহিংস, যিনি প্রাণবধে বিরত, যিনি কাহাকেও আঘাত করেন না, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০৬। অবিরুদ্ধং বিরুদ্ধেসু অত্তদণ্ডেসু নিব্বুতং।
সাদানেসু অনাদানং তমহং ব্রুমি ব্রাহ্মণং ।২৪।

যিনি বিরুদ্ধাচারীর প্রতি অবিরুদ্ধভাব সম্পন্ন, দুর্বৃত্তদিগের প্রতি শান্ত, আসক্তদিগের মধ্যে অনাসক্ত, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব

৪০৭। যস্স রাগো চ দোসো চ মানো মক্খো চ পাতিতো।
সাসপোরিব আরগ্গা তমহং ব্রুমি ব্রাহ্মণং ।২৫।

সূচ্যগ্র হইতে সর্ষপের ন্যায় যাঁহার রাগ, দোষ, মান, কপটতা পতিত হইয়াছে, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০৮। অকক্কসং বিঞ্ঞাপনিং গিরং সচ্চং উদীরয়ে।
যায় নাভিসজে কিং চি তমহং ব্রুমি ব্রাহ্মণং ।২৬।

যে বাক্য অকর্কশ উপদেশপূর্ণ, যাহা সত্য, যদ্দ্বারা কেহ রোষাবিষ্ট হয় না, ঐরূপ বাক্যের কথনকারীকে আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪০৯। যোধ দীঘং বা রস্সং বা অণুং থূলং সুভাসুভং।
লোকে অদিন্নং নাদিয়তি তমহং ব্রুমি ব্রাহ্মণং ।২৭।

দীর্ঘ হ্রস্ব, সূক্ষ্ম, স্থূল, শুভাশুভ অভেদে যিনি এই জগতে অদত্তের গ্রহণ করেন না, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১০। আসা যস্স ন বিজ্জন্তি অস্মিং লোকে পরহ্মি চ।
নিরাসয়ং বিসংযুত্তং তমহং ব্রুমি ব্রাহ্মণং ।২৮।

এই জগতের কিম্বা পরজগতের নিমিত্ত যিনি তৃষ্ণারহিত, যিনি বাসনামুক্ত ও বিসংযুক্ত, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১১। যস্সালয়া ন বিজ্জন্তি অঞ্ঞায় অকথংকথী।
অমতোগধং অনুপ্পত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং।২৯।

যাঁহার বাসনা নাই, জ্ঞানদৃষ্টি দ্বারা যিনি সংশয়মুক্ত হইয়াছেন, যিনি অমৃতে অবগাহন করিয়াছেন, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১২। যোধ পুঞ্ঞঞ্চ পাপঞ্চ উভো সঙ্গং উপচ্চগা।
অসোকং বিরজং সুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩০।

যিনি এই জগতে পুণ্য ও পাপ উভয়বিধ বন্ধনই অতিক্রম করিয়াছেন, যিনি অশোক, বিরজ এবং শুদ্ধ, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৩। চন্দং ব বিমলং সুদ্ধং বিপ্পসন্নমনাবিলং।
নন্দীভবপরিক্খীণং তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩১।

যিনি চন্দ্রের ন্যায় বিমল, শুদ্ধ, স্বচ্ছ, অনাবিল, ভোগানন্দ পরিহারী তাঁহাকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৪। যো ইমং পলিপথং দুগ্গং সংসারং মোহমচ্চগা।
তিণ্ণো পারগতো ঝায়ী অনেজো অকথংকথী।
অনুপাদায় নিব্বুতো তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩২।

যিনি এই পঙ্কিল, দুর্গম সংসার ও মোহ অতিক্রম করিয়াছেন, যিনি উত্তীর্ণ ও পরপারে উপনীত হইয়াছেন, যিনি ধ্যানরত, তৃষ্ণামুক্ত, সংশয়মুক্ত, অনাসক্ত ও শান্ত, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৫। যোধ কামে পহত্বান অনাগারো পরিব্বজে।
কামভবপরিক্খীণং তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩৩।

যিনি এই জগতে ভোগ বর্জ্জন পূর্ব্বক গৃহহীন হইয়া ভ্রমণ করেন, কামভবপরিহারী তাঁহাকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৬। যোধ তণ্‌হং পহত্বান অনাগারো পরিব্বজে।
তণ্‌হাভবপরিক্‌খীণং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং।৩৪।

যিনি এই জগতে তৃষ্ণা বর্জ্জন পূর্ব্বক গৃহহীন হইয়া ভ্রমণ করেন, তৃষ্ণাপরিহারী তাঁহাকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৭। হিত্বা মানুসকং যোগং দিব্বং যোগং উপচ্চগা।
সব্বযোগবিসংযুত্তং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং।৩৫।

যিনি মানুষী আসক্তি পরিত্যাগ পূর্ব্বক দিব্য আসক্তি অতিক্রম করিয়াছেন, সর্ব্বাসক্তি বিবর্জ্জিত তাঁহাকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৮। হিত্বা রতিং চ অরতিং চ সীতিভূতং নিরূপধিং।
সব্বলোকাভিভুং বীরং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং।৩৬।

যিনি রতি ও অরতি পরিহার পূর্ব্বক উপাধিহীন হইয়াছেন, সর্ব্বলোকাধিপতি সেই বীরকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪১৯। চুতিং যো বেদি সত্তানং উপপত্তিং চ সব্বসো।
অসত্তং সুগতং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং।৩৭।

প্রাণীগণের লয় এবং উৎপত্তি যিনি সম্পূর্ণরূপে জ্ঞাত, যিনি অনাসক্ত, সুগত, বুদ্ধ, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪২০। যস্‌স গতিং ন জানন্তি দেবা গন্ধব্বমানুসা।
খীনাসবং অরহন্তং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং।৩৮।

দেব, গন্ধর্ব্ব ও মনুষ্যগণের কেহই যাঁহার গতি অবগত নয়, সেই ক্ষীণাস্রব অরহন্তকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪২১। যস্‌স পুরে চ পচ্ছা চ মজ্ঝে চ নত্থি কিংচনং।
অকিংচনং অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।৩৯।

যাঁহার পূর্ব্বে, পশ্চাতে কিংবা মধ্যে কিছুই নাই, সেই অকিঞ্চন অনাসক্ত পুরুষকেই আমি ব্রাহ্মণ স্বীকার করিব।

৪২২। উসভং পবরং বীরং মহেসিং বিজিতাবিনং।
অনেজং নহাতকং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।৪০।

যিনি বৃষভ, প্রবর, বীর, মহর্ষি, বিজয়ী, বীততৃষ্ণ, স্নাতক, বুদ্ধ, আমি তাঁহাকেই ব্রাহ্মণ স্বীকার করিব।

৪২৩। পুব্বেনিবাসং যো বেদি সগ্‌গাপায়ং চ পস্‌সতি,
অথো জাতিক্‌খয়ং পত্তো অভিঞ্‌ঞাবোসিতো মুনি,
সব্ববোসিত বোসানাং তমহং ব্রূমি ব্রাহ্‌মণং ।৪১।

যে মুনি পূর্বনিবাস বিদিত আছেন, যিনি স্বর্গনরক প্রত্যক্ষ করেন, যিনি পুনর্জন্মের ক্ষয় প্রাপ্ত, যাঁহার অভিজ্ঞতা পূর্ণতাপ্রাপ্ত এবং যিনি সর্ববিধ পূর্ণতা প্রাপ্ত হইয়াছেন ,তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি।

ইতি ব্রাহ্মণবগ্‌গো ছব্বীসতীমো
ব্রাহ্মণবর্গ নামক ষষ্ঠবিংশতি বর্গ সমাপ্ত।

—০—